দুই শতাধিক
ইমাম ও দায়ীদের ফাত্ওয়া মতে
শরীয়াত পরীবর্তনকারী শাসকগণ মুরতাদ ও ত্বাগুত

শাইখ আবূ সুহাইব আবদুল আযীয্।

প্রকাশনায়ঃ
আদ্-দ্বীন পাবলিকেশন্স
৩৮/ক বাংলাবাজার ঢাকা ১১০০
web: www.esabahmedia.com

রচনায়ঃ
শাইখ আবূ সুহাইব আবদুল আযীয।

অনুবাদক
শাইখ সোলাইমান বিন আব্দুল্লাহ।

প্রকাশনায়ঃ
আদ্-দ্বীন পাবলিকেশন্স
৩৮/ক বাংলাবাজার ঢাকা ১১০০
web: www.esabahmedia.com

প্রথম প্রকাশ
আগষ্ট ২০১৩ ইং

কম্পিউটার কম্পোজ
মুফতি ইমতিয়াজ আহমদ
জি, গ্রাফ কম্পিউটার

গ্রাফিক্স
তওফিক আল-আজাদ

বিঃ দ্রঃ কোন রকম যোজন-বিয়োজন ব্যতীত সম্পূর্ণ ফ্রী বিতরণের জন্য কেউ ছাপাতে চাইলে প্রকাশনা কর্তৃপক্ষের সাতে যোগাযোগ করার জন্য অনুরোধ রইল।

মূল্যঃ ১০০ (একশত) টাকা মাত্র।

সূচীপত্র

প্রকাশকের কথা

সমস্ত প্রশংসা মহান আল্লাহ রব্বুল আলামীনের জন্য। রহমত ও পরিপূর্ণ শান্তি বর্ষিত হোক হযরত মুহাম্মাদ (সাঃ) এর উপর। যিনি ছিলেন সর্বকালের, সর্বযুগের সর্বশ্রেষ্ট মহামানব ও সর্বশ্রেষ্ট সমরবিদ। অফুরন্ত শান্তি বর্ষিত হোক তার পরিবার পরিজন, আত্নীয়-স্বজন ও সাহাবাগণের উপর এবং সমস্ত উম্মাহ এর উপর।

বান্দার ইবাদাত, মোয়ামেলাত ও জীবনের সকল ক্ষেত্রে আইন ও বিধান রচনার অধিকার একমাত্র আল্লাহর যিনি মানুষের প্রভু ও সৃষ্টি জগতের সৃষ্টিকর্তা। এছাড়া বিবাদ-বিসম্বাদ মিমাংসাকারী ও ঝগড়া-ঝাটি নিস্পত্তিকারী আইন প্রণয়নের অধিকার ও একমাত্র তাঁরই।

কোন আইন বান্দাদের জন্য উপযোগী, তা তিনিই জানেন। কিন্তু বর্তমানের শাসকগণ আল্লাহর শরীয়াতকে পরিবর্তন করেছে। তারা সূদ, যিনাকে হালাল করেছে, অথচ শরীয়াত প্রণেতা তা হারাম করেছেন। নিশ্চয় শরীয়াত পরীবর্তন করা আসমান ও যমীনে এর রবকে অস্বীকার করাকে বলে। ‘পরির্বতন’ দ্বারা উদ্দেশ্য হলো, আল্লাহ তা’আলা যা কিছু হালাল করেছেন, তা হারাম অভিহিত করা, অথবা আল্লাহ যা হারাম করেছেন তা হালাল আখ্যায়িত করা। কেননা হালাল তো ওটা হবে যা আল্লাহ হালাল করেছেন, এবং হারামও ওটা হবে যা আল্লাহ তা’আলা হারাম ঘোষণা করেছেন। সূতরাং সৃষ্টি যেমন তারই অধিকার, তদ্রূপ নির্দেশ প্রদান শুধু তারই কর্তৃত্বে থাকবে, (সূরা-আরাফ,৫৪)। নিশ্চয় আইন রচনা করা হচ্ছে-প্রভুত্বের বৈশিষ্ট সমূহের অন্যতম বৈশিষ্ট। যে ব্যক্তি নিজের জন্য অথবা অন্যের জন্য উক্ত অধিকার মঞ্জুর করবে, সে তো নিজেকে অথবা অন্যকে আল্লাহ রব্বুল আলামীনের সমকক্ষ স্থির করল।

মানব রচিত আইনকে বিচারক বানানো এবং এর নিকট বিচার নিয়ে যাওয়া, নিঃসন্ধেহে যে ব্যক্তি এমন কাজ করবে, সে এই আইনপ্রণেতার গোলামী করল এবং উক্ত আইন যারা অনুসরন করবে এবং আনুগত্য করবে, তবে ঐ আইন প্রণেতা আল্লাহর পরিবর্তে তাদেরকে নিজের দাসে পরিণত করল। এটা সকলের জানা কথা- যে ব্যক্তি কবিরা গুণাহে লিপ্ত হবে, যেমনঃ সুদ হারাম বিশ্বাস করা সত্বেও তা ভক্ষণ করবে এবং যে ব্যক্তি এমন আইন প্রণয়ন করল যার দ্বারা এসকল কবিরা গুণাহের কাজ গ্রহণ করা বৈধ্য হয়ে যায় এর মধ্যে স্পষ্ট পার্থক্য রয়েছে। অতএব যেমন কোন ব্যক্তি সুদের চর্চা করল অথচ সে এটা

হারাম বলে স্বীকার করে, তবে সে একটি কবিরা গুণাহে লিপ্ত হল। কিন্তু যে ব্যক্তি এমন আইন রচনা করল, যা সুদকে বৈধ করল, তবে সে কাফির, মুরতাদ।

শরীয়াত পরিবর্তনকারী কাফির শাসক এর সাথে যুদ্ধ করতে হবে; যে তাকে রক্ষা করবে তার সাথে যুদ্ধ করতে হবে; এবং যে দল তাকে রক্ষা করবে, তার আইন ও পদ্ধতির পৃষ্টপোষকতা করবে তাদের সঙ্গেও যুদ্ধ করতে হবে।

বর্তমানে কিছু আলেমের পক্ষ থেকে (যারা ত্বগুতের খাদেম) আল্লাহর শরীয়াত পরিবর্তনকারী শাসকদের মুসলিম শাসক হিসেবে উপস্থাপন করা হচ্ছে এবং এদের আনুগত্য করা ওয়াজিব বলে প্রচার করা হচ্ছে অথচ এ সমস্ত শাসকগণ, আল্লাহর শরীয়াতকে পরিবর্তন করেছে, ইয়াহুদী, খ্রীষ্টান ও অন্যান্য কাফিরদের সাথে বন্ধুত্ব রেখেছে। আল্লাহর দিকে আহ্বানকারীদের সাথে দুশমনী অব্যাহত রেখেছে। নারী নেতৃত্ব হালাল করেছে। তারপরেও এ শাসকগণ কিভাবে মুসলিম শাসক হাতে পারে? মূলত এ আক্বিদা আহলুস-সুন্নাহ ওয়াল জামায়াহ এর আক্বিদা নয়। বরং এ আক্বিদা হচ্ছে পথভ্রষ্ট মুর্জিয়া ও জাহমিয়াদের। যা সত্বর দলীল ভিত্তিক জানতে পারবেন (ইনশাআল্লাহ)।

সম্মানিত **শাইখ আবু সুহাইব ইবনে আঃ আযীয এর "দুই শতাধিক ইমাম ও দায়ীদের ফাত্‌ওয়া"** বইটিতে তিনি ত্বাগুতের পরিচয় তুলে ধরেছেন, এবং আল্লাহর শরীয়াত পরিবর্তনকারী শাসকগণ মুরতাদ ও ত্বাগুত, এ বিষয়ে দুইশত এর অধিক ইমাম ও দায়ীদের ফাত্‌ওয়া, এবং মুর্জিয়াদের সংশয় নিরসন সংকলন করেছেন। আল্লাহ তাঁকে এই পরিশ্রমের (ইহকাল ও পরকালে) উত্তম প্রতিদান প্রদান করুন।

বইটির সুন্দর সাবলিল ও সরল ভাষায় আরবী হতে বঙ্গানুবাদ করেছেন **"শাইখ সোলাইমান বিন আব্দুল্লাহ"** আল্লাহ তাঁকে এর উত্তম বিনিময় দান করুন। এছাড়াও যারা বিভিন্নভাবে বইটি প্রকাশে সহযোগিতা করেছেন আল্লাহ তাদেরকেও উত্তম প্রতিদান প্রদান করুন।

বইটি পাঠ করে যদি মুসলিম সমাজে "আল্লাহর শারীয়াত পরিবর্তনকারী শাসক মুরতাদ ও ত্বাগুত" এ পরিচয় জ্ঞাত হয় এবং ত্বাগুত ও মুরতাদদের উৎখাতে জিহাদের অনুপ্রেরণা সঞ্চার হয়, তবে আমাদের প্রচেষ্টাকে স্বার্থক বলে মনে করব। আমরা এ বইখানা ত্রুটিমুক্ত করার চেষ্টা করেছি তারপরও যদি কোন স্থানে কোন ভূল পরিলক্ষিত হয়, তবে অবগত করলে পরবর্তী সংস্করণে সংশোধনে প্রয়াস পাব এবং চিরদিন কৃতজ্ঞতাপার্শ্বে আবদ্ধ থাকব (ইনশা'আল্লাহ)।

হে আল্লাহ! এই গ্রন্থটিকে কবুল কর এবং একে নাজাতের উছিলা বানাও। আমীন!

বিনীত প্রকাশক

ভূমিকা

اِنَّ الْحَمْدَ للهِ نَحْمَدُه، وَنَسْتَعِيْنُه، وَنَسْتَغْفِرُه، وَنِعُوْذُبِاللهِ مِنْ شُرُوْرِ اَنْفُسِنَا وَمِنْ سَيِّأٰتِ اَعْمَالِنَا مَنْ يَّهْدِهِ اللهُ فَلاَ مُضِلَّ لَه، وَمَنْ يُّضْلِلْ فَلاَ هَدِيَ لَه، وَاَشْهَدُ اَنْ لاَاِلاَهَ اِلاَّاللهُ وَحْدَه، لاَشَرِيْكَ لَه، وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُه، وَرَسُوْلُه، قَالَ اللهُ تَعَالَي: يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُّسْلِمُونَ﴿٣:١٠٢﴾ وَقَالَ سُبْحَانَهُ: يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ الَّذِي خَلَقَكُم مِّن نَّفْسٍ وَاحِدَةٍ وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَاءً وَاتَّقُوا اللَّهَ الَّذِي تَسَاءَلُونَ بِهِ وَالْأَرْحَامَ إِنَّ اللَّهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا﴿٤:١﴾ وَقَالَ جَلَّ جَلَالُهُ: يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَقُولُوا قَوْلًا سَدِيدًا﴿٣٣:٧٠﴾ يُصْلِحْ لَكُمْ أَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَمَن يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيمًا﴿٣٣:٧١﴾

امَّا بَعْدُ:

ইসলাম ও ইসলামী জামায়াতের বহু সংখ্যক আলিম শরীয়াত পরিবর্তনকারী শাসক ও বিচারকদের 'কাফির' হওয়া সম্পর্কে সুস্পষ্ট বর্ণনা করেছেন, বিভিন্ন কারণে তাদের মুরতাদ হওয়ার বিশ্লেষণ করেছেন এবং এই বিষয়টির বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন। দুঃখজনক হলেও সত্য সাধারণ মুসলমান নয়; বরং ইসলামের বিশেষ বিশেষ ব্যক্তিবর্গ যাদের নিকট থেকে লোকদের মধ্যে ফতুয়া প্রকাশ পায় এমন আলিমগণও এ সকল শাসক ও বিচারকের ইসলামী বিধান সম্পর্কে সর্বদা অজ্ঞতার সাগরে নিমজ্জিত রয়েছেন।

এমনকি বিদ্যাহীন এসকল প্রবক্তার অনেকের সাথে আমি আলোচনা করেছি, অতঃপর তাদের অধিকাংশকে এ সকল শাসনকর্তা ও বিচারকদের ক্ষেত্রে মুরজিয়া মাজহাব গ্রহণ করতে দেখেছি। এবং তারা বিশ্বাস করেন এটিই হচ্ছে 'আহলে সুন্নাত ওয়াল জামায়াতের মাজহাব'। তাদের কেউ কেউ মনে করেন, বর্তমান কালে মুসলিম বিশ্বের দুইজন আলেম ব্যক্তি অন্য কেউ এ সকল শাসকদেরকে 'কাফির' বলেননি। তাঁরা হলেনঃ (১) শায়খ ডঃ উমার আবদুর রহমান, আল্লাহ তায়ালা তাঁকে আমেরিকার জেলখানা থেকে মুক্ত করুন। (২) শায়খ ডঃ শহীদ (আমরা এমনটি মনে করি) আবদুল্লাহ আয্যাম

(রঃ)। অথবা কেউ মন্তব্য করেন, আর তারাই বর্তমানে উত্তম জাতী "এই বিষয়ে মতভেদ রয়েছে"।

অতএব উপরোল্লেখিত কারণে, এবং এই মা'সআলা সম্পর্কে আলিমদের উক্তি ও ফাত্ওয়া সমূহ বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকায় এটি আয়ত্ব করা কষ্টসাধ্য হওয়ার জন্য আমি এই প্রচুর প্রমাণ সম্বলিত ছোট্ট রিসালাকে সংকলণ করেছি। এই বিষয়ে মূল বক্তব্য হচ্ছে 'মুসলমানদেরকে ত্বাগুত সম্পর্কে পরিচয় করিয়ে দেয়া।' ঈমানের মূল দাবী হচ্ছে প্রত্যেক মু'মিনের ত্বাগুত- এর পরিচয় লাভ করা ওয়াজিব। কেননা এর দ্বারা সে ত্বাওয়াগীত (ত্বাগুত এর বহুবচন) থেকে বেঁচে থাকতে পারবে। কেননা ত্বাগুত থেকে বেঁচে থাকা ও তাকে অস্বীকার করা لَا إِلَهَ إِلَّا اللَّهُ (লা ইলাহা ইল্লাল্লাহ)- এর অন্যতম শর্ত। কেননা لَا إِلَهَ (লা ইলাহা) (কোন ইলাহ নাই) অর্থ আল্লাহ ব্যতীত যতগুলো ইলাহের ইবাদত করা হয় ঐ সকল বাতিল মাবূদকে অস্বীকার করা ওয়াজিব।

আল্লাহ তায়ালা বলেনঃ

فَمَن يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِن بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ

অর্থঃ যে ব্যক্তি ত্বাগুতকে অস্বীকার করবে এবং আল্লাহতে বিশ্বাস স্থাপন করবে, সে সুদৃঢ় হাতল ধারণ করে নিয়েছে। (সূরা বাকারাঃ ২৫৬)

উক্ত আয়াতে আল্লাহর প্রতি ঈমান আনয়নের পূর্বে ত্বাগুতকে অস্বীকার করতে বলা হয়েছে।

অতএব হে তাওহীদে বিশ্বাসী মুসলিম, ঐ কথার প্রতি লক্ষ্য রাখতে হবে। অতঃপর إِلَّا اللَّهُ ইল্লাল্লাহ (আল্লাহ ব্যতীত) এই বাক্যের দ্বারা ব্যক্তিগত বা সমষ্টিগত সকল আমলে একমাত্র আল্লাহর ইবাদত করতে বলা হয়েছে।

সুতরাং সলাত তারই জন্য, অনুরূপভাবে বিধান দেয়া ও আইন প্রণয়ন তারই অধিকার, মাসজিদ তারই, তদ্রূপ ফয়সালা তারই জন্য নির্দিষ্ট। সুতরাং আপনার সকল কর্মে আল্লাহ তায়ালাকে বিচারক নির্ধারণ করা আপনার উপর ওয়াজিব। এই বিষয়টি আক্বীদার গ্রন্থসমূহে বিস্তারিত আলোচিত হয়েছে। নবীন ও প্রবীন অনেক আলিম এই বিষয়টির ব্যাখ্যা দিয়েছেন। তাঁরা এই সম্পর্কে অনেক গ্রন্থ রচনা করেছেন এবং এগুলোর নাম করণ করেছেন 'কিতাবুল ঈমান'।

উপরোল্লেখিত সকল কারণে, সত্য অন্বেষণকারীদের সহজ করার লক্ষ্যে, 'ত্বালিবে ইলমের জন্য' সত্যের ব্যাখ্যা স্বরূপ, ফাতওয়া প্রদানকারী ব্যক্তিদের আলোর পথ দেখানোর মানসে, যারা মনে করেন, মহান দু'জন শায়খ অর্থাৎ উমর আবদুর রহমান ও আবদুল্লাহ আয্যাম ব্যতীত অন্য কেউ এসকল শাসকদের কাফির ফতুয়া প্রদান করেননি। আমি আহলে সুন্নাত ওয়াল জামায়াতের কিছু প্রবীন আলিম ও আহলে সুন্নাতের বর্তমানের কিছু আলিম ও দায়ীদের ফাত্ওয়া ও মন্তব্য সংকলন করেছি। এই রিসালার তত্ত্বউপাত্তগুলো বিভিন্ন গ্রন্থ, পত্র-পত্রিকা প্রবন্ধ ও ম্যাগাজিন হতে সংগ্রহ করেছি।

আমি এই রিসালাকে তিনটি অধ্যায়ে বিভক্ত করেছি। প্রথম অধ্যায়ে দু'টি অনুচ্ছেদ ও দ্বিতীয় অধ্যায়ে তিনটি অনুচ্ছেদ রয়েছে। আর তৃতীয় অধ্যায়ে মুর্জিয়া মাজহাবের কয়েকটি সংশয়ের প্রতিবাদ করা হয়েছে এবং সাথে সাথে শরীয়াত পরিবর্তনকারী শাসকদের বিরূদ্ধে সশস্ত্র যুদ্ধ করা ওয়াজিব- এর বিবরণ দেয়া হয়েছে।

প্রথম অধ্যায়ঃ শরীয়াত পরিবর্তনকারী শাসকদের মুরতাদ হওয়া সম্পর্কে আল্লাহর কিতাবের প্রমাণসমূহ।

প্রথম অনুচ্ছেদঃ বিচার ও মকদ্দমা সম্পর্কীয় কয়েকটি কুরআনের আয়াতের তাফসীর।

দ্বিতীয় অনুচ্ছেদঃ ত্বাগুতকে অস্বীকার করা ওয়াজিব।

দ্বিতীয় অধ্যায়ঃ মুরতাদ শাসকদের ক্ষেত্রে আহলে সুন্নাহ এর দায়ী ও শায়খদের ফাত্ওয়া ও মন্তব্যসমূহ।

প্রথম অনুচ্ছেদঃ আহলে সুন্নাহ ওয়াল জামায়াতের প্রবীন আলিমদের মন্তব্য ও ফাত্ওয়া সমূহ।

দ্বিতীয় অনুচ্ছেদঃ আহলে সুন্নাহ- এর বর্তমান সময়ের আলিমদের মতামত ও ফাত্ওয়া সমূহ।

তৃতীয় অনুচ্ছেদঃ প্রয়োগ ক্ষেত্রে নয় তত্ত্বগতভাবে মন্তব্য ও ফাত্ওয়া সমূহ।

তৃতীয় অধ্যায়ঃ মুর্জিয়া মাজহাবের কয়েকটি সংশয়ের প্রতিবাদ এবং শরীয়াত পরিবর্তনকারী শাসকদের বিরূদ্ধে সশস্ত্র যুদ্ধ করা ওয়াজিব- এর বিবরণ।

মুখবন্ধ

আমরা ঐ সকল শাসক যারা রহমান- এর শরীয়াতকে অন্য শরীয়াতে পরিবর্তন করে তাদের কাফির হওয়া প্রসঙ্গে অকাট্য বিধানের দ্বারা তাদের মুরতাদ হওয়ার প্রমাণ ও এই বিষয়ে মুসলিম জাতি ও তাদের ইমামদের ইজমা- এর বিষয়টি উল্লেখের পূর্বে সম্মানিত পাঠকদের নিকট এই মাসআলার গুরুত্ব সম্পর্কে পরিচয় করে দিতে চাই। তা হচ্ছে বান্দাদের মধ্যে বিধান দেয়ার অধিকার একমাত্র এক আল্লাহর জন্যই নির্দিষ্ট করা। কেননা তিনিই একমাত্র বিধান দাতা ও তিনিই শরীয়াত প্রণেতা। তিনি ব্যতীত অন্য কারো এই অধিকার নেই যে সে যে ব্যক্তিই হোক না কেন নিজের জন্য উক্ত অধিকার দাবী করবে।

অনুরূপভাবে আমরা সম্মানিত পাঠকদের জানিয়ে দিতে চাই যে, বর্তমান যুগের শাসকবৃন্দ শরীয়াত প্রণয়নের অধিকার আল্লাহর নিকট থেকে কিভাবে ছিনিয়ে নিয়েছে এবং তা নিজেদের জন্য দাবী করছে এবং যারা তাদের নিকট রব্বুল আলামীনের শরীয়াতকে সালিস মানার কথা বলেন তাদের সাথে যুদ্ধে লিপ্ত রয়েছে। আমরা এই অনুচ্ছেদটি 'যিলাল' গ্রন্থের রচয়িতা উসতাদ, সাইয়িদ কুতুব (রঃ) এর অমূল্য বাণী হতে চয়ন করেছি। তিনি তাদের ভ্রান্ত মতবাদ ও বাস্তব প্রেক্ষাপট সুন্দরভাবে আলোকপাত করেছেন।

তিনি বলেনঃ (আল্লাহ তাঁকে রহম করুণ!) 'এটি হচ্ছে বিধান দেয়া, শরীয়াত ও মকদ্দমার বিষয়। এর অন্তরালে রয়েছে প্রভুত্ব, তাওহীদ ও ঈমানের বিষয়। উক্ত বিষয়টি মুখ্য হওয়ার জন্যে এই প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর প্রদান করছেঃ বিধান প্রদান, শরীয়াত ও মকদ্দমা করা আল্লাহর দৃঢ় প্রতিজ্ঞা ও মজবূত বন্ধন অনুসারে হচ্ছে কি? বা আল্লাহর ঐ শরীয়াত অনুযায়ী হচ্ছে কি যাকে আসমানী দ্বীনের অনুসারীগণ ক্রমান্বয়ে হেফাজত করে আসছেন এবং যা রসূলগণের (আঃ) এবং ঐ সকল ব্যক্তি যারা তাদের পরে এই ক্ষমতার অধিকারী হয়েছেন তাদের উপর ফরজ করে দিয়েছেন? অথবা ঐ সকল বিষয় পরিবর্তনশীল কল্পনা ও বিভিন্ন কল্যান অনুযায়ী হবে যার কোন অনুমোদন আল্লাহর শরীয়াতে নাই।

এ কথাটি অন্যভাবে বলা যায় প্রভুত্ব, অভিভাবকত্ব ও সর্বময় ক্ষমতা, বিশ্বে ও মানব জীবনে আল্লাহর জন্যই নির্দিষ্ট হবে না এর প্রত্যেকটি বা কিছু কিছু বিষয় তার সৃষ্টির কোন ব্যক্তির অধিকারে থাকবে, যে মানুষের জন্য শরীয়াত প্রণয়ন করবে যার কোন অনুমোদন আল্লাহ দেননি?

আল্লাহ তায়ালা বলেনঃ اِنَّهُ هُوَاللّٰهُ لَاإِلٰهَ إِلَّاهُوَ

অর্থঃ (তিনি সেই আল্লাহ যিনি ব্যতীত কোন ইলাহ নেই)। তিনি লোকদের জন্য যে পন্থাসমূহ নির্ধারণ করেছেন, তা বান্দাদের তার প্রভুত্ব অনুযায়ী ও তাদের তার গোলামী মোতাবেক করেছেন। এবং তিনি তাদের নিকট এর উপর এবং এটা বাস্তবায়নের জন্য প্রতিশ্রুতি নিয়েছেন আর তা হচ্ছে এ বিশ্বে তাঁকেই বিচারক নির্ধারণ করা ওয়াজিব, তাঁর কাছেই লোকদের বিচার চাওয়া আবশ্যক এবং তদনুযায়ী নবীগণ ও পরবর্তী শাসক ও বিচারকদের ফয়সালা করা ওয়াজিব। এর প্রত্যেকটি বিষয়ের মাসআলা হচ্ছে- ঈমান অথবা কুফরির মাসআলা, ইসলাম বা জাহেলিয়াতের মাসআলা, শরীয়াত কিংবা খিয়াল-খুশির মাসআলা। এই বিষয়ে কোন মধ্যস্থতার অবকাশ নেই, সন্ধি বা আপোসের কোন সুযোগ নেই।

অতএব মু'মিন তারাই যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী বিচার ফয়সালা করে। বিন্দুমাত্রও এদিক ওদিক করে না এবং কোন পরিবর্তন সাধন করে না। কাফির, যালিম ও ফাসিক তারাই যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে বিচার ফয়সালা করে না।

সুতরাং শাসক ও বিচারকগণ যদি পূর্ণভাবে আল্লাহর শরীয়াতের উপর প্রতিষ্ঠিত থাকেন তখন তাঁরা ঈমানের বন্ধনে আবদ্ধ থাকবেন। নয়তো তাঁরা অন্য কোন শরীয়াতে কায়েম থাকবেন যার কোন অনুমোদন আল্লাহ দেননি, তাহলে তারা কাফির, যালিম ও ফাসিক হয়ে যাবেন। আর লোকেরা যদি তাদের প্রতিটি ক্রিয়াকর্মে শাসকবর্গ ও বিচারকদের নিকট থেকে আল্লাহর বিধান ও ফয়সালা গ্রহণ করে, তবে তারা মু'মিন থাকবে। নচেৎ তারা মু'মিন নয়। এই পথ ও ওটার মধ্যে মধ্যস্থতার কোন অবকাশ নেই। কেননা আল্লাহর শরীয়াতের নিকট আত্মসমর্পণ করার অর্থ হচ্ছে সর্বপ্রথম তার প্রভুত্ব, অভিভাবকত্ব, তত্ত্বাবধান ও ক্ষমতার প্রতি স্বীকৃতি প্রদান করা।

তদ্রূপ এই শরীয়াতের নিকট আত্মসমর্পণ না করা এবং জীবনের কোন ক্ষেত্রে অন্য শরীয়াত গ্রহণ করার অর্থ হচ্ছে সর্বাগ্রে আল্লাহর প্রভুত্ব, অভিভাবকত্ব, তত্ত্বাবধান ও ক্ষমতার প্রতি স্বীকৃতি প্রদান হতে হাত গুটিয়ে নেয়া। এক্ষেত্রে ঘোষণা ব্যতীত ক্রিয়াকর্মে বা মৌখিকভাবে আত্মসমর্পণ কিংবা প্রত্যাখ্যান, সমান গুরুত্ব বহন করে।

সুতরাং কোন মানুষের জন্য এই অধিকার নাই যে সে দাবী করবে মানব রচিত আইন আল্লাহর শরীয়াতের চেয়ে উত্তম বা সমপরিমান গুরুত্ব রাখে। তা মানব সম্প্রদায়ের যে ক্ষেত্র বা স্তরেই হোক না কেন। অতঃপর দাবী করে সে

আল্লাহর উপর ঈমান এনেছে এবং সে একজন মুসলিম। এও দাবী করে যে আইন প্রণেতাগণ মানব অবস্থা সম্পর্কে অধিক অবগত। তারা তাদের সার্বিক বিষয়ে আল্লাহর চেয়ে সুন্দর আইন রচনা করতে উপযোগী। আথবা তারা এটাও দাবী করে যে, মানুষের জীবনে এমন কিছু অবস্থা ও প্রয়োজন দেখা দেয় যে সম্পর্কে আল্লাহ অবগত নয়। তার কাজ শুধু শরীয়াত রচনা করা। অথবা তিনি ঐ সকল বিষযে জানেন ঠিকই কিন্তু তিনি এর কোন বিধান দেননি।

উল্লেখিত দাবীর সাথে ইসলাম ও ঈমানের দাবী নিরর্থক। যদিও সে মাঝে মধ্যে ইসলামের বুলি আওড়ায়। অতঃপর ইসলামই একমাত্র পথ, যাতে মানুষ মানুষের গোলামী করা থেকে মুক্তি পায়। ইসলাম ব্যতীত অন্য সকল মতাদর্শে মানুষ মানুষকে দাসে পরিণত করে এবং এক মানুষ অন্য মানুষের গোলামী করে। শুধুমাত্র ইসলামী মতাদর্শে মানুষকে বান্দার ইবাদত করা হতে বের করে লা-শরীক একমাত্র আল্লাহর গোলামী করতে বলে।

আমরা পূর্বে উল্লেখ করেছি, প্রভুত্বের প্রধান বৈশিষ্ট হচ্ছে, "শাসন ক্ষমতা"। অতএব যে ব্যক্তি লোকদের কোন সম্প্রদায়ের জন্য আইন রচনা করে, সে তাদের মাঝে প্রভুত্বের আসন করে নেয় এবং ঐ প্রভুত্বের বৈশিষ্টের সেবা গ্রহণ করে। সুতরাং তারা তার দাস, তারা আল্লাহর গোলাম নয়। তারা তার দ্বীনের অন্তর্ভুক্ত, আল্লাহর দ্বীনের অনুসারী নয়। জাহেলিয়াত শুধু ঐতিহাসিকতার স্তরেই সীমাবদ্ধ নয়। বরং এটি এমন একটি অবস্থা যার উপাদানসমূহ কোন বিধান বা পদ্ধতিতে মাঝে মধ্যে পাওয়া যায়। আর এই জাহেলিয়াতের কেন্দ্রস্থলে রয়েছে আল্লাহর পথ ও জীবন চলার জন্য তার শরীয়াত পরিত্যাগ করে বিধান দেয়া ও শরীয়াত প্রণয়নের ক্ষমতা কোন মানুষের ইচ্ছার নিকট ন্যস্ত করা। এ ক্ষেত্রে কোন ব্যক্তি, শ্রেণী, দল বা শ্রেষ্ঠ প্রজন্মেও ইচ্ছা বা খেয়াল-খুশির মধ্যে কোন পার্থক্য নেই।

সুতরাং ঐ সকল কল্পনাপ্রসূত আইন যতক্ষণ পর্যন্ত আল্লাহর শরীয়াতের নিকট প্রত্যাবর্তন না করে কোন সম্প্রদায়ের জন্য কোন ব্যক্তিকে শরীয়াত প্রণেতা নির্ধারণ করা হবে, তখনই তা জাহেলিয়াতে পরিণত হবে। কেননা তার খেয়াল-খুশিই আইন বলে বিবেচিত হবে, অথবা তার মতামত বা সিদ্ধান্তই আইনে পরিণত হবে। এগুলো শব্দগত পার্থক্য ছাড়া অন্য কিছু নয়। এবং গুটি কয়েক ব্যক্তি গোটা জাতির জন্য আইন রচনা করে। আর এটিই হচ্ছে জাহেলিয়াত। কেননা গুটি কয়েক ব্যক্তির স্বার্থই আইনে পরিণত হয়। অর্থাৎ পার্লামেন্টের অধিকাংশের মতামতই আইন বলে বিবেচিত হয়। এতে বর্ণনাগত পার্থক্য ব্যতীত অন্য কোন পার্থক্য নেই।

গোটা জাতির প্রতিনিধিগণ এবং সকল দলের প্রতিনিধিগণ নিজস্ব স্বার্থে লোকদের জন্য আইন রচনা করে, আর এটিই হচ্ছে জাহেলিয়াত। কেননা লোকদের কল্পনা যারা কোন সময় খেয়াল-খুশি ও কল্পনা থেকে শূণ্য থাকে না এবং লোকদের অজ্ঞতা কোন সময়ের জন্যও অজ্ঞতাশূণ্য নয়, এটিই আইন হয়ে যায়। অথবা কোন জনগোষ্ঠীর মতামতই আইন। এতে ভাষাগত পার্থক্য ব্যতীত অন্য কোন পার্থক্য নেই। এবং জাতির একটি গ্রুপ লোকদের জন্য আইন রচনা করে, আর এটিই হচ্ছে জাহেলিয়াত। কেননা তাদের জাতীয় লক্ষ্যই আইন। অথবা জাতীয় সংসদের মতামতই আইন বলে গণ্য হয়। এগুলো শব্দগত পার্থক্য ছাড়া অন্য কিছু নয়।

ব্যক্তি, দল, জাতি ও গোত্রের স্রষ্টা সকলের জন্য আইন রচনা করেন। আর এটা হচ্ছে আল্লাহর শরীয়াত বা আইন, যাতে কোন ব্যক্তি, দল, রাষ্ট্র ও কোন গোত্রের পক্ষপাতিত্ব থাকে না এবং কাউকে অবজ্ঞা করা হয় না। কেননা আল্লাহ সকলের রব, এবং তার নিকট সকলেই সমান। কেননা আল্লাহ তায়ালা সকলের বাস্তব অবস্থা ও সকলের কল্যাণ সম্পর্কে অবগত। তার নিকট তাদের কল্যাণ ও প্রয়োজনের প্রতি লক্ষ্য না রেখে অবহেলা করা বা বাড়াবাড়ির করার কোন অবকাশ নেই।

আল্লাহ ব্যতীত যে ব্যক্তি লোকদের জন্য আইন রচনা করে, তখন ঐ সব লোকেরা আইন প্রণেতার দাস হয়ে যায়। সে যে কেউ হোক না কেন। ব্যক্তি, দল, জাতি বা গোত্র হলেও তারা তার গোলাম হয়ে যাবে। আর আল্লাহ মানুষের জন্য আইন রচনা করেন। তখন তারা সকলেই স্বাধীন ও সমান। তারা আল্লাহ ব্যতীত অন্য কারো নিকট ললাট নোয়ায় না। তারা আল্লাহ ছাড়া অন্য কারো গোলামী করে না। এই জন্য মানব জীবনে ও প্রত্যেকটি ব্যাবস্থাপনায় এই বিষয়টির ভয়াবহতা প্রকট আকার ধারণ করেছে।

আল্লাহ বলেনঃ "যদি হক্ব তাদের খেয়াল-খুশির অনুসরণ করত, তবে আসমান, যমীন ও এতদুভয়ের মধ্যে যা কিছু আছে সবই ধ্বংস হয়ে যেত।" সুতরাং আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা না করার অর্থ হচ্ছে- ধ্বংস; ভ্রান্তি; আর অবশেষে ঈমানের বন্ধন ছিন্ন করে বের হয়ে যাওয়া। পবিত্র কুরআনের অকাট্য দলিল দ্বারা এটাই প্রমাণিত হয়।

(তাফসীর ফী যিলালিল কুরআন, ২য় খণ্ড, ৮৮৮-৮৯১পৃঃ)

শরীয়াত পরিবর্তনকারী শাসকবর্গ ও বিচারকদের কাফির হওয়া সংক্রান্ত বিষয়ে বিস্তারিত জানার জন্য, তাফসীর ফী যিলালিল কুরআন, সাইয়িদ কুত্বুব রচিত গ্রন্থ 'মায়ালিমু ফিত-তরীক ও নিম্নের গ্রন্থসমূহ দেখুন।'

* নাওয়াকিযুল ঈমান আল-ক্বওলিয়া ওয়াল-ফে'লিয়া।
লেখক, শায়খ আবদুল আজীজ আবদুল লতীফ।
* আল-ক্বওলুল ক্বা-তি ফীমান ইমতানায়া আনিশ-শারায়ি।
প্রকাশণায়, জামায়াতে ইসলামিয়া, মিসর।
* আল হাদী ইলা সাবিলির রশাদ।
লেখক, শায়খ আবদুল কাদির আবদুল আজীজ।
* মিল্লাতু ইবরাহীম। লেখক, শায়খ, আবূ মুহাম্মাদ আল মাকদিসী।
* আর রদ্দু আলাল আলবানী।
লেখক, শায়খ আবদুল মুন্য়িম আবূ হালীমা/আবূ বাছীর আশ-শামী।
* 'আত-তিবয়ান ফী আহাম্মি মাসায়িলিল কুফরি ওয়াল-ঈমান'
৩য় খণ্ড, লেখক, শায়খ আবূ আমর এবং হাস্সান আবদুল হাকীম।
*রুদূদ্ আলা-আবাতীল ওয়া শুবহাতি হাওলিল জিহাদ। আর-রদ্দু আলা কিতাবিত দুক্তূর আল বূত্বী।
লেখক, শায়খ আবদুল মালিক আল বার্রাক।
* ইমতাউন নযর ফির-রদ্দি আলা মুরজিয়াতিল আসর।
লেখক, শায়খ, আবূ মুহম্মাদ আল মাকদিসী।
* আল কাওয়াশিফুল জালিইয়া ফী কুফরিদ দাওলাতিস সঊদি।
লেখক, আবুল বারা' আন নায্দি।
* আত-তাজরিবাতুল জিহাদিইয়া ফী সূরিয়া।
লেখক, আবূ মুসআব আস সূরিও।
* ওয়াক্ফাত-মায়াশ শায়খ আল আলবানী হাওলা শরীত্ব (মিন-মিনহাজিল খাওয়ারিজ। লেখক, আবূ ইস্রা আল আসঊত্বী।
* ফাত্ওয়া খাত্বীরাহ আযীমাতুশ শান ফী-হুক্মিল খুতাবায়ি ওয়াল মাশায়িখ আল্লাযীনা দাখালূ ফী নুসরাতিন ওয়া তা'য়ীদিল মুবাদ্দিলীন লি-শারীয়াতির রহমান। রচনায়, শায়খ আবূ ক্বাতাদাহ্ আল ফিলিস্তিনী।
আরো জানতে হলে দেখুন!
* দাওরাতুল-ঈমান এবং কুফরুন-দূনা-কুফরিন।
লেখক, আবূ ক্বাতাদাহ্ আল ফিলিস্তিনী।
* আর রদ্দু আলা শরীত্বিন, আস সালাফিয়া বাইনাল ওয়ালাহ্ ওয়াল গালাহ্। লেখক, শায়খ, মুহাম্মদ সারুর।
এছাড়াও গ্রন্থপঞ্জীতে উল্লেখিত গ্রন্থসমূহ এবং ফাত্ওয়া ও মন্তব্য অধ্যায়ে পার্শ্বটীকায় লিখিত গ্রন্থসমূহ অধ্যায়ণ করুণ!

প্রথম অধ্যায়

শরীয়াত পরিবর্তনকারী শাসকদের মুরতাদ হওয়া সম্পর্কে আল্লাহর কিতাবের প্রমাণসমূহ

প্রথম অনুচ্ছেদ

'বিচার ও মকদ্দমা সম্পর্কীয় কয়েকটি কুরআনের আয়াতের তাফসীর'।

আহলে সুন্নহ- এর প্রবীণ আলিম ও তাদের পদাঙ্ক অনুসরণকারী বর্তমান যুগের আলিম ও দায়ীদের ফাত্ওয়া ও মতামতগুলো ধারাবাহিকভাবে আলোচনার পূর্বে আমরা কুরআনের কিছু আয়াত উল্লেখ করার প্রয়োজন মনে করছি যার মধ্যে 'যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী বিচার ফয়সালা করে না' তাদের কাফির হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে বর্ণিত হয়েছে। এই আয়াতগুলোই প্রবীণ ও নবীণ আলিমদের প্রধান অবলম্বন। এবং তারা তাদের ফাত্ওয়া ও মন্তব্য প্রদান করতে এগুলোর উপরই নির্ভর করেছেন।

আল্লাহ তায়ালা বলেনঃ

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ أُوتُوا نَصِيبًا مِّنَ الْكِتَابِ يُدْعَوْنَ إِلَىٰ كِتَابِ اللَّهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ ثُمَّ يَتَوَلَّىٰ فَرِيقٌ مِّنْهُمْ وَهُم مُّعْرِضُونَ

অর্থঃ তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি যাদেরকে কিতাবের একাংশ প্রদত্ত হয়েছে? তাদেরকে কিতাবের দিকে আহবান করা হচ্ছে- যেন এটা তাদের মধ্যে মীমাংসা করে; অতঃপর তাদের মধ্যে একদল তা অমান্য করে মুখ ফিরিয়ে নেয়। (সূরা আল-ইমরান ২৩)

উসতাদ, সাইয়িদ কুতুব (রঃ) এই আয়াতের তাফসীরে বলেন, এভাবে আল্লাহ তায়ালা আহলে কিতাবদের সম্পর্কে অবাক হয়ে যাচ্ছেন, যখন তাদের কেউ কেউ তাদের বিশ্বাসগত বিষয়ে এবং জীবনযাত্রার বিষয়ে আল্লাহর কিতাবের নিকট বিচার চাইতে অস্বীকার করেছিল। অতএব ঐ সকল লোকদের ক্ষেত্রে কি হবে যারা বলে আমরা মুসলিম। অতঃপর তারা তাদের জীবনের প্রতিটি ক্ষেত্র থেকে আল্লাহর শরীয়াতকে বিতাড়িত করে। এরপরেও তারা সর্বদা দাবী করে আমরা মুসলিম?

এটি একটি দৃষ্টান্ত, যা আল্লাহ তায়ালা মুসলিমদের জন্যও বর্ণনা করছেন, যেন তারা দ্বীনের প্রকৃত অবস্থা ও ইসলামের প্রকৃতি সম্পর্কে অবগত হতে পারে এবং তারা আল্লাহকে অবাক করা ও তার নিন্দার ক্ষেত্রে পতিত হওয়া থেকে নিজেদের রক্ষা করতে পারে। অতএব, যখন এটা আহলে কিতাবদের অবস্থানের নিন্দা ও ঘৃণা প্রকাশ করা হয়েছে। তারা ইসলামের দাবীদার না হওয়া সত্ত্বেও যখন তাদের মধ্যে একদল লোক আল্লাহর

কিতাবের নিকট বিচার নিয়ে যেতে অস্বীকার করেছিল। তাহলে তারা (মুসলমান) যখন অনুরূপ অস্বীকার করবে তাদের প্রতি নিন্দা ও ঘৃণা প্রকাশের মাত্রা কিরূপ হতে পারে? এই বিস্ময় শেষ হওয়ার নয়, এই বিপদের মাত্রা নিরূপণ করা মুশকিল, অবশেষে এই ক্রোধ দুর্ভাগ্যের দিকে নিয়ে যাবে এবং আল্লাহর রহমত হতে দূরে নিক্ষেপ করবে। আমরা আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করছি। (তাফসীর ফী যিলালিল কুরআন ১ম খণ্ড, ৩৮২পৃঃ)

আল্লাহ তায়ালা বলেনঃ

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

অর্থঃ অতএব, তোমার রবের শপথ! তারা কখনও ঈমানদার হতে পারবে না, যে পর্যন্ত তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক না করে, তৎপর তুমি যে বিচার করবে তা দ্বিধাহীন অন্তরে গ্রহণ না করে এবং ওটা শান্তভাবে পরিগ্রহণ না করে। (সূরা নিসাঃ ৬৫)

হাফেজ, ইবনে কাসীর (রঃ) উক্ত আয়াতের তাফসীরে বলেনঃ আল্লাহ তায়ালা স্বীয় পবিত্র ও মর্যাদাপূর্ণ সত্তার শপথ করে বলেছেন, কোন ব্যক্তিই ঈমানদার হতে পারে না যে পর্যন্ত সমস্ত বিষয়ে রসূল (সাঃ)-কে বিচারক রূপে মেনে না নেবে। অতএব তিনি যা ফয়সালা করবেন তা সত্য ভেবে প্রকাশ্যে ও গোপনে তার নিকট আত্মসমর্পণ করা ওয়াজিব। অর্থাৎ, যখন তারা আপনাকে বিচারক নির্ধারণ করবে তখন তারা স্বীয় অন্তরেও আপনার আনুগত্য করবে। আপনি যা ফয়সালা করবেন সে ব্যাপারে তারা অন্তরে কোন দ্বিধা-দ্বন্দ রাখবে না। প্রকাশ্যে ও গোপনে তারা এর আনুগত্য করে যাবে এবং ওটা পরিপূর্ণ শান্তভাবে গ্রহণ করবে। এতে কোন বিরোধিতা, অসমর্থন বা বিতর্ক থাকবে না।

যেমন হাদীসে এসেছেঃ

وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ لَا يُؤْمِنُ اَحَدُكُمْ حَتَّي يَكُوْنَ هَوَاهُ تَبْعًا لِّمَا جِئتُ بِهِ

রসূলুল্লাহ (সাঃ) ঘোষণা করেনঃ যাঁর হাতে আমার প্রাণ রয়েছে তাঁর শপথ! তোমাদের মধ্যে কেউ মু'মিন হতে পারে না, যে পর্যন্ত না সে স্বীয় প্রবৃত্তিকে ঐ জিনিসের আনুগত্য করে যা আমি আনয়ন করেছি।

(তাফসীর কুরআনুল আযীম, ১ম খণ্ড, ৫৩২পৃঃ)

আমাদের বক্তব্য হচ্ছে, রসূল (সাঃ)-এর সাথে এই সকল মুরতাদ শাসক ও বিচারকদের বিতর্ক- এর থেকে অন্য কোন বড় বিবাদ রয়েছে কি? তারা তাঁর (সাঃ) এর সাথে রাজনীতি, লেনদেন, শাস্তি, হালাল করণ ও হারম করণ প্রত্যেকটি বিষয়ে ঝগড়ায় লিপ্ত রয়েছে। এমনকি তাদের ক্রিয়াকাণ্ড এতদূর গড়িয়েছে, তারা রসূল (সাঃ)-এর সহিত সালাতেও বিবাদে লিপ্ত রয়েছে। কেননা জুম্আর দু'টি খুতবা যা সালাতুয্ যুহ্র-এর দুই রাকআত-এর সমপরিমাণ ছওয়াব রাখে, রসূল (সাঃ) এটাকে মানুষকে কল্যাণের দিকে দিক-নির্দেশনার জন্য নির্ধারণ করেছেন।

অথচ বর্তমান শাসকগণ এই দু'টি খুতবাকে আল্লাহকে বাদ দিয়ে শুধু নিজেদের জন্য নির্ধারণ করে নিয়েছেন। তাঁরা খুতবায় খত্বীবদেরকে তাদের প্রশংসা ও গুণকীর্তন করা ফরজ করে দিয়েছেন। যদি কোন খত্বীব এই নির্দেশ অমান্য করেন তবে তাকে আর খুতবা দিতে দেয়া হয় না। বরং সম্ভবত তাঁর স্থান জেলখানায় হবে। যেমন ইতিপূর্বে অনেক সম্মানীত আলিম জেলখানায় বন্দী হয়েছেন। আল্লাহ তাদের মুক্ত করুণ!

ইমাম শাওকানী (রহঃ) বলেনঃ ইবনু জারীর (রহঃ) বলেন, فَلَا ফালা শব্দের দ্বারা পূর্বের আলোচনার প্রতিবাদ করা হয়েছে। এখানে এই কথাটি ঊহ্য রাখা হয়েছে- "তারা যেমন দাবী করছে যে, তারা আপনার প্রতি এবং পূর্বে যা কিছু অবতীর্ণ হয়েছে তার প্রতি ঈমান এনেছে বিষয়টি এরূপ নয়।"

অতঃপর ইমাম শাওকানী মন্তব্য করেনঃ "স্পষ্ট কথা হচ্ছে এই নির্দেশটি প্রত্যেক মকদ্দমা এবং প্রত্যেকটি বিচারের জন্য প্রযোজ্য।"

(ফাত্হুল কাদীর, ১ম খণ্ড, ৪৮৩পৃঃ)

শানে নুযুলঃ রসূল (সাঃ) যুবাইর ইবনে আওয়াম (রাঃ)- এর পক্ষ্যে পানি সেচ বিষয়ে রায় প্রদান করলে বদর যুদ্ধে অংশগ্রহণকারী একজন আনসারী সাহাবী এই রায় মানতে অস্বীকার করে, তখন এই আয়াতটি অবতীর্ণ হয়। ইমাম বুখারী ও ইমাম মুসলিম সহ অনেক ইমাম উক্ত ঘটনা স্বীয় গ্রন্থে উল্লেখ করেছেন।

যখন আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা বদর যুদ্ধে অংশগ্রহণকারী আনসারী সাহাবী সম্পর্কে আয়াত অবতীর্ণ করে ঘোষণা করলেন যে, তার ঈমান পূর্ণ হবে না যতক্ষণ না সে আল্লাহর রসূলের ফয়সালায় সন্তুষ্ট হয় এবং তার বিচার মেনে নেয়।

অতএব হে মুসলিম ভাই, ঐ সকল ধর্মনিরপেক্ষাতাবাদী শাসক ও বিচারকদের অবস্থা কিরূপ হবে, যারা আল্লাহর শরীয়াত ও আইনকে পরিবর্তন করে দিয়েছে, আল্লাহ যা কিছু হালাল করেছেন তা হারাম করেছে এবং তিনি যে সকল জিনিস হারাম করেছেন তা হালালা করে নিয়েছে। তারা এখানেই ক্ষান্ত নয়, বরং তারা আল্লাহর কিতাব ও তাঁর নবীর সুন্নাতের সাথে প্রকাশ্যে, দিবালোকে যুদ্ধ ঘোষণা করেছে। এবং যে সকল ব্যক্তি إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ বিধান দেয়ার ক্ষমতা একমাত্র আল্লাহর- এই বাণীর দিকে আহবান করে, তাদের প্রত্যেককে হত্যা করে ও কঠিন শাস্তি প্রদান করে। সাইয়িদ কুতুব ও অন্যান্য শহীদ বীরদেরকে অত্যাচারী জামাল আবদুল নাসির এর পক্ষ্য থেকে একটি মাত্র কারণেই ফাঁসি দেয়া হয়েছিল যে, তারা বলেছিলেন– إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ "বিধান দেওয়ার অধিকার একমাত্র আল্লাহর"।

✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽

আল্লাহ তায়ালা বলেনঃ

إِنَّا أَنزَلْنَا التَّوْرَاةَ فِيهَا هُدًى وَنُورٌ ۚ يَحْكُمُ بِهَا النَّبِيُّونَ الَّذِينَ أَسْلَمُوا لِلَّذِينَ هَادُوا وَالرَّبَّانِيُّونَ وَالْأَحْبَارُ بِمَا اسْتُحْفِظُوا مِن كِتَابِ اللَّهِ وَكَانُوا عَلَيْهِ شُهَدَاءَ ۚ فَلَا تَخْشَوُا النَّاسَ وَاخْشَوْنِ وَلَا تَشْتَرُوا بِآيَاتِي ثَمَنًا قَلِيلًا ۚ وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ ﴿٤٤﴾ وَكَتَبْنَا عَلَيْهِمْ فِيهَا أَنَّ النَّفْسَ بِالنَّفْسِ وَالْعَيْنَ بِالْعَيْنِ وَالْأَنفَ بِالْأَنفِ وَالْأُذُنَ بِالْأُذُنِ وَالسِّنَّ بِالسِّنِّ وَالْجُرُوحَ قِصَاصٌ ۚ فَمَن تَصَدَّقَ بِهِ فَهُوَ كَفَّارَةٌ لَّهُ ۚ وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴿٤٥﴾ وَقَفَّيْنَا عَلَىٰ آثَارِهِم بِعِيسَى ابْنِ مَرْيَمَ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرَاةِ ۖ وَآتَيْنَاهُ الْإِنجِيلَ فِيهِ هُدًى وَنُورٌ وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرَاةِ وَهُدًى وَمَوْعِظَةً لِّلْمُتَّقِينَ ﴿٤٦﴾ وَلْيَحْكُمْ أَهْلُ الْإِنجِيلِ بِمَا أَنزَلَ اللَّهُ فِيهِ ۚ وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ ﴿٤٧﴾ وَأَنزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتَابِ

وَمُهَيْمِنًا عَلَيْهِ ۖ فَاحْكُم بَيْنَهُم بِمَا أَنزَلَ اللَّهُ ۖ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ عَمَّا جَاءَكَ مِنَ الْحَقِّ ۚ لِكُلٍّ جَعَلْنَا مِنكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا ۚ وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً وَلَٰكِن لِّيَبْلُوَكُمْ فِي مَا آتَاكُمْ ۖ فَاسْتَبِقُوا الْخَيْرَاتِ ۚ إِلَى اللَّهِ مَرْجِعُكُمْ جَمِيعًا فَيُنَبِّئُكُم بِمَا كُنتُمْ فِيهِ تَخْتَلِفُونَ ﴿٤٨﴾ وَأَنِ احْكُم بَيْنَهُم بِمَا أَنزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ وَاحْذَرْهُمْ أَن يَفْتِنُوكَ عَن بَعْضِ مَا أَنزَلَ اللَّهُ إِلَيْكَ ۖ فَإِن تَوَلَّوْا فَاعْلَمْ أَنَّمَا يُرِيدُ اللَّهُ أَن يُصِيبَهُم بِبَعْضِ ذُنُوبِهِمْ ۗ وَإِنَّ كَثِيرًا مِّنَ النَّاسِ لَفَاسِقُونَ ﴿٤٩﴾ أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ ۚ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ ﴿٥٠﴾

অর্থঃ (৪৪) আমরা তাওরাত অবতীর্ণ করেছি। এতে হেদায়াত ও আলো রয়েছে। আল্লাহর অনুগত নবী, দরবেশ ও আলেমগণ এর মাধ্যমে ইয়াহুদীদেরকে ফয়সালা দিতেন। কেননা, তাদেরকে এ কিতাবুল্লাহর দেখা শোনা করার নির্দেশ দেয়া হয়েছিল এবং তারা তা স্বীকার করেছিল; অতএব, তোমরা মানুষকে ভয় করো না এবং আমাকে ভয় কর এবং আমার আয়াত সমূহের বিনিময়ে স্বল্পমূল্য গ্রহণ করো না। যেসব লোক আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করে না তারাই কাফির। (৪৫) আমি এ গ্রন্থে তাদের প্রতি ফরজ করেছি যে, প্রাণের বিনিময়ে প্রাণ, চক্ষুর বিনিময়ে চক্ষু, নাকের বিনিময়ে নাক, কানের বিনিময়ে কান, দাঁতের বিনিময়ে দাঁত এবং যখমসমূহের বিনিময়ে সমান যখম। অতএব যে ব্যক্তি তাকে ক্ষমা করে দেয় তবে এটা তার জন্যে (পাপের) কাফ্ফারা হয়ে যাবে; যেসব লোক আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করে না, তারাই জালিম। (৪৬) আমি তাদের পেছনে মরিয়ম তনয় ঈসাকে প্রেরণ করেছি। তিনি পূর্ববর্তী গ্রন্থ তাওরাতের সত্যায়নকারী ছিলেন। আমি তাকে ইঞ্জীল প্রদান করেছি। এতে হিদায়াত ও আলো রয়েছে। এটি পূর্ববর্তী গ্রন্থ তাওরাতের সত্যায়ন করে। এটি আল্লাহ ভীরুদের জন্যে হিদায়াত ও উপদেশবাণী। (৪৭) ইঞ্জীলের অধিকারীদের উচিত, আল্লাহ তাতে যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করা। যারা আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করে না, তারাই ফাসিক। (৪৮) আমি আপনার প্রতি অবতীর্ণ করেছি সত্যগ্রন্থ (কুরআন), যা পূর্ববর্তী গ্রন্থসমূহের সত্যায়নকারী এবং ঐ সব কিতাবের সংরক্ষক; অতএব,

আপনি তাদের পারস্পরিক ব্যাপারাদিতে আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করুন এবং আপনার কাছে যে সৎপথ এসেছে, তা ছেড়ে তাদের প্রবৃত্তির অনুসরণ করবেন না। আমি তোমাদের প্রত্যেককে একটি আইন ও পথ দিয়েছি। যদি আল্লাহ চাইতেন, তবে তোমাদের সবাইকে এক উম্মত করে দিতেন, কিন্তু এরূপ করেননি- যাতে তোমাদের যে ধর্ম দিয়েছেন, তাতে তোমাদের পরীক্ষা নেন। অতএব দৌড়ে কল্যাণকর বিষয়টি অর্জন কর। তোমাদের সবাইকে আল্লাহর কাছে প্রত্যাবর্তন করতে হবে। অতঃপর তিনি অবহিত করবেন সে বিষয়, যাতে তোমরা মতবিরোধ করতে। (৪৯) আর আমি আদেশ করছি যে, আপনি তাদের পারস্পরিক ব্যাপারে আল্লাহ যা নাযিল করেছেন, তদনুযায়ী ফয়সালা করুন; তাদের প্রবৃত্তির অনুসরণ করবেন না এবং তাদের থেকে সতর্ক থাকুন-যে তারা আপনাকে এমন কোন নির্দেশ থেকে বিচ্যুত না করে, যা আল্লাহ আপনার প্রতি অবতীর্ণ করেছেন। অনন্তর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে নিন, আল্লাহর ইচ্ছা এটাই যে, তাদেরকে কোন কোন পাপের দরুন শাস্তি প্রদান করবেন; আর বহু লোক তো নাফরমানই হয়ে থাকে। (৫০) তারা কি জাহেলিয়াত আমলের ফয়সালা কামনা করে? আল্লাহ অপেক্ষা বিশ্বাসীদের জন্যে উত্তম ফয়সালাকারী কে?

(সূরা মায়িদাহঃ ৪৪-৫০ নং আয়াত)

ইবনে কাসীর (রঃ) বলেনঃ বারা ইবনে আযিব, হুজাইফা ইবনুল ইয়ামান, ইবনে আব্বাস, ইবনে মিজলায, আবু রিজা আত্বারিদী, ইকরামা, উবাইদুল্লাহ ইবনে আবদুল্লাহ ও হাসান বসরী সহ অনেকেই বলেন, এই আয়াতগুলো আহলে কিতাবদের সম্পর্কে নাযিল হয়েছে। হাসান বসরী আরো বলেন, এটা আমাদের জন্য ওয়াজিব।

আমাদের বক্তব্য হচ্ছেঃ হাসান বাসরী (রঃ) সে যুগের বিচারক ও শাসকদের সতর্ক করে এই মন্তব্য করেছিলেন। অথচ বর্তমান যুগের মুরতাদ শাসক ও বিচারকদের বিপরীতে তারা আল্লাহর নাযিলকৃত বিধান দ্বারা বিচার ফয়সালা করতেন। এতদসত্ত্বেও তিনি তাদেরকে ইয়াহুদীদের ন্যায় উক্ত কর্মে লিপ্ত হওয়া থেকে সতর্ক করেছেন। যে জন্য তারা আল্লাহর এই শাস্তির উপযোগী হয়েছে। অতএব, আমাদের বর্তমান কালে যখন আল্লাহর আইনকে মানুষের আইন দ্বারা পরিবর্তন করা হয়েছে, এমতাবস্থায় তিনি বেঁচে থাকলে তাঁর মন্তব্য কিরূপ হতো?

অতঃপর ইবনু কাসীর (রঃ) বলেনঃ "আবদুর রায্যাক, সুফয়ান সাওরী থেকে তিনি মানসূর হতে, তিনি ইব্রাহীম হতে বর্ণনা করেন, এই আয়াতগুলো বাণী ইসরাঈলদের সম্বন্ধে অবতীর্ণ হয়েছে এবং আল্লাহ তায়ালা এই উম্মতের জন্যও এগুলো পছন্দ করেছেন।" তারপর তিনি বলেন, ইবনু জারীর বর্ণনা করেন,... আলকামা এবং মাসরুক হতে বর্ণিত আছে, তারা ইবনে মাসউদ (রাঃ) কে ঘুষ সম্পর্কে জিজ্ঞেস করলেন। তিনি উত্তরে বললেন, এটা হচ্ছে সুহ্ত (অবৈধ সম্পদ)। তারা পুনরায় বিচার ফয়সালার ব্যাপারে ঘুষ নেওয়া সম্পর্কে জিজ্ঞেস করলেন, তিনি উত্তরে বলেন, "এটা হচ্ছে কুফর"।

অতঃপর তিনি এই আয়াতটি তেলাওয়াত করেন–

وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ

অর্থঃ "যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না তারা কাফির।"

ইবনু কাসীর (রঃ) বলেনঃ সুদ্দী (রঃ) বর্ণনা করেছেন,

আল্লাহ তায়ালার বাণী- وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ

অর্থঃ "যে ব্যক্তি এই নির্দেশ ইচ্ছাকৃতভাবে ছেড়ে দিবে অথবা জেনেশুনে বাড়াবাড়ি করবে সে কাফির হয়ে যাবে।"

অতঃপর তিনি ইবনে জারীর থেকে, ইবনে জারীর শা'বী থেকে বর্ণনা করেন, তিনি বলেনঃ {فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ -তারাই কাফির} এটা মুসলিমদের ক্ষেত্রে প্রযোজ্য। (তাফসীর আল কুরআনুল আযীম, ২য় খণ্ড, ৬৩, ৬৪পৃঃ)

তারপর তিনি বলেনঃ আবূ হাতিম বলেন, আমাদেরকে আবু উবাইদা আন নাজী বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি হাকামকে বলতে শুনেছি– "যে ব্যক্তি আল্লাহর বিধান ব্যতীত অন্য কিছু দ্বারা ফয়সালা করল, সে জাহেলিয়াতের ফয়সালা করল।" অর্থাৎ, তার এই বিচার জাহেলিয়াতের বিচার হল। আর জাহেলিয়াতের বিচার করাই হচ্ছে কুফরী।

ইমাম শাওকানী অত্র আয়াতের তাফসীরে বলেনঃ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ "তারা কাফির।" مَن 'মান' শব্দটি ব্যাপক অর্থবোধক। অতএব, এটি বুঝাচ্ছে যে, এই নির্দেশ কোন নির্দিষ্ট জাতির জন্য সীমাবদ্ধ নয়। বরং প্রত্যেক বিচারকের জন্য প্রযোজ্য।

এ মতামত ব্যক্ত করা হয়েছে যে, এই আয়াতের নির্দেশ এমন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে, যে আল্লাহর নাযিলকৃত বিধানকে হালকা মনে করবে, বা অন্য কোন বিধান দ্বারা ফয়সালা করা হালাল মনে করবে অথবা অস্বীকার করে মানব রচিত বিধান দ্বারা ফয়সালা করবে। أُولَٰئِكَ শব্দ مَن শব্দের দিকে ইশারা করছে। এটা অর্থের দিক দিয়ে বহুবচন। অনুরূপভাবে هُمُ الْكَافِرُونَ - এর মধ্যে বহুবচন এর সর্বনাম রয়েছে। (ফাতহুল কাদির, ২য় খণ্ড, ৪২পৃঃ)

এর তাৎপর্য হচ্ছে, এই অপরাধ কোন ব্যক্তি বা কোন দলের পক্ষ্যে হতে সংঘটিত হলে তার বিধান একই। তদ্রূপ বিধানকে হালকা মনে করলে বা অন্য বিধান দ্বারা ফয়সালা করা হালাল মনে করলে, অথবা আল্লাহর বিধানকে অস্বীকার করলেও এই অপরাধের কোন পার্থক হবে না। সকল ক্ষেত্রে তারা কাফির। কেননা এ সকল শাসক ও বিচারকদের আল্লাহর আইনের সাথে ন্যুনতম আচরণ হচ্ছে তাকে হালকা মনে করা। আর এটিই তাদেরকে আল্লাহর আইনকে ধ্বংস করা পর্যন্ত পৌঁছিয়ে দিয়েছে। অতঃপর তারা কুফরুল ইসতিখ্ফাফ্ (হালকা করার কুফরী), কুফরুত তা'ত্বীল (ধ্বংস করার কুফরী), কুফরুল্ ইসতিব্দাল (পরিবর্তন করার কুফরী) ও কুফরুল ইস্তিহ্যা (বিদ্রূপ করার কুফরী)- এর দিকে পাথেয় জোগাড় করেছে।

অতঃপর ইমাম শাওকানী বলেনঃ আবদ্ ইবনে হুমাইদ আলী (রাঃ) থেকে বর্ণন করেন, তাকে অবৈধ সম্পদ সম্পর্কে জিজ্ঞেস করা হল। তিনি উত্তরে বললেন, "তা হচ্ছে ঘুষ।" আবারো তাকে জিজ্ঞেস করা হল ঘুষ নিয়ে ফয়সালা করা কি? তিনি উত্তরে বললেন, "এটা কুফরী"।

(ফাতহুল কাদির, ২য় খণ্ড, ৪৪পৃঃ)

তারপর তিনি বলেনঃ আবদুর রাযযাক ইবনে জারীর, ইবনে আবী হাতিম ও হাকিম সহীহ সনদে হুজাইফা (রাঃ) হতে বর্ণনা করেছেন, উক্ত আয়াত তার নিকট উল্লেখ করা হলে এক ব্যক্তি বলেলঃ (যেমন এ যুগের মুরজিয়াদের প্রভাবশালী আলেমরা মনে করেন) এই বিধান বাণী ইসরাঈলদের ক্ষেত্রে প্রযোজ্য। হুজাইফা (রাঃ) উত্তরে বলেনঃ (তার কথার প্রতিবাদ করে ও তার এই বুঝ ভুল প্রমাণ করে) "বাণী ইসরাঈল তোমাদের উত্তম ভাই। যদি তোমাদের জন্য প্রতিটি মিষ্টি দ্রব্য থাকে, তবে তাদের জন্য প্রত্যেক তিক্ত দ্রব্য রয়েছে। সাবধান! আল্লাহর কসম, অবশ্যই তোমরা তাদের পূর্ণ অনুসরণ করে চলবে।" ইবনে মুনজির ইবনে আব্বাস (রাঃ) হতে অনুরূপ বর্ণনা করেছেন।

(ফাতহুল কাদীর ৪৫পৃঃ)

সাইয়িদ কুতুব (রহঃ) স্বীয় তাফসীর গ্রন্থে আল্লাহ তায়ালার বাণীঃ وَمَا أُولَٰئِكَ بِالْمُؤْمِنِيْنَ "তারা মুমিন নয়" প্রসঙ্গে বলেনঃ আল্লাহর শরীয়ত অনুযায়ী ফয়সালা না করা বা এই শরীয়তের আইন সম্পর্কে অসন্তোষ প্রকাশ করা ও ঈমান একত্র হওয়া অসম্ভব। যারা নিজেদের ক্ষেত্রে ও অন্যের সম্পর্কে ঈমানের দাবী করে অতঃপর বাস্তব জীবনে আল্লাহর শরীয়ত অনুযায়ী ফয়সালা করে না, অথবা যখন তাদের উপর শরীয়তের বিধান প্রয়োগ করা হয়, তাতে অসন্তোষ প্রকাশ করে; তারা এটা মিথ্যা দাবী করে; তারা এই অকাট্য প্রমাণের সাথে সংঘাতে লিপ্ত।

অর্থাৎ, وَمَا أُولَٰئِكَ بِالْمُؤْمِنِيْنَ "তারা মুমিন নয়।"

অতএব, এই ক্ষেত্রে শুধু শাসকদের পক্ষ্য থেকে আল্লাহর শরীয়া অনুযায়ী ফয়সালা না করার বিষয় নয়। বরং এটা অনুরূপভাবে শাসকদের পক্ষ্যে আল্লাহর আইন- এর প্রতি অসন্তোষ জ্ঞাপন করাও বটে। আর এটিই তাদেরকে ইসলামের গণ্ডি থেকে বের করে দিচ্ছে– যদিও তারা মাঝে মাঝে ইসলামের দাবী করে। (তাফসীর ফী যিলালিল কুরআন, ২য় খণ্ড, ৮৯৫পৃঃ)

আল্লাহ তায়ালা বলেনঃ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ

অর্থঃ "আল্লাহ ছাড়া কারও বিধান দেয়ার ক্ষমতা নেই।"

(সূরা আন্আমঃ ৫৭, ইউসুফঃ ৪০, ৬৭)

ইবনে কাসীর উক্ত আয়াতের তাফসীরে উল্লেখ করেছেন, আল্লাহ তায়ালা তাদেরকে জানিয়ে দিয়েছেন- নিশ্চয় বিধান প্রদান, আধিপত্য, ক্ষমতা ও রাজত্ব সব কিছু একমাত্র আল্লাহরই। তিনি স্বীয় বান্দাদেরকে তারই ইবাদত করার এবং তিনি ছাড়া অন্য করো ইবাদত করা হতে বিরত থাকার অকাট্য হুকুম দিয়ে রেখেছেন। (তাফসীর কুরআনুল আযীম, ২য় খণ্ড, ৪৯৬পৃঃ)

ইমাম শাওকানী বলেনঃ প্রত্যেটি বিষয়ে বিধান দেয়ার ক্ষমতা একমাত্র আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার। অনুরূপ বলা হয়েছে– "যে আযাব সম্পর্কে তোমরা তাড়াহুড়া করছ।" এর উদ্দেশ্য হচ্ছে, সত্য এবং মিথ্যার মধ্যে পার্থক্যকারী ফয়সালা।" (ফাতহুল কাদির, ২য় খণ্ড, ১২২পৃঃ)

এর অর্থ, সত্য ফয়সালা হচ্ছে আল্লাহ তায়ালার ফয়সালা এবং মিথ্যা ফয়সালা হচ্ছে- শাসকদের প্রবৃত্তি ও মতামত অনুযায়ী ফয়সালা করা।

সাইয়িদ কুতুব (রঃ) বলেন আল্লাহ ছাড়া কারো বিধান দেবার অধিকার নাই। তাঁর প্রভুত্বের অধিকার অনুযায়ী এ বিষয়টি তার মধ্যেই সীমাবদ্ধ। কেননা, শাসন ক্ষমতা প্রভুত্বের অন্যতম বৈশিষ্ট্য। যে ব্যক্তি উক্ত বিষয়ে অধিকার দাবী করবে, সে তো আল্লাহ তায়ালার প্রভুত্বের প্রধান বৈশিষ্ট্যের সাথে বিবাদে লিপ্ত হলো। কোন ব্যক্তি বা কোন সম্প্রদায়, কিংবা কোন দল, কিংবা কোন গোত্র, কিংবা কোন জাতি, অথবা আন্তর্জাতিক কোন সংস্থার আকারে সকল মানুষও উক্ত দাবী করলে তাতে কোন পার্থক্য হবে না।

যে ব্যক্তি আল্লাহ সুবহানাহু- এর প্রভুত্বের প্রধান বৈশিষ্ট্যের সাথে বিতর্ক করবে এবং এটা নিজের অধিকার দাবী করবে, সে ব্যক্তি আল্লাহর সাথে প্রকাশ্যে কুফরীতে লিপ্ত হল। শুধুমাত্র এই অকাট্য প্রমাণের মাধ্যমেই দ্বীন সম্পর্কে তার কুফরী করার বিষয়টি স্পষ্ট হয়ে যাবে।

(তাফসীর ফী যিলালিল কুরআন, ৪র্থ খণ্ড, ১৯৯০পৃঃ)

আল্লাহ তায়ালা বলেনঃ وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا

অর্থঃ তিনি স্বীয় বিধান প্রদানে কাউকে শরীক করেন না।

(সূরা কাহ্‌ফ ২৬)

ইমাম শাওকানী বলেন, আল্লাহ-এর হুকুম দ্বারা উদ্দেশ্য হচ্ছে- তিনি যা কিছু ফয়সালা করেন কিংবা, ইলমুল গায়েব। প্রথমটি অধিকতর উপযোগী। এতে ইলমুল গায়ব প্রথম স্থানে গণ্য থাকবে। কেননা তার (সুবহানাহু) ফয়সালা সমূহের মধ্যেই তার ইলমও রয়েছে। (ফাতহুল কাদীর, ৩য় খণ্ড, ২৮০পৃঃ)

ইমাম শানক্বীতী বলেনঃ ‘এটি’ আল্লাহ্ তায়ালার প্রত্যেকটি ফয়সালার ক্ষেত্রে প্রযোজ্য। এবং এই নির্দেশের আওতায় প্রথম স্থানে আইন প্রণয়নের ক্ষমতাও গণ্য থাকবে। এই আয়াতের মূল বক্তব্য “লা-শরীক এক আল্লাহর জন্যই বিধান দেওয়ার ক্ষমতা নির্দিষ্ট”। উভয় কিরাআতে বর্ণিত আছে এবং অন্যান্য আয়াতেও এই বিষয়ের স্পষ্ট বিবরণ রয়েছে।

(আয্ওয়াউল বায়ান, ১০ম খণ্ড, ২৯২পৃঃ)

আল্লাহ তায়ালা বলেনঃ

وَإِذَا دُعُوا إِلَى اللَّهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ إِذَا فَرِيقٌ مِّنْهُم مُّعْرِضُونَ﴿٤٨﴾ وَإِن يَكُن لَّهُمُ الْحَقُّ يَأْتُوا إِلَيْهِ مُذْعِنِينَ﴿٤٩﴾ أَفِي قُلُوبِهِم مَّرَضٌ أَمِ ارْتَابُوا أَمْ يَخَافُونَ أَن يَحِيفَ اللَّهُ عَلَيْهِمْ وَرَسُولُهُ بَلْ أُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ﴿٥٠﴾

অর্থঃ (৪৮) তাদের মধ্যে ফয়সালা করার জন্য যখন তাদেরকে আল্লাহ ও রসূলের দিকে আহবান করা হয় তখন তাদের একদল মুখ ফিরিয়ে নেয়। (৪৯) সত্য তাদের স্বপক্ষে হলে তারা বিনীতভাবে রসূলের কাছে ছুটে আসে। (৫০) তাদের অন্তরে কি রোগ আছে, না তারা সংশয় পোষণ করে? না তারা ভয় করে যে, আল্লাহ ও তাঁর রসূল তাদের প্রতি অবিচার করবেন? বরং তারাই তো যালিম। (সূরা আন-নূরঃ ৪৮-৫০)

অত্র আয়াতে আল্লাহ তায়ালা মুনাফিকদের তিরস্কার করছেন এবং তাদেরকে যুলুম- এর সাথে বিশ্লেষণ করেছেন। এখানে যুলুম দ্বারা কুফর ও নিফাক- এর যুলুম বুঝানো হয়েছে।

যেমন সূরা মায়িদাতে উল্লেখ আছেঃ

فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ “তারাই যালিম।”

ইবনু কাসীর বলেনঃ অর্থাৎ যখন তাদেরকে হিদায়াতের দিকে আহবান করা হয় যা আল্লাহ তার রসূলের উপর নাযিল করেছেন তখন তারা গর্বভরে মুখ ফিরিয়ে নেয়।

যেমন আল্লাহ তায়ালা অন্যত্র উল্লেখ করেছেনঃ

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنزِلَ إِلَيْكَ وَمَا أُنزِلَ مِن قَبْلِكَ يُرِيدُونَ أَن يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَن يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا﴿٦٠﴾ وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَىٰ مَا أَنزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا﴿٦١﴾

অর্থঃ (৬০) আপনি কি তাদেরকে দেখেননি, যারা দাবী করে যে, আমরা ঈমান এনেছি, যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে। তারা ত্বাগুতকে বিধান দানকারী বানাতে চায়, অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, তারা যেন তাকে অমান্য করে। পক্ষান্তরে, শয়তান তাদেরকে পথভ্রষ্ট করে (আল্লাহর আইন থেকে) অনেক দূরে নিয়ে যেতে চায়। (৬১) আর যখন তাদেরকে বলা হয় যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তদ্দিকে এবং রসূলের দিকে এসো, তখন আপনি মুনাফিকদিগকে দেখবেন, ওরা আপনার কাছ থেকে সম্পূর্ণভাবে সরে যাচ্ছে।

(সূরা আন-নিসাঃ ৬০, ৬১) (তাফসীর কুরআনুল আযীম, ৩য় খণ্ড, ৩১০পৃঃ)

ইমাম শাওকানী বলেনঃ আল্লাহর বাণী, أَفِي قُلُوبِهِم مَّرَضٌ “তাদের অন্তরে কি রোগ আছে?” এই ‘হামযাহ’ তাদের তিরস্কার ও নিন্দা জ্ঞাপনের জন্য এসেছে। আর ‘রোগ’ হচ্ছে ‘নিফাক’। অর্থাৎ তাদের এই মুখ ফিরিয়ে নেয়া অন্তরের মুনাফিকীর জন্যে না তাদের সংশয় পোষণের জন্যে? এবং তারা রসূল (সাঃ)- এর নবুয়াত ও তাঁর ফয়সালার ক্ষেত্রে ইনসাফ না করা সম্পর্কে সন্দেহ পোষণ করেছে।

أَمْ يَخَافُونَ أَن يَحِيفَ اللَّهُ عَلَيْهِمْ وَرَسُولُهُ - “না তারা ভয় করে যে, আল্লাহ ও তাঁর রসূল তাদের প্রতি অবিচার করবেন?” আর “জুলুম” এটা “ফয়সালার ক্ষেত্রে হবে।” بَلْ أُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ - “বরং তারাই যালিম।” অর্থাৎ উপরোল্লেখিত কারণে তারা মুখ ফিরিয়ে নেয়নি। বরং তারা যুলুম ও অবাধ্যতার জন্যে এমনটি করেছে।

উক্ত আয়াতটি প্রমাণ করছে যে, আলিম বিচারক এর উপর আল্লাহর ফয়সালার ক্ষেত্রে ন্যায় বিচার করা ওয়াজিব। কেননা, আলিমগণ নবীদের ওয়ারিস। (ফাতহুল কাদীর, ৪র্থ খণ্ড, ৪৫পৃঃ)

সাইয়িদ কুতুব (রঃ) বলেনঃ নিশ্চয় আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)- এর ফয়সালার প্রতি সন্তুষ্ট হওয়া সত্য ঈমানের দলীল। কুয়াশাচ্ছন্ন, খারাপ চরিত্রের ব্যক্তি ছাড়া অন্য কেউ আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)- এর আইনকে প্রত্যাখ্যান করতে পারে না। যে ইসলামী শিষ্টাচার শিক্ষা গ্রহণ করেনি এবং যে ব্যক্তি ঈমানী আলোকে নিজের অন্তরকে আলোকিত করতে পারেনি তার পক্ষ্যেই এমন কাজ করা সম্ভম।

(তাফসীর ফী যিলালিল কুরআন, ৪র্থ খণ্ড, ২৫২৬পৃঃ)

আল্লাহ তায়ালা বলেনঃ

يَا دَاوُودُ إِنَّا جَعَلْنَاكَ خَلِيفَةً فِي الْأَرْضِ فَاحْكُم بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلَا تَتَّبِعِ الْهَوَىٰ فَيُضِلَّكَ عَن سَبِيلِ اللَّهِ إِنَّ الَّذِينَ يَضِلُّونَ عَن سَبِيلِ اللَّهِ لَهُمْ عَذَابٌ شَدِيدٌ بِمَا نَسُوا يَوْمَ الْحِسَابِ

অর্থঃ হে দাউদ! আমি তোমাকে পৃথিবীতে প্রতিনিধি করেছি, অতএব, তুমি লোকদের মধ্যে সুবিচার কর এবং খেয়াল-খুশির অনুসরণ করো না, কেননা এটা তোমাকে আল্লাহর পথ হতে বিচ্যুত করবে। নিশ্চয় যারা আল্লাহর পথ থেকে বিচ্যুত হয়, তাদের জন্যে রয়েছে কঠোর শাস্তি, এ কারণে যে, তারা হিসাব দিবসকে ভুলে যায়। (সূরা ছোয়াদঃ ২৬)

যখন আল্লাহ তায়ালা তাঁর নবী দাউদ (আঃ) কে বিচারের ক্ষেত্রে খেয়াল-খুশির অনুসরণ করা হতে সতর্ক করেছেন; কেননা এটা আল্লাহর কঠোর আযাবের দিকে পৌঁছিয়ে দেয়। অথচ আল্লাহ তায়ালা নবীগণকে এমন কর্মে লিপ্ত হওয়া থেকে রক্ষা করেছেন। তাহলে বর্তমান সময়ের ঐ সকল শায়খদের অবস্থা কিরূপ হবে যারা তাদের ঐ সব কাফির শাসকদের জন্য বিভিন্ন ওজর সৃষ্টি করে নেয়, যারা আল্লাহর শরীয়াতকে পরিবর্তন করেছে এবং

কুফর, ফিসক ও অন্যায় হতে মন যা চায় পরিস্থিতির আলোকে নির্দেশ সম্বলিত অসংখ্য আইন রচনা করেছে? হে বর্তমান যুগের মুর্জিয়াগণ সংজ্ঞা ফিরে পাও!

ইমাম শাওকানী বলেনঃ

আল্লাহ তায়ালার বাণী, فَاحْكُم بَيْنَ النَّاسِ بِالْحَقِّ "তুমি লোকদের মধ্যে সুবিচার কর।" অর্থাৎ, "ঐ ন্যায় ও ইনসাফের সাথে যা আল্লাহ তার বান্দাদের মাঝে বিধান দিয়েছেন।" وَلَا تَتَّبِعِ الْهَوَىٰ "এবং খেয়াল-খুশির অনুসরণ করো না।" অর্থাৎ বান্দাদের মধ্যে ফয়সালার ক্ষেত্রে অন্তরের খেয়াল-খুশির অনুসরণ কর না। (ফাতহুল কাদীর, ৪র্থ খণ্ড, ৪২৯পৃঃ)

হাফিজ, ইবনে কাসীর বলেনঃ এটি আল্লাহ আয্যা ওয়া জাল্লা এর পক্ষ্য থেকে বাদশাহ ও শাসন ক্ষমতার অধিকারী লোকদের প্রতি নির্দেশনামা, তারা যেন আল্লাহ তাবারাকা ওয়া তায়ালার পক্ষ্য হতে অবতীর্ণ বিধান অনুযায়ী ন্যায় ও ইনসাফের সাথে লোকদের মধ্যে ফয়সালা করে। এবং এটা থেকে তারা যেন ফিরে না আসে। কেননা এটা তাদেরকে আল্লাহর পথ থেকে বিচ্যুত করবে। যে ব্যক্তি আল্লাহর পথ পরিত্যাগ করবে এবং হিসাব-নিকাশের দিবস ভুলে যাবে তাকে তিনি (তাবারাকা ওয়া তায়ালা) কঠোর শাস্তি ও কঠিন আযাবের হুমকি প্রদান করেছেন।

(তাফসীর আল কুরআনুল আযীম, ৪র্থ খণ্ড, ৩৫পৃঃ)

উল্লেখ্য যে, হাফেজ ইবনে কাসীর যখন সে যুগের শাসকদের লক্ষ্য করে এমন মন্তব্য করেছিলেন যে সময় আল্লাহর আইন দ্বারাই বিভিন্ন দেশে ফয়সালা করা হতো। যদি তিনি বর্তমান যুগের আল্লাহর শরীয়ত অস্বীকারকারী এবং সূচনাতেই তার বিধান পরিবর্তনকারী শাসকদের দেখতেন, তবে তাঁর অবস্থা কেমন হতো? এবং এসকল সীমালঙ্ঘণকারীদের ক্ষেত্রে তাঁর ফয়সালা কি হতো? তাদের কাফির ঘোষণার ক্ষেত্রে তিনি কি দ্বিধা করতেন? এমনটি করতেন বলে আমরা মনে করি না। কেননা তিনি তাদের ভাই 'তাতারদের' কাফির হওয়ার বিষয়টি স্পষ্ট করে ঘোষণা করেছেন। এসকল শাসকদের অবস্থা এবং তাতারদের অবস্থা একই, কোন পার্থক্য নেই। বরং যে ব্যক্তি তাদের সঠিক অবস্থান সম্পর্কে অবগত তাঁর নিকট তাদের অবস্থা গুরুতর ও ভয়াবহ।

আল্লাহ তায়ালা বলেনঃ

ذَٰلِكُمْ حُكْمُ اللَّهِ يَحْكُمُ بَيْنَكُمْ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ

অর্থঃ এটা আল্লাহর বিধান; তিনি তোমাদের মধ্যে ফয়সালা করেন। আল্লাহ সর্বজ্ঞ প্রজ্ঞাময়। (সূরা মুম্‌তাহিনাঃ ১০)

অতএব, আল্লাহর বিধানই হচ্ছে সর্বোত্তম বিধান। যে ব্যক্তি প্রত্যেক বিরোধপূর্ণ বিষয়ে আল্লাহ তায়ালাকে সালিস মানবে, সে কখনও পথভ্রষ্ট হবে না। কেননা তিনি সুবহানাহু ওয়া তায়ালা বান্দার শান্তি ও কল্যাণ সম্পর্কে সর্বজ্ঞ এবং তার প্রতিটি বিধানের ক্ষেত্রে প্রজ্ঞাময়। সুতরাং এসকল শাসক কোথায় যারা আল্লাহ তায়ালার আইনকে প্রত্যাখ্যান করছে এবং তাদের প্রবৃত্তি ও সীমাবদ্ধ জ্ঞানকে বিচারক নির্ধারণ করছে; যেটা তার নিজের কোন কল্যাণ করতে পারবে না এবং কোন অমঙ্গলকে প্রতিহতও করতে পারবে না? কেননা মঙ্গল ও অমঙ্গল শুধুমাত্র এক আল্লাহর হাতেই রয়েছে।

সাইয়িদ কুতুব (রঃ) এই আয়াতের তাফসীরে বলেনঃ ধ্বংস, বক্রতা, ও প্রতারণা থেকে নিরাপদ থাকার একমাত্র গ্যারান্টি হচ্ছে- আল্লাহর বিধান। এটাই হচ্ছে- সর্বজ্ঞ, প্রজ্ঞাময়- এর আইন। আর এটাই হচ্ছে অন্তরের লুকানো বিষয় সম্পর্কে অবগত মহান সত্তার বিধান। এবং ইহাই একমাত্র মহাশক্তিধর, সর্বশক্তিমান- এর আইন। মুসলিম বিবেক এই বন্ধনের সন্ধান পাওয়াই যথেষ্ট। এবং সে বিধানের উৎস সম্পর্কে জেনে তার উপর প্রতিষ্ঠিত থাকুক এবং এর সংরক্ষণ করুক! এবং সে বিশ্বাস রাখুক যে, সে আল্লাহর নিকটেই ফিরে যাবে। (তাফসীর ফী যিলালিল কুরআন, ৬ষ্ট খণ্ড, ৭, ৩৫পৃঃ)

দ্বিতীয় অনুচ্ছেদ

“ত্বাগুত”কে অস্বীকার করা ওয়াজিব।

ত্বাগুত- এর আভিধানিক অর্থঃ

ওয়াহিদী বলেন, সকল অভিধান বিশারদ বলেছেনঃ طاغوت ‘ত্বাগুত’ প্রত্যেক ঐ জিনিসকে বলে যাকে আল্লাহর পরিবর্তে ইবাদত করা হয়। এই শব্দটি একবচন, বহুবচন, পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গে একইরূপ থাকে।

আল্লাহ তায়ালা বলেনঃ

يُرِيْدُوْنَ أَن يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ

অর্থঃ “তারা ‘ত্বাগুত’ কে বিধান দানকারী বানাতে চায়, অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, তারা যেন তাকে অমান্য করে।” (সূরা নিসা, ৬০)

অত্র আয়াতে ‘ত্বাগুত’ শব্দটি একবচন রূপে ব্যবহৃত হয়েছে।

আল্লাহ তায়ালা বলেনঃ

وَالَّذِينَ كَفَرُوا أَوْلِيَاؤُهُمُ الطَّاغُوتُ يُخْرِجُونَهُم مِّنَ النُّورِ إِلَى الظُّلُمَاتِ

অর্থঃ আর যারা কাফির তাদের অভিভাবক হচ্ছে ত্বাগুত। তারা তাদেরকে আলো থেকে বের করে অন্ধকারের দিকে নিয়ে যায়।

(সূরা বাকারাহ, ২৫৭)

অত্র আয়াতে “ত্বাগুত” শব্দটি বহুবচন রূপে ব্যবহৃত হয়েছে।

অন্যত্র আল্লাহ তায়ালা বলেছেনঃ وَالَّذِينَ اجْتَنَبُوا الطَّاغُوتَ أَن يَعْبُدُوهَا

অর্থঃ যারা ‘ত্বাগুত’ কে বর্জন করে তার (ত্বাগুতের) ইবাদত থেকে দূরে থাকার মাধ্যমে। (সূরা যুমারঃ ১৭)

অত্র আয়াতে ‘ত্বাগুত’ শব্দটি স্ত্রীলিঙ্গ হিসাবে ব্যবহৃত হয়েছে।

(মাজমুআহ আত-তাওহীদ, ১৭১পৃঃ)

শারীয়াত-এর পরিভাষায় ত্বাগুতঃ

ইবনে জারীর (রঃ) ত্বাগুত এর সংজ্ঞা সংক্রান্ত সালাফদের মতভেদ উল্লেখের পর মন্তব্য করেন, আমার নিকট 'ত্বাগুত' বিষয়ে সঠিক মত হচ্ছে- এটা আল্লাহর প্রত্যেক অবাধ্য ব্যক্তি বা বস্তু, যাকে তাঁর (তায়ালা) পরিবর্তে ইবাদত করা হয়। এটা তার প্রতি বল প্রয়োগের মাধ্যমে হতে পারে কিংবা গোলামের তার প্রতি আনুগত্যের মাধ্যমে হতে পারে। আর উক্ত পূজনীয় ব্যক্তি বা বস্তু মানুষ হোক বা শয়তান হোক কিংবা মূর্তি হোক অথবা যে কোন ব্যক্তি বা বস্তু হোক না কেন। (তাফসীর ইবনে জারীর, ৩য় খণ্ড, ২১পৃঃ)

ইবনে কাইয়িম (রঃ) ত্বাগুত- এর সংজ্ঞায় বলেনঃ প্রত্যেক ঐ ব্যক্তি, যে তার সীমা অতিক্রম করে, ইবাদত, অনুসরণ অথবা আনুগত্যের মাধ্যমে তাকে 'ত্বগুত' বলে। অতএব, "প্রত্যেক জাতির ত্বাগুত হচ্ছে ঐ ব্যক্তি যার নিকট লোকেরা আল্লাহ ও তাঁর রসূল ব্যতীত বিচার প্রার্থণা করে।" বা "তারা আল্লাহ ছাড়া তার ইবাদত করে" কিংবা "তারা আল্লাহর পক্ষ্য হতে পর্যবেক্ষণ ব্যতীত তার অনুসরণ করে।" অথবা "তারা তার এমন বিষয়ে আনুগত্য করে যে বিষয়ে আল্লাহর আনুগত্য করতে হয় অথচ এটা তারা জানে না।"

সুতরাং এগুলো হচ্ছে বিশ্বের "ত্বয়াগীত" (ত্বাগুত এর বহুবচন)। যখন তুমি এটা পর্যবেক্ষণ করলে এবং সাথে সাথে লোকদের অবস্থা সম্পর্কে গবেষণা করলে, তখন তুমি তাদের অধিকাংশকে দেখতে পাবে যে, আল্লাহর ইবাদত পরিত্যাগ করে ত্বাগুত এর গোলামী করছে। আল্লাহ ও তাঁর রসূলের নিকট বিচার চাওয়া ছেড়ে দিয়ে ত্বাগুত- এর নিকট বিচার প্রার্থনা করছে। এবং আল্লাহর আনুগত্য ও তাঁর রসূল (সাঃ)- এর অনুসরণ পরিহার করে ত্বাগুত- এর আনুগত্য ও পশ্চাদ্ধাবন করছে।

(ই'লামুল মুওয়াক্কিয়ীন, ১ম খণ্ড, ৫০পৃঃ)

মুহাম্মদ ইবনে আবদুল ওয়াহ্হাব (রঃ) বলেনঃ 'ত্বাগুত' অনেক প্রকারের রয়েছে তন্মধ্যে শীর্ষে আছে পাঁচ প্রকার। প্রথমঃ শয়তান...। দ্বিতীয়ঃ আল্লাহর বিধান পরিহারকারী অত্যাচারী শাসক....। তৃতীয়ঃ যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করে না...। চতুর্থঃ যে ব্যক্তি আল্লাহ ব্যতীত ইলমে গায়েব- এর দাবী করে...। পঞ্চমঃ আল্লাহর পরিবর্তে যার ইবাদত করা হয় এবং সে উক্ত ইবাদতে সন্তুষ্ট থাকে...।

(মাজমূআহ আত-তাওহীদ, ১৪, ১৫পৃঃ)

আল্লাহ তায়ালা বলেনঃ

فَمَن يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِن بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ

অর্থঃ যে ব্যক্তি 'ত্বাগুত' কে অস্বীকার করবে এবং আল্লাহতে বিশ্বাস স্থাপন করবে, সে সুদৃঢ় হাতল ধারণ করে নিয়েছে। (সূরা বাকারাহ, ২৫৬)

হাফিজ ইবনে কাসীর বলেনঃ যে ব্যক্তি বাতিল উপাস্য, প্রতিমা ও শয়তানের ডাকে সাড়া দিয়ে আল্লাহ ব্যতীত যাদের ইবাদত করা হয় এমন সকল বাতিল মা'বূদদের পরিত্যাগ করতঃ আল্লাহর একত্বে বিশ্বাসী হলো এবং সাক্ষ্য দিলো যে তিনি ছাড়া কোন ইলাহ নাই فَقَدِ اسْتَمْسَكَ "সে সুদৃঢ় হাতল ধারণ করে নিয়েছে।"

অর্থাৎ সে তার উক্ত বিষয়ে অটল থাকল এবং সে শ্রেষ্ঠ পন্থা ও সঠিক পথের উপর প্রতিষ্ঠিত থাকল...। এবং আল্লাহ তায়ালা ঘোষণা করেছেন, যে ব্যক্তি তার সন্তুষ্টির অনুসরণ করে চলবে, তাকে তিনি শান্তির পথ দেখাবেন এবং তিনি তার মু'মিন বান্দাদেরকে কুফ্র, সন্দেহ ও সংশয়ের অন্ধকার থেকে বের করে, সুস্পষ্ট, প্রকাশ্য, সহজ, সরল, উজ্জল সত্যের আলোর দিকে নিয়ে যাবেন।

পক্ষান্তরে কাফিরদের অভিভাবক হচ্ছে শয়তান। সে তাদের অজ্ঞতা ও পথ ভ্রষ্ট্রতাকে তাদের নিকট সুন্দর করে দেখায়। সে তাদেরকে আলো থেকে বের করে দেয় এবং সত্য পথ বিচ্যুত করে কুফর ও মিথ্যার দিকে নিয়ে যায়। এজন্য আল্লাহ তায়ালা النُّورِ 'নূর' শব্দকে একবচন নিয়ে এসেছেন এবং الظُّلُمَاتِ 'যুলুমাত' শব্দকে বহুবচন এনেছেন। কেননা, সত্য একটিই হয়ে থাকে এবং কুফর- এর অনেক শ্রেণী রয়েছে, যার প্রত্যেকটি বাতিল বা মিথ্যা।

(তাফসীর আল কুরআনুল আযীম, ১ম খণ্ড, ৩১৯, ৩২০পৃঃ)

আল্লাহ তায়ালা বলেনঃ

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ أُوتُوا نَصِيبًا مِّنَ الْكِتَابِ يُؤْمِنُونَ بِالْجِبْتِ وَالطَّاغُوتِ وَيَقُولُونَ لِلَّذِينَ كَفَرُوا هَٰؤُلَاءِ أَهْدَىٰ مِنَ الَّذِينَ آمَنُوا سَبِيلًا

অর্থঃ তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি যাদেরকে গ্রন্থের একাংশ প্রদত্ত হয়েছে? তারা প্রবৃত্তি ও ত্বাগুতের প্রতি বিশ্বাস স্থাপন করে এবং কাফিরদেরকে বলে যে, এরা মু'মিনদের তুলনায় অধিকতর সরল সঠিক পথে রয়েছে।
(সূরা নিসা, ৫১)

হাফিজ ইবনে কাসীর বলেনঃ মুজাহিদ (রঃ) বলেছেন, ত্বাগুত হচ্ছে মানবরূপী শয়তান। যার নিকট মানুষ তাদের বিবাদ নিয়ে উপস্থিত হয় এবং তাকে বিচারক মেনে নেয়।

ইমাম মালিক (রঃ) বলেন যে, তা (ত্বাগুত) হচ্ছে প্রত্যেক ঐ জিনিস আল্লাহ তায়ালা ছাড়া যার ইবাদত করা হয়....। অর্থাৎ তাদের মূর্খতা ধর্মহীনতা এবং স্বীয় গ্রন্থের সাথে কুফরী এত চরমে পৌঁছে গেছে যে, তারা কাফিরদেরকে মুসলমানদের উপর প্রাধান্য ও মর্যাদা দিয়ে থাকে।
(তাফসীর আল কুরআনুল আযীম, ১ম খণ্ড, ৫২৫পৃঃ)

ইমাম শাওকানী (রঃ) বলেনঃ তারা (জিব্ত ও ত্বাগুত) হচ্ছে, আল্লাহর পরিবর্তে প্রত্যেক বাতিল মা'বূদ। অথবা আল্লাহর অবধ্যতায় প্রত্যেক অনুসরণীয় ব্যক্তি বা বস্তু। (ফতহুল কাদীর, ১ম খণ্ড, ৪৭৭পৃঃ)

উল্লেখ্য যে, ঐ সকল লোক যারা মানব রচিত আইনের প্রতি সন্তোষ প্রকাশ করে, সহায়তা করে, এবং আল্লাহ তায়ালা, তার রসূল (সাঃ) ও মু'মিনদের সাথে এজন্য যুদ্ধ করে, উক্ত আয়াতে কারীমাহ তাদের ক্ষেত্রে প্রযোজ্য। কেননা তারা আল্লাহ তায়ালার পরিবর্তে কিংবা আল্লাহর সাথে তাদের শাসকদের ইবাদত করে এবং তারা আল্লাহ তায়ালা ও তার রসূল (সাঃ)- এর অবাধ্য হয়ে তার (শাসক) আনুগত্য করে। অতএব তাদের ও তাদের শাসকদের কাফির হওয়ার বিষয়টি নিশ্চিত এই দ্বীন হতে জানা যাচ্ছে। কেননা, শাসকবর্গ আল্লাহ তায়ালার পরিবর্তে বা আল্লাহ তায়ালার সাথে তাদের ইবাদত করতে লোকদের বাধ্য করে। এবং এ অনুসারীগণ এই সকল শাসকদের আনুগত্য করে। এবং তারা আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ)- এর নির্দেশের অবাধ্য হয়।

অবশ্যই কোন মন্তব্যকারী এমন কথা বলতে পারেনা যে, আমরা ছোট কুফরীর অপরাধে তাদেরকে কাফির বলছি। না, এখানে অপরাধ থেকে উদ্দেশ্য হচ্ছে, তারা আল্লাহ তায়ালার নির্দেশ ও তার রসূল (সাঃ) এর নির্দেশকে প্রত্যাখ্যান করেছে, তারা এই সকল শাসকের আনুগত্য করেছে এবং আল্লাহর পরিবর্তে তাদের দাসত্ব করেছে। এই সব শাসকের ইবাদত (দাসত্ব) করা কুফরী। তা (ইবাদত করা) "শব্দগত হোক"। অর্থাৎ, মানুষ মৌখিকভাবে স্বীকৃতি দিবে যে, সে এই শাসকদের ইবাদত বা দাসত্ব করে। এমনটি অর্জিত হয় না। অথবা "আনুগত্যে হোক"- এটাই এখানে ইবাদত থেকে উদ্দেশ্য। কেননা এই লোকেরা শাসকদের আনুগত্য করে, তাদের সাহায্য-সহযোগিতা করে, পৃষ্টপোষকতা করে এবং তারা জান ও মান দিয়ে তাদের রক্ষা করে। তারা দ্বীনে ইসলামের বিরুদ্ধে এই সকল শাসকের দ্বীনের সহযোগিতার জন্যে আল্লাহ তায়ালা, তার রসূল (সাঃ) ও মুওয়াহহিদ (একত্ববাদী) মুসলমানদের সাথে যুদ্ধ করে। সুতরাং তাদের অবস্থা এমন পর্যায়ে পৌঁছেছে যে, সে শাসককে বলবেঃ আমি আল্লাহর পরিবর্তে আপনার ইবাদত করি!

✽✽✽✽✽✽✽✽✽✽✽✽

আল্লাহ তায়ালা বলেনঃ

يُرِيدُونَ أَن يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ

অর্থঃ "তারা 'ত্বাগুত' কে বিধান দানকারী বানাতে চায়, অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, তারা যেন তাকে অমান্য করে।" (সূরা নিসা, ৬০)

ইমাম শাওকানী বলেনঃ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمَ 'তাদের কৃতকর্মের দরুন'.... থেকে উদ্দেশ্য হচ্ছে-"ত্বাগুত'কে বিধান দানকারী বানানোর অপরাধ সমূহ।" (ফতহুল কাদীর, ১ম খণ্ড, ৪৮৩পৃঃ)

ইবনে কাসীর (রঃ) বলেনঃ অত্র আয়াতে আল্লা আয্যা ও জাল্লা ঐ লোকদের দাবী মিথ্যা প্রতিপন্ন করেন- যারা মুখে স্বীকার করে যে, আল্লাহ তায়ালা তার রসূলের উপর এবং পূর্ববর্তী নবীদের উপর যা অবতীর্ণ করেছেন তাতে ঈমান এনেছে কিন্তু যখন কোন বিবাদের মীমাংসা করার প্রয়োজনীয়

দেখা দেয়, তখন তারা আল্লাহর কিতাব ও তার রসূলের সুন্নাতের দিকে প্রত্যাবর্তন করে না, বরং অন্য দিকে যায়। অতঃপর তিনি এই আয়াতের শানে নুযুল উল্লেখের পর বলেন, এ আয়াত প্রত্যেক ঐ ব্যক্তির দুর্নাম ও নিন্দে করছে, যে কিতাব ও সুন্নাহকে ছেড়ে অন্য কোন বাতিলের দিকে স্বীয় ফয়সালা নিয়ে যায়। এখানে এটাই হচ্ছে 'ত্বাগুত'- এর ভাবার্থ।

(তাফসীর আল কুরআনুল আযীম, ১ম খণ্ড, ৫৩১পৃঃ)

সাইয়িদ কুতুব (রহঃ) বলেনঃ আপনি এই ভীষণ আশ্চর্যের বিষয়ের প্রতি লক্ষ্য করেছেন কি? লোকজন ঈমানের দাবী করছে..... অথচ আপনার প্রতি ও আপনার পূর্ববর্তীদের প্রতি যা অবতীর্ণ হয়েছিল তার কাছে তারা বিচার নিয়ে যায় না? তারা তো অন্য জিনিস, অন্য মতাদর্শ ও অন্য বিধানের কাছে বিচার নিয়ে যেতে চায়। তারা ঐ ত্বাগুত- এর কাছে ফয়সালা নিয়ে যেতে চায়, যে আপনার প্রতি ও আপনার পূর্ববর্তীদের উপরে যা অবতীর্ণ হয়েছিল তা গ্রহণ করতে রাজী নয়।

'ত্বাগুত'- এর দ্বারা প্রভূত্বের বৈশিষ্ট্য সমূহের একটি বৈশিষ্ট্যর দাবী করছে। ....তারা এই কর্ম অজ্ঞতার জন্য করছে না এবং ধারণাবশতও করছে না। তারা তো এটা নিশ্চিত বিশ্বাস রেখেই করছে এবং তারা এটা ভাল করেই জানে যে, ত্বাগুত এর নিকটে বিচার ফয়সালা নিয়ে যাওয়া হারাম { وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, তারা যেন তাকে অমান্য করে} অতএব উক্ত বিষয়ে কোন অজ্ঞতা ও কোন ধারণার অবকাশ নেই। বরং এই বিষয় স্বেচ্ছায় ও ইচ্ছাকৃতভাবে হচ্ছে। এক্ষেত্রে মানুষের নিকট থেকে অজ্ঞতার কৈফিয়ত গ্রহণ করা হবে না। কেননা ত্বাগুতকে অস্বীকার করা সম্পর্কে জ্ঞানলাভ করা দ্বীনের প্রয়োজনীয় বিষয়ের একটি বড় বিষয়।

(তাফসীর ফী যিলালিল কুরআন, ২য় খণ্ড, ৬৯৪পৃঃ)

আল্লাহ তায়ালা বলেনঃ

وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ

অর্থঃ যারা কাফির তারা ত্বাগুত এর পথে যুদ্ধ করে। (সূরা নিসা, ৭৬)

সাইয়িদ কুতুব (রহঃ) বলেনঃ এরূপভাবে মুসলমানগণ একটি কঠিন ভূখণ্ডে অবস্থান করছে। তারা তাদের পৃষ্ঠদেশকে দৃঢ় ভিত্তির দিকে ঠেক দিয়ে রেখেছে। আবেগকে পরিতৃপ্ত করছে। কেননা তারা আল্লাহর জন্যে যুদ্ধে নিমগ্ন রয়েছে। এতে তাদের নিজেদের জন্য কোন অংশ নেই। তাদের ব্যক্তিত্বের জন্যও কোন ভাগ নেই। তাদের জাতি, গোত্র, আত্মীয়স্বজন ও আপনজনের জন্যেও তাতে কিছুই নেই। এটাতো শুধু এক আল্লাহর জন্যে এবং তার পন্থা ও শরীয়তের জন্যই সীমাবদ্ধ। তারা এমন এক বাতিল সম্প্রদায়ের মুখোমুখি অবস্থান করছে, যারা সত্যের উপর মিথ্যাকে বিজয়ী করার জন্যে যুদ্ধে লিপ্ত।

কেননা তারা মানব রচিত জাহেলিয়াত পন্থাকে জয়যুক্ত করার জন্য যুদ্ধ করে। আল্লাহর নির্দেশিত পন্থা ও শরীয়াতের বিপরীতে মানব রচিত সকল পন্থা ও পদ্ধতি জাহেলিয়াত। মানব রচিত সকল আইন জাহেলিয়াত হওয়া সত্ত্বেও তারা আল্লাহর উপরে মানব রচিত জাহেলী আইনকে বিজয়ী করার জন্যে লড়ে যাচ্ছে। আল্লাহর বিপরীতে মানুষের প্রত্যেকটি বিধান যুল্ম হওয়া সত্ত্বেও তারা আল্লাহর ন্যায় বিচার ও ইনসাফের উপরে মানুষের যুল্মকে জয়যুক্ত করার জন্যে সংগ্রাম করছে। অথচ লোকদের মাঝে আল্লাহর ইনসাফ অনুযায়ী বিচার করার জন্যে তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে।

(তাফসীর ফী যিলালিল কুরআন, ২য় খণ্ড, ৭০৯পৃঃ)

ত্বাগুতকে অস্বীকার করার অর্থঃ

আমাদের নিকট 'ত্বাগুত'- এর অর্থ প্রকাশ হওয়ার পর যাকে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা অস্বীকার করার নির্দেশ দিয়েছেন এবং তার বিভিন্ন অবস্থা স্পষ্ট হওয়ার পর, আপনি যখন উক্ত বিষয়ে অবগত হলেন, তখন আপনি (আপনাকে আল্লাহ তায়ালা রহম করুন!) এই মজবুত স্তম্ভ সম্পর্কে সাধারণভাবে এবং এই জাতির অবস্থা নিয়ে গভীরভাবে চিন্তা করুন! যা ব্যতীত কোন বান্দারই ঈমান সঠিক বলে প্রমাণিত হবে না। এবং এটা (ত্বাগুত) ঐ বিষয় হতে কোথায় অবস্থান করছে? অনেক 'ত্বাগুত' যাদের সংখ্যাধিক্যের কারণে বিশ্বে শোরগোল হচ্ছে এবং তাদের আনুগত্য ও অনুসরণের নামে আল্লাহর বিধানকে হত্যা করে প্রত্যেক প্রকার ইবাদত তাদের দিকেই ফিরিয়ে দেয়া হচ্ছে। এবং বিশেষকরে ঐ সকল লোকদের অবস্থা নিয়ে চিন্তা করুণ, যারা "ইসলামী জাগরণ"- এর দিকে নিজেদের সম্পৃক্ততার দাবি করে এবং উক্ত বিষয়ের (ত্বাগুত) গুরুত্ব হ্রাস করে মনে করে তারা খুব ভাল কাজ করছে।

গণতন্ত্র কি 'ত্বাগুত' নয়, আল্লাহর পরিবর্তে যার পূজা করা হয়? একে অস্বীকার করে না কেন, যা তার (ত্বাগুত) সাথে শত্রুতা ও সম্পর্কহীনতার মাধ্যমে এবং মৌখিকভাবে, বক্তৃতা ও অন্তর দ্বারা তার সাথে যুদ্ধের মাধ্যমে প্রকাশ পাবে? অতঃপর এই সকল বিচারক যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না তারা কি 'ত্বাগুত' নয়? বরং তারা নিকৃষ্ট ত্বাগুত। এরা তো ঐ সকল ব্যক্তি যাদেরকে প্রত্যেকটি ত্বাগুত- এর জন্যে প্রস্তুত করা হয়। এ যুগে ধরাপৃষ্ঠে যার পূজা করা হয়। আর ঐ ত্বাগুত মৃত্যু বা জীবিত ব্যক্তি হতে পারে অথবা নিঃপ্রাণ হতে পারে, এতে কোন পার্থক্য নেই। তাদের অস্বীকার করার অর্থ কি এই যে, তাদের সাথে সংসদে অংশগ্রহণ করব, তাদের আসনে বসব, আইন রচনায় তাদের সাথে শরীক হব, এবং তাদের পরিত্যাজ্য ত্বাগুত- এর সাথে মিশে যাব, তারা যার নাম দিয়েছে গণতন্ত্র?

তারা কি এ যুগের ত্বাগুত জাতিসংঘ ও নিরাপত্তা পরিষদের কাছে মাথা নত করেনি? ঐ সকল ব্যক্তিদের ত্বাগুতকে অস্বীকার করার বিষয়টি কোথায় যারা মনে করেন, শাসকদের সমালোচনা করা, তাদের বাতিলকে নগ্ন করে দেয়া তাদেরকে অস্বীকার করা ও তাদের সাথে বিরোধ জড়িয়ে পড়ার ফলে অন্তর শক্ত হয়ে যাবে, বিভিন্ন দলের উৎপত্তি হবে এবং ব্যাপক রক্তপাত

ঘটবে, অতএব আমাদের তাদের থেকে দূরে থাকা উচিত এবং তাওহীদ- এর প্রতি মনোযোগ দেয়া আবশ্যক। অথচ উক্ত মিসকীন জানেন না যে, তাদের সাথে সম্পর্ক ছিন্ন না করে, তাদের কাফির না বলে এবং তাদের নিন্দা জ্ঞাপন না করে তিনি প্রকৃত তাওহীদ থেকে অনেক দূরে অবস্থান করছেন।

নিশ্চয় 'এই দ্বীন' তার সর্বদিক গ্রহণ না করা পর্যন্ত কায়েম হবে না। সুতরাং রসূলগণের সর্বপ্রথম দাওয়াত- এর বিষয় অর্থাৎ 'ত্বাগুত'কে অস্বীকার করা পরিত্যাগ করে কিভাবে দ্বীন প্রতিষ্ঠা করবেন? এ জাতির কি হল যে, তারা ত্বাগুত- এর অর্থ মাজার, পাথর ও বৃক্ষ পর্যন্ত সীমাবদ্ধ করছেন? এ জাতির কি হল যে, তারা জীবিত ত্বাগুত থেকে লোকদেরকে এই প্রমাণ দ্বারা দুরে সরে রাখছে যে, রাজনীতি বিষয়ে কথা বলা যায় না। এ জাতির কি হল যে, তারা প্রকৃত মুয়াহ্হিদেরকে (একত্ববাদি) দোষারোপ করছে, যারা জীবিত, মৃত্যু, পাথর ও বৃক্ষ সকল ত্বাগুতকে অস্বীকার করছেন।

আমাদের বক্তব্য হচ্ছে যার অবস্থা এই, তবে কিরূপে দ্বীন প্রতিষ্ঠা লাভ করবে? বরং আল্লাহর দ্বীন কিভাবে প্রতিষ্ঠিত হবে, তার ইমারত কেমনে নির্মিত হবে, কেমন করে এর খুঁটি মজবূত হবে, আর সে ত্বাগুত এর সাথে মিশে গেছে, এর সহায়তা করছে এবং তাদের সাথে একত্রে অবস্থান হচ্ছে? অথচ সে ভীতি প্রদর্শন করার মাধ্যম 'জিহাদ' প্রত্যাখ্যান করেছে। এবং জিহাদই হচ্ছে ত্বাগুতকে অস্বীকার করার একটি অংশ। সে এটা কিভাবে প্রতিষ্ঠা করবে, যে ব্যক্তি জাহেলিয়াতের কর্মপদ্ধতিকে বৈধ সম্পদ বলে। অথবা বৈধ পথ বলে। যেন সে ঐ রাস্তা থেকে ছিটকে ত্বাগুত- এর উপর পড়ে যায়। এটি ভিন্ন কথা যে, কেউ কেউ এ কাজকে অন্যায় মনে করবে। অথবা কেউ এটা অপছন্দ করবে।

হে আমার জাতি, নিশ্চয় আপনারা- একটি ভয়ানক বিষয়ের দিকে গড়িয়ে পড়ছেন এবং একটি গভীর উপত্যকার দিকে হামাগুড়ি দিয়ে এগিয়ে যাচ্ছেন। এটি শুধুমাত্র পথ পরিবর্তন করার বিষয় নয়। এটি হচ্ছে আল্লাহর উপর ঈমান ও সকল ত্বাগুতকে অস্বীকার ও অমান্য করার বিষয়। অতএব প্রত্যেক ব্যক্তির সর্তক হওয়া উচিত এবং সে যা বলছে ও করছে তা জেনে নেওয়া কর্তব্য। এবং কিয়ামতের দিন সকল রহস্য প্রকাশ করা হবে।

(দেখুন, 'আল ফজর' ম্যাগাজিন! ১৭তম সংখ্যা, মারকায্ আল ই'লামুল ইসলামী হতে প্রকাশিত)

দ্বিতীয় অধ্যায়

মুরতাদ শাসকদের ক্ষেত্রে আহ্লে সুন্নাত এর দায়ী ও শায়খদের ফাত্ওয়া ও মন্তব্য সমূহ

আহলুস সুন্নাহ ওয়াল জামায়াহ- এর আলেমদের এই বিষয়টির উপরে 'ইজমা' হয়েছে যে, যে ব্যক্তি শরীয়াত যেটাকে হালাল করেছে তা হারাম করল, বা শরীয়ত যা কিছু হারাম করেছে যেটা হালাল করে নিল, কিংবা দ্বীন সম্পর্কে নিশ্চিত জ্ঞাত কোন কিছুকে অস্বীকার করল, সেটা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করল কিংবা তা থেকে মুখ ফিরিয়ে নিল, অথবা কোন আইন রচনা করল, আর আইন করাই কুফরী, তবে সে কাফিরে পরিণত হলো। একদল আলিম এই বিষয়টি উল্লেখ করেছেন।

যেমন, ইবনে হযম, 'মুহাল্লা' গ্রন্থে, শাত্বিবী, 'ই'তেসাম' গ্রন্থে, ইবনে তাইমিয়া ফাতাওয়াতে। এছাড়া অনেকেই উক্ত বিষয়টি উল্লেখ করেছেন। আবু ইয়ালা বলেনঃ যে ব্যক্তি এ বিশ্বাস পোষণ করল যে, আল্লাহ তায়ালা অকাট্য প্রমাণ দ্বারা হারাম করেছেন, তা হালাল। বা উক্ত বিষয়ে রসূল (সাঃ) থেকে প্রমাণ রয়েছে, কিংবা মুসলমানগণ উক্ত বিষয়টি হারাম হওয়া সম্পর্কে 'ইজমা' করেছেন, তবে সে কাফির। যেমন, কোন ব্যক্তি মদ পান করা বৈধ করল, সলাত, সিয়াম ও যাকাতকে নিষিদ্ধ ঘোষণা করল।

তদ্রূপ, যে ব্যক্তি আল্লাহর হালালকৃত কোন বিষয়কে হারাম ঘোষণা দিল, যে সম্পর্কে তিনি অকাট্য 'নছ' দ্বারা বৈধতার বিবরণ দিয়েছেন, বা যেটা রসূল (সাঃ) বৈধ করেছেন, অথবা মুসলমানগণ 'ইলম'- এর মাধ্যমে উক্ত জিনিসটি বৈধ বলেছেন, তবে সে ব্যক্তি কাফির। যেমন কোন ব্যক্তি বিবাহ ও আল্লাহর বৈধ পন্থায় ব্যবসা-বাণিজ্য এবং এরূপ অন্য কিছু হারাম করে দিল, তবে সে ব্যক্তি মুসলমানদের 'ইজমা' অনুসারে কাফির। (আল-মু'তামাদ ফী উসূলিদ দ্বীন, ২৭১, ২৭২পৃঃ)

প্রথম অনুচ্ছেদ

প্রবীন আলিমদের মন্তব্য ও ফাত্ওয়া সমূহ

ইমাম, মুজাহিদ (রহঃ)ঃ

ইমাম মুজাহিদ, আম ও খাছ এর মাঝে ত্বাগুত- এর সংজ্ঞা একত্র করার পর বলেনঃ 'ত্বাগুত' হচ্ছে মানবরূপী শয়তান। যার নিকট মানুষ তাদের বিবাদ নিয়ে উপস্থিত হয় এবং তাকে বিচারক মেনে নেয়।

(তাফসীর মুজাহিদ, তাহক্বীক, আবদুর রহমান সূরাতী, ১ম খণ্ড, ১৬১পৃঃ)

উক্ত সংজ্ঞাটি প্রমাণ করছে যে, বর্তমান যুগের শাসকবর্গ 'ত্বাগুত'। কেননা তারা, তাদের নিকট এবং তাদের আল্লাহর শরীয়াত বিধ্বংসী আইনের নিকটে লোকদের বিবাদ নিয়ে উপস্থিত হওয়া পর্যন্তই থেমে নেই, বরং তারা এ কাজের দিকে ডাকে এবং যারা তাদের গোলামী করা হতে পিছনে থাকে, তাদের প্রত্যেককে শাস্তি প্রদান করে।

ইমাম, হাসান বাছরী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেনঃ

(وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ) "যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না সে কাফির।" এই আয়াতটি আহলে কিতাবদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে। আর এটা আমাদের জন্য ওয়াজিব। (তাফসীর ইবনে কাসীর, ২য় খণ্ড, ১২পৃঃ)

সুতরাং এটা প্রমাণ করছে যে, যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না, সে কাফির। এই বিষয়টি বর্তমান শাসকদের থেকে প্রকাশ পাচ্ছে। বরং একধাপ এগিয়ে তারা বিরোধী আইন রচনা করেছে। এবং যারা তাদের আইন অনুসারে বিচার করতে ব্যর্থ হচ্ছে তাদের তারা শাস্তি দিচ্ছে।

ইমাম, বাক্বায়ী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীরে বলেনঃ

وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ

"যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করে না, সে 'যালিম'।"

"যে ব্যক্তি ফয়সালা করে না"- অর্থাৎ, অবিরামভাবে। "আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে"- অর্থাৎ, যার সমকক্ষ কেউ নাই। অতএব, তার তুলনায় কোন ব্যক্তির বিষয়টি এমন পর্যায়ের নয় যে, তাকে ভয় করে, অথবা কোন কিছুর আশা করে, কিংবা ধার করে এমন কাজ করতে হবে। সে ব্যক্তি অন্য আইন দ্বারা বিচার করুক আর না করুক, কোন পার্থক্য নেই। "অতএব তারা" অর্থাৎ, সঠিক পথ হতে দূরে অবস্থাকারী ব্যক্তিবর্গ, সম্মানী পথের শত্রুগণ, "তারাই যালিম"- অর্থাৎ, যারা ন্যায় ও ইনসাফ করা পরিত্যাগ করেছে এবং বিভ্রান্ত হয়েছে।

অতএব তাদের অবস্থা এমন হয়েছে যে, সে ব্যক্তি অন্ধকারে পথ চলে। যদি সে এই বিধান ছেড়ে অন্য আইন গ্রহণ করে, সে চরম যুলুম করল। আর এটাই কুফরী করা।

(নাযমুদ্ দারার ফী তারতীবিল আয়াত ওয়াস সুরার, লেখক, ইমাম বাক্বায়ী, ৬ষ্ঠ খণ্ড, ৫৫পৃঃ)

ইমাম, ইবনে জারীর (রহঃ)ঃ

আল্লাহ ব্যতীত নিজের ইবাদত বা গোলামীর দিকে আহবান কারীর সংজ্ঞা দিতে গিয়ে তিনি বলেন, "যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান পরিত্যাগ করে অন্য কিছুর দিকে লোকদের নির্দেশ দেয়।" তিনি আরোও বলেনঃ ইয়াহুদীদের কিছু কিছু লোক আল্লাহর নাযিলকৃত বিধান পরিবর্তনের মাধ্যমে আল্লাহকে পরিত্যাগ করে লোকদের পূজা করত।

(তাফসীর ইবনে আবী হাইয়ান, ২য় খণ্ড, ৬৪পৃঃ)

ইমাম, সুদ্দী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীরে বলেনঃ

وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ "যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না।" যে ব্যক্তি এই নির্দেশ ইচ্ছাকৃতভাবে ছেড়ে দিবে অথবা জেনেশুনে বাড়াবাড়ি করবে, সে কাফির হয়ে যাবে।

(কালিমাতু হাক্ব, ৪৮পৃঃ)

ইমাম, ইবনে যায়েদ (রহঃ)ঃ

তিনি অত্র আয়াতের তাফসীরে বলেনঃ

وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ "যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করে না।" যে ব্যক্তি স্বহস্তে গ্রন্থ রচনা করে তদনুযায়ী ফয়সালা করে, আর আল্লাহর কিতাব প্রত্যাখ্যান করে এবং মনে করে যে, তার উক্ত কিতাবটি আল্লাহর পক্ষ্য হতে অবতীর্ণ, সে কাফির হয়ে গেল।

(ইবনে জারীর (রঃ) সূরা মায়িদার তাফসীরে এটা উল্লেখ করেছেন)

তিনি (রঃ) যেন বর্তমান শাসকদের অবস্থার বর্ণনা দিচ্ছেন। কেননা মুসলিম জাতি আবিদ ও তাতারদের রাজত্বকাল ব্যতীত অন্য কোন সময় এমন দুর্যোগের সম্মুখীন হয়নি। তা সত্ত্বেও বিচ্ছিন্নভাবে ইসলামী খিলাফত এর অস্তিত্বও ছিল। কিন্তু বর্তমান সময়ে প্রতিটি রাষ্ট্রে আল্লাহর আইন পরিহার করে বিচার করা হচ্ছে।

ইমাম, ইবনে জারীর ত্বাব্‌রী (রহঃ)ঃ

তিনি আল্লাহ্ তায়ালার অত্র আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেনঃ

وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ

"যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না, তারা কাফির।"

যে ব্যক্তি আল্লাহর ঐ বিধান যা তিনি স্বীয় কিতাবে নাযিল করেছেন এবং সেটাকে স্বীয় বান্দাদের মাঝে আইন নির্ধারণ করেছেন, তা গোপন করে অন্য কোন আইন দ্বারা ফয়সালা করবে فَأُولَٰئِكَ 'তারাই'- যারা আল্লাহ স্বীয় কিতাবে যা নাযিল করেছেন তদনুযায়ী বিচার করে না, কিন্তু তারা আল্লাহর বিধানকে পরিবর্তন ও বিকৃত করেছে এবং তিনি স্বীয় কিতাবে যে হক্ব অবতীর্ণ করেছেন, তা গোপন করেছে فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ তারা কাফির। তারা ঐ সকল ব্যক্তি, যে সত্যকে প্রকাশ করা ও স্পষ্ট করা তাদের দায়িত্ব ছিল, তা তারা গোপন করেছে, লোকদের থেকে আড়াল করে রেখেছে এবং অন্যটি তাদের নিকট প্রকাশ করেছে ও ঘুষ গ্রহণ করে রায় প্রদান করেছে।

(ইবনে জারীর, স্বীয় তফসীরে সূরা মায়িদার তাফসীরে উক্ত বক্তব্য উল্লেখ করেছেন)

ইমাম ইবনে রাহ্ওয়াইহ্ (রহঃ)ঃ

মুসলমানদের এ বিষয়ে 'ইজমা' হয়েছে যে, যে ব্যক্তি আল্লাহ তায়ালাকে গালি দেবে, অথবা রসূলুল্লাহ (সাঃ) কে গালি দেবে, কিংবা আল্লাহর নাযিলকৃত কোন বিধানকে দূরে ঠেলে দেবে, কিংবা কোন নবীকে হত্যা করবে, সে উক্ত কারণে কাফির হয়ে যাবে। যদিও সে আল্লাহ যা নাযিল করেছেন, তা স্বীকার করে।

(আস সারিমুল মাসলূল আলা শাতিমির রসূল, ইবনে তাইমিয়া প্রণীত, ৫১২ পৃঃ)

ইমাম শাফিয়ী (রহঃ)ঃ

তিনি বলেনঃ যে ব্যক্তি ইসলামী নীতির বিপরীতে ইজতেহাদ করল এবং আইন রচনা করল, তখন সে মুজতাহিদ হবে না এবং মুসলিমও থাকবে না, যখন সে কোন বিধান রচনা করতে চাইবে। উক্ত আইনটি ইসলাম অনুযায়ী হোক কিংবা বিপরীত হোক। বরং যখন তারা বিপরীত করবে, এর দ্বারা তাদের নিজেদের কুফরী কম হবে না। (কালিমাতু হাক্ব, ৯৬পৃঃ)

ইমাম, ইবনে হয্ম (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াত এর তাফসীর প্রসঙ্গে বলেনঃ

إِنَّمَا النَّسِيءُ زِيَادَةٌ فِي الْكُفْرِ

অর্থঃ "এই মাস পিছিয়ে দেয়ার কাজ কেবল কুফরীর মাত্রা বৃদ্ধি করে।"

(সূরা তাওবাহ, ৩৭)

যে ভাষায় কুরআন নাযিল হয়েছে, তার বিধান অনুসারে কোন বিষয়ে বৃদ্ধি পাওয়া অবশ্যই উক্ত বিষয় থেকেই হয়, অন্য কিছু থেকে নয়। সুতরাং বিশুদ্ধরূপে প্রমাণ হলো যে, 'পিছিয়ে দেয়া কুফরী।' এটি একটি আমল। অর্থাৎ আল্লাহ যা কিছু হারাম করেছেন, তা হালাল করে নেয়া।

(আল ফাস্ল, ৩য় খণ্ড, ২৪৫ পৃঃ)

শায়খ ডঃ আবদুল আযীয আবদুল লতীফ, ইবনে হযম (রহঃ) এর বক্তব্যের টীকায় বলেনঃ এই সকল আইন প্রণয়নকারী আল্লাহ যার কোন অনুমোদন দেননি, তারা তো এই সব ত্বাগুতী আইন প্রণয়ন করেছে এই বিশ্বাস নিয়ে যে, এগুলো সৃষ্টির জন্যে বেশী উপযোগী ও অধিক কল্যাণ কর। এই বিষয়টি তাদেরকে ইসলাম থেকে বের করে দিয়েছে। বরং ঐ আইনের

কোন একটির প্রতি সামান্য সম্মান প্রদর্শন করলেও তখন সে আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)- এর আইন এর প্রতি অসন্তোষ প্রকাশ করার জন্যে কাফির হয়ে গেলো এবং মিল্লাত পরিবর্তন করে ফেললো। আল্লাহ কর্তৃক অবতীর্ণ শরীয়াত হতে বের হয়ে এই আইন রচনার অনুমোদন ও বৈধ্যতার দিকে সম্পর্ক যুক্ত হলো। আর যে ব্যক্তি এই শরীয়াত বা আইন-কানুন হতে বের হওয়ার অনুমোদন দেয়, সে ব্যক্তি মুসলমানদের 'ইজমা' অনুসারে কাফির।

(নাওয়াকিযুল ঈমান আল-কওলিয়া ওয়াল আমালিয়া, ৩১৩ পৃঃ)

ইবনে হাযম (রহঃ) আরো বলেন, যে ব্যক্তি বিশ্বাস করে, কারো জন্যে এই অনুমোদন রয়েছে যে, যে বিষয় রসূল (সাঃ)- এর মৃত্যু পর্যন্ত হালাল ছিল, তা হারাম করবে, অথবা কোন বিষয় তাঁর (সাঃ)- এর মৃত্যু পর্যন্ত হারাম ছিল, তা হালাল করবে, কিংবা তাঁর (সাঃ)- এর মৃত্যু পর্যন্ত কোন 'হাদ্দ' (শাস্তি) ওয়াজিব ছিল না, তা ওয়াজিব করবে, অথবা এমন আইন প্রণয়ন করবে, যা তাঁর (সাঃ) জীবিতাস্থায় ছিল না, তবে সে কাফির, মুশরিক। তার রক্ত ও মাল হালাল। তার বিধান মুরতাদ এর বিধান অনুযায়ী হবে, এতে কোন পার্থক্য নেই। (আল ইহকাম, ১ম খণ্ড, ৭৩ পৃঃ)

তিনি আরো বলেনঃ যে ব্যক্তি মনে করে, রসূল (সাঃ)- এর মৃত্যুর পর কোন ব্যক্তি নবীর হাদীসকে মানসূখ করতে পারে এবং তাঁর (সাঃ) এর জীবনকালে ছিল না এমন আইন রচনা করতে পারে, তবে সে কুফরী করল, শিরক করল, তার রক্ত ও মাল হালাল এবং সে মূর্তিপূজারীদের সাথে মিশে গেল। কেননা সে আল্লাহ তায়ালার এই বাণীকে মিথ্যা বলছে।

الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا

অর্থঃ (আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণাঙ্গ করে দিলাম, তোমাদের প্রতি আমার অবদান সম্পূর্ণ করে দিলাম এবং ইসলামকে তোমাদের জন্যে দ্বীন হিসেবে পছন্দ করলাম। (সূরা মায়িদাহ, ৩)

আল্লাহ তায়ালা অন্যত্র বলেন,

وَمَن يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَن يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ

অর্থঃ "যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিণকালেও তা গ্রহণ করা হবে না এবং সে আখেরাতে ক্ষতিগ্রস্থ হবে।"

(সূরা আল ইমরান, ৮৫)

অনুরূপভাবে যে ব্যক্তি দাবী করবে, কিছু কিছু জিনিস রসূল (সাঃ)- এর যুগে বিধান অনুসারেই ছিল, অতঃপর তাঁর (সাঃ)- এর মৃত্যু পর ঐ বিষয়ে পরিবর্তন হয়ে গেছে, তবে সে ইসলাম ব্যতীত অন্য দ্বীন তালাশ করল। কেননা ঐ সকল ইবাদত, আইন, হারাম, মুবাহ ও ওয়াজিব বিষয়, যা তাঁর (সাঃ)- এর সময় ছিল ওটাই হচ্ছে ইসলাম, যা আল্লাহ তায়ালা আমাদের জন্যে পছন্দ করেছেন। ইসলাম ছাড়া অন্য কিছু নয়। অতএব, যে ব্যক্তি এ সকল বিষয় হতে কোন একটি পরিত্যাগ করল, তবে সে ইসলাম পরিহার করল।

যে ব্যক্তি এ ছাড়া অন্য কিছু আবিস্কার করল, সে তো ইসলাম ব্যতীত অন্য কিছু আবিস্কার করল। এ বিষয়ে কোন সন্দেহ নেই, আল্লাহ তায়ালা আমাদের কোন কিছুর সংবাদ প্রদান করেছেন, অথচ তা পূর্ণ করেননি। অত্র আয়াত নাযিল হওয়ার পর যতগুলো আয়াত অবতীর্ণ ও হাদীস বর্ণিত হয়েছে, প্রত্যেকটিতে পূর্বে অবতীর্ণ বিধানের তাফসীর, ব্যাখ্যা ও গুরুত্ব আরোপ করা হয়েছে। (ওয়া বিল্লাহি তায়ালা আত-তাওফীক্ব)।

(আল ইহ্‌কাম, ২য় খণ্ড, ১৪৪, ১৪৫, পৃঃ)

তিনি বলেন, রায় বা মতামত দ্বারা ওয়াজিব, অথবা হারাম, কিংবা মুবাহ সংক্রান্ত আইন রচনার বৈধতা, যে বিষয়ে আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ) স্পষ্ট বর্ণনা দেননি এবং আল্লাহ তায়ালা তাঁর রসূলের (সাঃ) যবানীতে যে আইন প্রণয়ন করেছেন, রায় দ্বারা তা বাতিল করার মধ্যে কোন পার্থক্য নেই। এতদুভয়ের মাঝে তফাৎ যে মানবরচিত বাতিল আইন দ্বারা স্বৈরশাসন চালানো হয়। এই দুটোই কুফরী, এতে কোন অস্পষ্টতা নেই।

(আল ইহ্‌কাম, ৬ষ্ঠ খণ্ড, ৩১ পৃঃ)

তিনি আরো বলেন, নতুন আইন রচনা করা চার প্রকার।

(এক) অবশ্য পালনীয় ফরযকে বিলুপ্ত করা। যেমন, সালাত- এর কিছু অংশ, বা সিয়াম- এর কিছু অংশ, কিংবা যাকাত- এর কিছু অংশ, অথবা হাজ্ব- এর কিছু অংশ, কিংবা যিনার কিছু হাদ্দ (শাস্তি), অথবা অপবাদের হাদ্দ (শাস্তি) এর কিছু অংশ বিলুপ্ত করা। অথবা ঐ সকল কিছু বিলুপ্ত করা।

(দুই) ঐ সকল বিষয়ের মধ্যে বৃদ্ধি ঘটানো, কিংবা নতুন ফরজ আবিস্কার করা।

(তিন) কোন হারাম বিষয়কে হালাল মনে করা। যেমন, শুকরের গোস্ত, মদ ও মৃত্যুকে হালাল করা।

(চার) অথবা কোন হালাল জিনিসকে হারাম করা। যেমন, ভেড়ার মাংস এবং এরকম অন্য কিছু হারাম ঘোষণা করা। অতএব, এর কোন একটি পদ্ধতির উক্তিকারী কাফির, মুশরিক, সে ইয়াহুদী ও খ্রীষ্টানদের সাথে যুক্ত। যে ব্যক্তি এর কোন একটির অনুমোদন দেবে, তাকে তাওবার সুযোগ না দিয়ে এবং যদি সে তাওবাহ করে, তবে তার তাওবা কবুল না করে, প্রত্যেক মুসলমানের ফরয দায়িত্ব হচ্ছে তাকে হত্যা করা। তার মাল-সম্পদ মুসলমাদের বাইতুল মালে জমা হবে। কেননা, সে তার দ্বীন পরিবর্তন করে ফেলেছে।

আর রসূল (সাঃ) বলেছেনঃ مَنْ بَدَّلَ دِيْنَهُ فَاقْتُلُوْهُ

যে ব্যক্তি তার দ্বীন পরিবর্তন করে ফেলে, তাকে হত্যা কর। এমন ধ্বংসাত্মক কর্মে লিপ্ত হওয়া থেকে আমরা আল্লাহ তায়ালার নিকট আশ্রয় প্রার্থনা করছি। (আল ইহ্‌কাম, ৬ষ্ঠ খণ্ড, ১১০ পৃঃ)

উসতাদ, আবু মানসুর আল বাগদাদী (রহঃ)ঃ

তিনি মিল্লাতে ইসলামিয়া হতে কিছু কিছু বহির্ভূত দলের স্পষ্ট হুক্‌ম সম্পর্কে বলেন, যে ব্যক্তি কোরআনে স্পষ্ট বর্ণিত হারাম বস্তুকে বৈধ করে নিল, অথবা কুরআন যাকে স্পষ্টভাবে বৈধ বলেছে, যাতে ব্যাখ্যার কোন অবকাশ নেই, তা হারাম করে দিল, সে ব্যক্তি মুসলিম উম্মাহ্‌ এর অন্তর্ভুক্ত নয়। (আল ফারকু বাইনাল ফিরাক, ১১ পৃঃ)

ইমাম, আবু হাইয়ান, আন্দালুসীঃ

যে ব্যক্তি (فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ তারাই কাফির) অত্র আয়াতে বর্ণিত 'কুফ্‌র' দ্বারা 'ছোট কুফর' প্রমাণ করেন, তা অস্বীকার করে তিনি বলেনঃ বলা হয়েছে, উদ্দেশ্য হচ্ছে, নিয়ামতের কুফরী করা। এই মতটি দুর্বল। কেননা, 'কুফ্‌র' যখন সাধারণভাবে বলা হবে, তখন দ্বীন সম্পর্কে কুফরী করা বুঝাবে। ইবনুল আমবারী অনুরূপ মন্তব্য করেছেন। সে এমন কাজ করল, যা কাফিরদের কর্মের সাথে সাদৃশ্যপূর্ণ। এই মতটিও দুর্বল। এর দ্বারা প্রকাশ্য অর্থ পরিত্যাগ করা হচ্ছে।

(তাফসীর আল বাহরুল মুহীত, ৩য় খণ্ড, ৪৯৩ পৃঃ)

ইমাম, রাযী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীরে বলেন,

فَلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرِهِ أَن تُصِيبَهُمْ فِتْنَةٌ أَوْ يُصِيبَهُمْ عَذَابٌ أَلِيمٌ

অর্থঃ অতএব যারা তাঁর আদেশের বিরুদ্ধাচরণ করে, তারা এ বিষয়ে সতর্ক হোক যে, বিপর্যয় তাদেরকে স্পর্শ করবে অথবা যন্ত্রণাদায়ক শাস্তি তাদেরকে গ্রাস করবে। (সূরা নূর, ৬৩)

নিশ্চয় এই আয়াত সমূহে দলীল রয়েছে, যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)- এর নির্দেশ সমূহের কোন একটি প্রত্যাখ্যান করবে, সে ইসলাম হতে বের হয়ে যাবে। সন্দেহের বশবর্তী হয়ে প্রত্যাখ্যান করুক, অথবা অবাধ্য হয়ে করুক, তাতে কোন পার্থক্য নেই। উক্ত বিষয়টি সাহাবীদের যাকাত আদায়ে অস্বীকারকারীদের মুরতাদ হওয়ার সিদ্ধান্ত সঠিক বলে প্রমাণ করছে।

(তাফসীরে কাবীর, ৩য় খণ্ড, কালিমাতু হক্ক সহ, লেখক, শায়খ, ডঃ উমর আবদুর রহমান, ৬৮ পৃঃ)

* ইসমাঈল আল ক্বাযী (রহঃ)ঃ

তিনি বলেন, সূরা মায়িদাহ- এর আয়াত প্রকাশ্যভাবে এই বিষয়টি প্রমাণ করছে যে, যে ব্যক্তি ইয়াহুদীদের মত আচরণ করবে এবং আল্লাহর আইনের বিপরীতে আইন উদ্ভাবন করে তদনুযায়ী আমল করে সেটা দ্বীন হিসেবে গ্রহণ করবে, তবে ঐ সকল লোক যে হুমকির সম্মুখীন হয়েছিল, তারাও অনুরূপ হুমকির মুখোমুখি হবে। এর দ্বারা নির্দেশ প্রদান করুক অথবা না করুক। (আহ্‌কামুল কুরআন, সূরা মায়িদাহ এর তাফসীর দ্রঃ)

ইমাম, জাস্‌সাস্‌ (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার উক্ত বাণী এর তাফসীর প্রসঙ্গে বলেনঃ

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

অর্থঃ অতএব, তোমার পালনকর্তার কসম, সে লোক ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক বলে মনে না করে! অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজের মনে কোন রকম সংকীর্ণতা পাবে না এবং তা সন্তুষ্টচিত্তে কবূল করে নেবে। (সূরা নিসা, ৬৫)

অত্র আয়াত প্রমাণ করছে যে, যে ব্যক্তি আল্লাহ তায়ালার নির্দেশ সমূহের কোন বিষয়, অথবা তাঁর রসূল (সাঃ)- এর আদেশ সমূহের যে কোন একটি প্রত্যাখ্যান করবে, সে ইসলাম থেকে বের হয়ে যাবে। সে ব্যক্তি সন্দেহবশত অথবা গ্রহণ না করে, কিংবা হৃষ্টচিত্তে কবূল না করে প্রত্যাখ্যাণ করলেও কোন তফাৎ হবে না। সাহাবীগণ যাকাত প্রদানে অস্বীকারকারীদের ক্ষেত্রে যে বিধান দিয়েছিলেন সেটা তাদের ক্ষেত্রেও নিশ্চিত ও সঠিকরূপে প্রযোজ্য হবে। অর্থাৎ সাহাবাগণ যাকাত প্রদাণে অস্বীকারকরীদের মুরতাদ ঘোষণা করে তাদেরকে হত্যা করেছিলেন এবং তাদের সন্তান-সন্ততিদের বন্দী করেছিলেন। কেননা, আল্লাহ তায়ালা বিধান দিয়েছেন, যে কেউ নবী (সাঃ)-এর ফয়সালা ও আইনকে অমান্য করবে, সে মু'মিন নয়।

(আহ্কামুল কুরআন, ইমাম জাস্সাস্; ৩য় খণ্ড, ১৮১ পৃঃ)

ইমাম, আবু ইয়ালা (রহঃ)ঃ

তিনি বলেন, যে ব্যক্তি এ বিশ্বাস পোষণ করলো যে, আল্লাহ তায়ালা অকাট্য প্রমাণ দ্বারা যা কিছু হারাম করেছেন, তা হালাল। কিংবা উক্ত বিষয়ে রসূলুল্লাহ (সাঃ) থেকে প্রমাণ রয়েছে, অথবা মুসলমানগণ উক্ত বিষয়টি হারাম হওয়া সম্পর্কে 'ইজমা' করেছেন, তবে সে কাফির।

যেমন কোন ব্যক্তি মদ পান করা বৈধ করল, সলাত, সিয়াম ও যাকাতকে নিষিদ্ধ ঘোষণা করল। তদ্রূপ, যে ব্যক্তি আল্লাহর হালালকৃত কোন বিষয়কে হারাম ঘোষণা দিল, যে সম্পর্কে তিনি অকাট্য 'নছ' দ্বারা বৈধতার বিবরণ দিয়েছেন, বা যেটা রসূলুল্লাহ (সাঃ) বৈধ করেছেন, অথবা মুসলমানগণ 'ইলম' দ্বারা উক্ত জিনিসটি বৈধ বলেছেন, তবে সে ব্যক্তি কাফির। যেমন কোন ব্যক্তি বিবাহ, ও আল্লাহর বৈধ পন্থায় ব্যবসা-বাণিজ্য এবং এরূপ অন্য কিছু হারাম করে দিল, তবে সে ব্যক্তি মুসলমানদের ইজমা অনুসারে কাফির।

(আল-মু'তামাদ ফী উসূলিদ দ্বীন, ২৭১, ২৭২ পৃঃ)

ইমাম, দাউদী (রহঃ)ঃ

"আবীদগণ ও তাদের অনুসারীরা, যারা বর্তমান শাসকদের ন্যায় শরীয়তের বিধান প্রয়োগ করত না। তারা তাদের ফাসিদ আকিদা গোপন করার জন্যে নাস্তিক হয়েছে। এজন্য তাদেরকে উক্ত নামে ডাকা হয়।" এদের সম্পর্কে তাঁকে প্রশ্ন করা হলে তিনি বলেন, তাদের ঐ খত্বীব যে তাদের খুত্ববা প্রদান করে ও সে জুমআর দিনে তাদের জন্য দু'আ করে, সে কাফির, তাকে হত্যা করতে হবে, তাকে তাওবাহ্ করতে বলা হবে না, তার স্ত্রী তার জন্য হারাম, সে কারো ওয়ারিস হবে না এবং অন্য কেউ তার ওয়ারিস হবে না। তার মাল মুসলমানদের জন্যে মালে ফাঈ' হিসেবে গণ্য হবে। তার দাসীদের আযাদ করে দেয়া হবে। তার মুদারবারগণ (মুনিবের মৃত্যুর সাথে আযাদ হবে, এমন শর্তযুক্ত গোলাম) মুসলমানদের অধিকারে এসে যাবে। তার মৃতুর সাথে সাথে তাদের এক তৃতীয়াংশ আযাদ করা হবে। কেননা সে আর তার মাল নয়।

তার মুকাতাবগণকে (নির্দিষ্ট অংক পরিশোধের ভিত্তিতে মুক্তিলাভের চুক্তিতে আবদ্ধ দাস) মুসলমানদের অধিকারে ফিরে দেয়া হবে। এবং অর্থ পরিশোধের মাধ্যমে তাদের আযাদ করে দেয়া হবে। অপারগ হওয়ার জন্যে তাদের প্রতি সহানুভূতি দেখানো হবে। তার প্রত্যেক হুকুম, কাফির এর হুকুম-এর ন্যায়। সে যদি অনুশোচনা প্রকাশের জন্যে অপসারণের পূর্বেই তাওবাহ করে, জাতীর চাপের মুখে নয়, তবে তার তাওবাহ কবূল করা হবে আর যদি অপসারণের পর কিংবা চাপের মূখে তাওবাহ করে, তবে তার তাওবাহ গ্রহণ করা হবে না। যে ব্যক্তি ভীত-সন্ত্রস্ত হয়ে তার পিছনে জুমআর সালাত আদায় করবে, সে যুহ্রের চার রাকআত সালাত আদায় করে নিবে। অতঃপর ঐ স্থান পরিত্যাগ করা সম্ভব হলে, সে আর তার পেছনে সলাত আদায় করবে না। তার পরিবার-পরিজন বেশী হওয়া বা অন্য কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

("তারতীবুল মাদারিক ওয়া তাক্বরীবুল মাসালিক" ৭ম খণ্ড, ২৭৪পৃঃ গ্রন্থকার, ক্বাযী ইয়ায; "ফাতওয়া খাত্বীরাহ", ৯, ১০পৃঃ, সহ; গ্রন্থকার, শায়খ, আবু ক্বাতাদাহ্ ফিলিস্তীনী)

ইমাম, আবদুল্লাহ আর রুয়াইনী (রহঃ)ঃ

তিনি 'ইজমাউ উলামায়িল ক্বাইরাওয়ান' নামে একটি গ্রন্থ রচনা করে তাতে উল্লেখ করেছেন, বাণী আবীদ- এর অবস্থা, মুরতাদ ও নাস্তিকদের অবস্থার অনুরূপ। মুরতাদদের অনুরূপ এজন্যে যে, তারা শরীয়াতের বিরুদ্ধে ওটা প্রকাশ করেছে, অতএব 'ইজমা' অনুসারে কাউকে তাদের উত্তরাধিকারী করা হবে না। এবং নাস্তিকদের অনুরূপ একারণে যে, তারা তা'ত্বীল গোপন করেছে। অতঃপর তাদের নাস্তিক হওয়ার জন্যে হত্যা করা হবে। তারপর তিনি মন্তব্য করেন, কাউকে তাদের মাজহাবে জোরপূর্বক প্রবেশ করানোর ওজর গ্রহণ করা হবে না।

এছাড়া অন্যান্য সকল কুফরীর বিধান অন্য রকম। কেননা সে তাদের কুফরী জানার পরেও এমন সিদ্ধান্ত নিয়েছে। একাজ তার জন্যে বৈধ নয়। কুফরীতে প্রবেশের পরিবর্তে শাহাদত লাভ করাই উত্তম। আহলে সুহনূনগণ এই মত অনুসারে মুসলমানদের ফাতওয়া দিতেন।

(উপরের গ্রন্থ দ্রঃ শাইখ, আবু ক্বাতাদাহ ফিলিস্তীনী এর রিসালাহ সহ, ১১ পৃঃ)

ইমাম, আবু মুহাম্মাদ আল কুবরানী (রহঃ)ঃ

"বাণী আবীদ কাউকে তাদের দাওয়াতে প্রবেশ করতে বাধ্য করলে অথবা তাকে মেরে ফেলার হুমকি দিলে" এ বিষয়ে তাকে প্রশ্ন করা হলে তিনি উত্তরে বলেন, সে শাহাদাতকে বেছে নিবে। এটা কারো ওজর হিসাবে গ্রহণ করা হবে না। এবং এ বিষয়ে জ্ঞান লাভের পর কোন কিছুর আশঙ্কাকে ওজর বলে বিবেচিত হবে না। কেননা এটা এমন একটি ক্ষেত্র, যেখানে তার নিকট হতে শরীয়াত শূণ্য করা হচ্ছে। আর একাজ বৈধ নয়।

(উপরের গ্রন্থ দ্রঃ শাইখ, আবু ক্বাতাদাহ্, ফিলিস্তীনী এর রিসালাহ্ সহ, ১০ পৃঃ)

ইমাম, জুয়াইনী (রহঃ)ঃ

তিনি যে সকল লোক গুনাহ করা হালাল মনে করে, তাদের অবস্থা আলোচনার পর বলেন, এই মাসলাকটি যারা পারস্য সম্রাটদের পন্থা ও উত্তম দ্বীন বিলুপ্তকারী বাদশাহদের নিয়ম-নীতি গ্রহণ করেছে তাদের কি চমৎকার নিকটবর্তী। যারা এদের সাথে লেগে থাকবে তারা ময়দার তাল থেকে যেমন কেশ বের হয়, তদ্রূপ দ্বীনের বন্ধন থেকে বের হয়ে যাবে।

(গিয়াছুল উমাম, ২২২ পৃঃ; আল খুত্বুতুল আরীযাহ ফী মানহাজিল জামায়াতিল মুকাতালাহ্, ১১২পৃঃ)

শাইখ, আবূ বকর, তুরতূশীঃ

তিনি বলেন, প্রত্যেক ঐ ব্যক্তি যে, আল্লাহ তায়ালার পক্ষ্য হতে এবং রসূল (সাঃ)- এর তরফ থেকে যে বিধান এসেছে, তদনুযায়ী ফয়সালা করে না, তার ক্ষেত্রে এই তিনটি বিশেষণ প্রযোজ্য। অর্থাৎ, সে কাফির, যালিম ও ফাসিক, যেগুলো সূরা মায়িদাহ- এর আয়াত সমূহে বর্ণিত হয়েছে।

(নাছীহাতু আহলিল ইসলাম, ১৯৪ পৃঃ)

ইমাম, কুরতুবী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেনঃ

فَلَا تَقْعُدُوا مَعَهُمْ حَتَّىٰ يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ إِنَّكُمْ إِذًا مِّثْلُهُمْ

অর্থঃ তখন তোমরা তাদের সাথে বসবে না, যতক্ষণ না তারা অন্য প্রসঙ্গে চলে যায়। তা না হলে তোমরাও তাদেরই মত হয়ে যাবে।

(সূরা নিসা, ১৪০)

অত্র আয়াত গুনাহগারদের সংস্পর্শ থেকে দূরে অবস্থান করা ওয়াজিব করছে- যখন তাদের থেকে জঘন্য কর্ম প্রকাশ পাবে। কেননা যে ব্যক্তি তাদের হতে দুরে থাকবে না, সে তো তাদের কার্যকলাপে সন্তুষ্ট হল। অতএব, কুফরীতে সন্তোষ প্রকাশ করাও কুফরী।

(তাফসীরে কুরতুবী, ৫ম খণ্ড, ৪১৮পৃঃ)

তদ্রূপ তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াত সম্পর্কে বলেনঃ

فَوَيْلٌ لِّلَّذِينَ يَكْتُبُونَ الْكِتَابَ بِأَيْدِيهِمْ ثُمَّ يَقُولُونَ هَٰذَا مِنْ عِندِ اللَّهِ لِيَشْتَرُوا بِهِ
ثَمَنًا قَلِيلًا فَوَيْلٌ لَّهُم مِّمَّا كَتَبَتْ أَيْدِيهِمْ وَوَيْلٌ لَّهُم مِّمَّا يَكْسِبُونَ

অর্থঃ অতএব, তাদের জন্যে আফসোস! যারা নিজ হাতে গ্রন্থ লেখে এবং বলে, এটা আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ- যাতে এর বিনিময়ে সামান্য অর্থ গ্রহণ করতে পারে। অতএব তাদের প্রতি আক্ষেপ, তাদের হাতে লেখার জন্যে এবং তাদের প্রতি আক্ষেপ, তাদের উপার্জনের জন্যে।

(সূরা বাকারা, ৭৯)

অত্র আয়াত ও পূর্ববর্তী আয়াতে শরীয়াতে পরিবর্তন, পরিবর্ধন করার ক্ষেত্রে সতর্ক করা হয়েছে। অতএব, প্রত্যেক ঐ ব্যক্তি যে এ দ্বীনে পরিবর্তন করবে, অথবা এই দ্বীনে যা ছিল এবং যা বৈধ নয় তা উদ্ভাবন করল, সে ব্যক্তি এই কঠিন ধমকী ও যন্ত্রণাদায়ক শাস্তির আওতায় পড়বে।

রসূল (সাঃ) যখন শেষ যামানার অবস্থা জানতে পেরেছেন, তখন তিনি তাঁর উম্মাতকে সতর্ক করেছেন।

তিনি বলেনঃ

اَلاَ اِنَّ مَنْ قَبْلَكُمْ مِنْ اَهْلِ الْكِتَابِ اِفْتَرَقُوْا عَلٰى اِثْنَتَيْنِ وَسَبْعِيْنَ مِلَّةً وَاِنَّ هٰذِهِ الاُمَّةَ سَتَفْتَرِقُ عَلٰى ثَلاَثٍ وَّسَبْعِيْنَ مِلَّةً كُلُّهَا فِى النَّارِ اِلاَّ وَاحِدَةً...

সাবধান! তোমাদের পূর্বে আহলে কিতাবগণ বাহাত্তর দলে বিভক্ত হয়েছিল, আর নিশ্চয় এই উম্মাত সত্বর তিয়াত্তর দলে বিভক্ত হবে। একদল ব্যতীত প্রত্যেকটি দল জাহান্নামে যাবে।

(আহমাদ, আহমাদ শাকির এটাকে সহীহ বলেছেন; ইবনে মাজাহ, আলবানী এটাকে সহীহ বলেছেন)

অতএব, তিনি তাদেরকে এই বলে সতর্ক করেছেন- তারা যেন দ্বীনের মধ্যে আল্লাহর কিতাব অথবা তার রসূলের সুন্নাত, কিংবা সাহাবাদের সুন্নাতের বিপরীতে নিজেদের পক্ষ হতে কোন কিছু আবিস্কার না করে। অথচ তিনি যা থেকে সাবধান করেছেন, সেটাই সংঘটিত ঘটেছে, বিস্তার করেছে, বৃদ্ধি পেয়েছে এবং ছড়িয়ে পড়েছে। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন!

(তাফসীর কুরতুবী, ২য় খণ্ড, ৯পৃঃ)

ইমাম, বায়যাবী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার উক্ত বাণীর তাফসীর প্রসঙ্গে বলেনঃ

وَمَا أَرْسَلْنَا مِن رَّسُولٍ إِلَّا لِيُطَاعَ بِإِذْنِ اللَّهِ

অর্থঃ বস্তুতঃ আমি একমাত্র এই উদ্দেশ্যেই রসূল প্রেরণ করেছি, যাতে আল্লাহর নির্দেশানুযায়ী তাঁদের আদেশ-নিষেধ মান্য করা হয়। (সূরা নিসা, ৬৪)

তিনি অত্র আয়াত দ্বারা প্রমাণ করেছেন, যে ব্যক্তি তাঁর ফয়সালার উপর সন্তুষ্ট নয়, ইসলাম প্রকাশ করলেও সে কাফির, হত্যার যোগ্য। এর ব্যাখ্যা হচ্ছে, রসূল প্রেরণের উদ্দেশ্যেই হচ্ছে তার আনুগত্য করা। অতএব, যে ব্যক্তি তার আনুগত্য করল না এবং তার ফয়সালার প্রতি সন্তুষ্ট নয়, সে তার রিসালাতকে কবূল করেনি। আর যে ব্যক্তি অনুরূপ হবে সে কাফির ও হত্যার যোগ্য হবে।

(আনওয়ারুত তানজীল ওয়া আসরারুত তা'বীল, শাইখ, নাছিরুদ্দীন আবদুল্লাহ ইবনে উমার বায়যাবী প্রণীত, ১ম খণ্ড, ২২২পৃঃ দারুল কুতুবিল ইলমিয়াহ, বৈরুত)

ইমাম, বাগবী (রহঃ)ঃ

তিনি বলেন, জুমহুর উলামাগণ বলেনঃ বিধানের ক্ষেত্রে কুফরী হচ্ছে- তাতে অজ্ঞতাবশত নয় এবং ব্যাখ্যায় ভুল করে নয়। বরং ইচ্ছা করে অকাট্য প্রমাণের বিরোধিতা করা। (উপরের গ্রন্থ দ্রঃ ৫০পৃঃ)

শাইখুল ইসলাম, ইবনে তাইমিয়া (রহঃ)ঃ

তিনি (রহঃ) বলেন, কোন মানুষ যখন ইজমা অনুষ্ঠিত হয়েছে এমন হারাম বিষয়কে হালাল করবে, ও ইজমা অনুষ্ঠিত হয়েছে এমন হালাল বিষয়কে হারাম করবে এবং ইজমা অনুষ্ঠিত হয়েছে এমন কোন আইনকে পরিবর্তন করবে, তখন সে ফুকাহাদের ঐক্যমতে কাফির ও মুরতাদ হয়ে যাবে। (মাজমূউল ফাতাওয়া, ৩য় খণ্ড, ২৬৭পৃঃ)

'অনুরূপভাবে তিনি বলে, এতে কোন সন্দেহ নেই, যে ব্যক্তি আল্লাহ তাঁর রসূল (সাঃ)- এর উপর যা নাযিল করেছেন তদনুযায়ী ফায়সালা করা ওয়াজিব মনে করে না, সে কাফির। সুতরাং যে ব্যক্তি আল্লাহ্র নাযিলকৃত বিধানের অনুসরণ না করে নিজের মত বা সিদ্ধান্তকে ন্যায় ও ইনসাফ মনে করে লোকদের মাঝে ফয়সালা করা হালাল মনে করবে, সে কাফির। কেননা প্রত্যেক জাতি ন্যায় ও ইনসাফ অনুসারেই ফয়সালা করে। তাদের নেতৃস্থানীয় ব্যক্তিদের মতামতই তাদের ধর্মে ইনসাফ বলে গণ্য হয়। বরং এমন অনেক লোক আছে যারা নিজেদের ইসলামের সাথে সম্পৃক্ততার দাবি করে, অথচ স্বীয় রীতি ও প্রথা অনুযায়ী বিচার করে, যে সম্পর্কে আল্লাহ কোন বিধান নাযিল করেননি।

যেমন, যাযাবরদের পুরাতন কাহিনী ও নীতি এবং তাদের নেতাদের বিধি-নিষেধ সমূহ। এবং তারা মনে করে কিতাব ও সুন্নাহ ব্যতীত এই বিধান অনুসারে ফয়সালা করা উচিত। এটাই তো কুফ্রী। নিশ্চয় অনেক লোক এমন রয়েছে, যে বলে আমরা ইসলাম গ্রহণ করেছি, কিন্তু এতদসত্ত্বেও তারা নেতাদের নির্দেশক্রমে তাদের মধ্যে প্রচলিত রীতি ও প্রথা অনুযায়ীই বিচার করে। এই লোকেরা যখন জানতে পারে আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত ফয়সালা করা জায়েয নয়, তখন তারা ওটা বাধ্যতামুলক গ্রহণ করে না। বরং তারা আল্লাহর নাযিলকৃত বিধানের বিপরীত ফয়সালা করা হালাল মনে করে। অতএব তারা কাফির।

আল্লাহ যা নাযিল করেছেন তাদনুযায়ী ফয়সালা করা নবীর (সাঃ) উপর ওয়াজিব এবং প্রত্যেক ঐ ব্যক্তি যে তাঁর আনুগত্য করে তার উপরে ওয়াজিব। যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর ফয়সালাকে বাধ্যতামূলক গ্রহণ করবে না, সে কাফির। (মিনহাজুস সুন্নাতিন নাবাবিয়া, ৩য় খণ্ড, ২২ পৃঃ)

তাঁকে তাতারদের সঙ্গে যুদ্ধ করা প্রসঙ্গে জিজ্ঞেস করা হলে, "অথচ তারাও আল্লাহ ও তাঁর রসূলের প্রতি ঈমানের সাক্ষী দেয় এবং ইসলামের মৌলিক বিষয়ের অনুসরণের দাবী করে" উত্তরে তিনি বলেন, প্রত্যেক জাতি যারা ইসলামের প্রকাশ্য আইন-কানুনকে বাধ্যতামুলক গ্রহণ করতে নিষেধ করে, এই লোকেরাই হোক বা অন্য কেউ, তাদের সাথে যুদ্ধ করা ওয়াজিব। যতক্ষণ তারা ইসলামের আইন বাধ্যতামুলক মেনে না নেয়। যদিও তারা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি ঈমানের সাক্ষী দেয় এবং ইসলামের কিছু বিধান বাধ্যতামূলক গ্রহণ করে। যেমন, ছালাত।

যেরূপভাবে আবূ বকর (রাঃ) ও সাহাবীগণ যাকাত আদায়ে বাধাদানকারী লোকদের সাথে যুদ্ধ করেছিলেন। এবং এই নীতির উপরেই পরবর্তী ফক্বীহগণ ঐক্যমত পোষণ করেছেন। অতএব যে সম্প্রদায় ফরয ছালাত, অথবা সিয়াম, কিংবা হজ্ব, কিংবা কাফেরদের সাথে বাধ্যতামূলক জিহাদ করাকে বাধাদান করবে, উক্ত বাধাদানকারী সম্প্রদায়ের সঙ্গে এই জন্যে যুদ্ধ করা হবে। যদিও তারা উক্ত বিষয়ে স্বীকৃতি প্রদান করে। এ বিষয়ে আলেমদের কোন মতভেদ আছে বলে আমার জানা নেই। মুহাক্কিকদের নিকট এই লোকেরা বিদ্রোহী বলে গণ্য হবে না, বরং তারা ইসলাম হতে বহির্ভূত।

(আল-ফাতাওয়া আল কুবরা, বাবুল জিহাদ)

তিনি আরো বলেন, যে সম্প্রদায় ফরয সালাতের কিছু অংশে বাধা প্রদান করল, অথবা সিয়াম, কিংবা হাজ্ব পালনে বাধা দিল, কিংবা রক্ত, মাল, মদ, যিনা ও জুয়া হারাম করা সংক্রান্ত বিষয়ে বাধ্যতামূলক বাধা দিল, অথবা মাহরাম ব্যক্তিকে বিবাহ করা হারাম হওয়া বিষয়কে বাধ্যতামূলক হালাল করল, কিংবা কাফিরদের সাথে বাধ্যতামূলক জিহাদ করাকে নিষিদ্ধ করল, অথবা আহলে কিতাবদের উপর জিযিয়া নির্ধারণে নিষেধ করল। এছাড়া দ্বীনের অন্যান্য ওয়াজিব ও হারাম বিষয়ে বাধা দিল, যা কোন অস্বীকারকারী ও পরিত্যাগকারী তার ওয়াজিব প্রত্যাখ্যান করার ওযর হিসেবে দাঁড় করাতে পারবে না।

এই বাধাদানকারী সম্প্রদায়ের সাথে উক্ত কারণে যুদ্ধ করা হবে, যদিও তারা ঐ গুলোর স্বীকৃতি প্রদান করে। এ বিষয়ে আলেমদের কোন মতভেদ আছে বলে আমার জানা নেই। ফকীহ্‌গণ শুধু এমন বাধাদানকারী সম্প্রদায়ের বিষয়ে মতভেদ করেছেন, যারা কিছু কিছু সুন্নাত পরিত্যাগ করতে জিদ করে। যেমন, ফজরের দুই রাকাত সুন্নাত, আযান, ও ইক্বামত, যারা এগুলোকে ওয়াজিব বলেন না। এরূপ অন্যান্য বিধান।

উক্ত কারণে এমন বাধাপ্রদানকারী সম্প্রদায়ের সাথে যুদ্ধ করা হবে কি না? কিন্তু উপরোল্লেখিত ওয়াজিব ও হারাম বিষয় এবং অনুরূপ কোন বিষয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে কোন মতবিরোধ নেই। মুহাক্কিক আলেমদের নিকট এই সকল লোক বিদ্রোহী বলে গণ্য হবে না। তারা ইসলাম থেকে খারিজ ও বহির্ভূত। (মাজমূউল ফাত্‌ওয়া, ২৮তম খণ্ড, ৫০৩পৃঃ)

তিনি তার পুস্তিকা 'তাসয়ীনিয়া' তে বলেন, কোন কিছু ওয়াজিব করা এবং হারাম করা শুধুমাত্র আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর জন্য নির্দিষ্ট। অতএব যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর নির্দেশ ব্যতীত কোন কাজ করল, অথবা কোন কিছু ছেড়ে দিল, এবং ওটাকে দ্বীন হিসেবে আইন করে দিল, সে তো আল্লাহর জন্যে এক শরীক নির্ধারণ করে নিল এবং তাঁর (সাঃ)-এর জন্য একজন প্রতিপক্ষ তৈরী করে নিল। যেমন মুশরিকরা আল্লাহর জন্য অনেক শরীক নির্ধারণ করে নিয়েছিল। এবং যেমন মুরতাদগণ যারা মুসাইলামাতুল কাযযাব এর প্রতি ঈমান আনয়ন করেছিল।

এই বিষয়টি এমন, যে সম্পর্কে আল্লাহ তায়ালা বলেনঃ

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُم مِّنَ الدِّينِ مَا لَمْ يَأْذَن بِهِ اللَّهُ

অর্থঃ "তাদের কি এমন কিছু উপাস্য রয়েছে যারা তাদের জন্য বিধান দিয়েছে এমন দ্বীনের যার কোন অনুমোদন আল্লাহ দেননি।"

(সূরা শূরা, ২১) (মাজমূয়া ফাত্‌ওয়া, ইবনে তাইমিয়া, ৫ম খণ্ড, ১৪পৃঃ)

তিনি আরো বলেন, আল্লাহর নিকট হতে অবতীর্ণ আইন হচ্ছে- কিতাব ও সুন্নাহ। যা দিয়ে আল্লাহ তায়ালা তাঁর রসূল (সাঃ)-কে প্রেরণ করেছেন। অতএব, এই শরীয়াত তথা আইন-কানুন থেকে সৃষ্টির কারো পক্ষে বের হয়ে যাওয়া অসম্ভব। কাফিররাই শুধু তা হতে বের হয়ে যায়।

(মাজমূয়া ফাত্‌ওয়া, ১১শ খণ্ড, ২৬২পৃঃ)

ইমাম, ইবনে কাইয়িম আল জাওযিয়াহ্ (রহঃ)ঃ

তিনি বলেন, আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা না করার কুফরী বিচারকের অবস্থা অনুসারে দুই প্রকার। (১) ছোট (২) বড়। সে যদি শাস্তিযোগ্য অপরাধ মনে করে একটি বিষয়ে আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব বিশ্বাস রাখে, তবে এটা ছোট কুফর। আর যদি সে এটা ওয়াজিব মনে না করে এবং উক্ত বিষয়ে তার স্বাধীনতা দাবী করে, অথচ এটিকে আল্লাহর বিধান হিসেবে বিশ্বাস করে তবে এটা বড় কুফর। (মাদারিজুস সালিকীন, ১ম খণ্ড, ৩৩৬পৃঃ)

উল্লেখ্য যে, তিনি (রহঃ) যদি আমাদের এই সময়ে জীবিত থাকতেন এবং ত্বাগুত শাসকদের স্পষ্ট শরীয়াতকে পরিপূর্ণ ও বিস্তারিতভাবে বিরোধীতা করার পরিধি অবলোকন করতেন এবং কিরূপে তারা আল্লাহর পথ ও পদ্ধতির বিপরীতে পূর্ণ পথ ও পদ্ধতি উদ্ভাবন করেছে এবং তারা আল্লাহর আইন-কানুনকে নিজেদের মনগড়া আইন দ্বারা পরিবর্তন করেছে, তবে তিনি তার ক্ষেত্রে ঐরূপ ফয়সালা দিতেন, যেভাবে তিনি বিধানের ক্ষেত্রে স্বাধীনতার দাবীদার ব্যক্তির উপর দিয়েছেন। সাবধান! এটাই হচ্ছে স্পষ্ট কুফরী, যা তাকে মিল্লাত হতে বের করে দেয়।

*** তিনি অন্যত্র বলেন, যে ব্যক্তি রসূল (সাঃ) যা নিয়ে এসেছেন এছাড়া অন্য কারো নিকট বিচার নিয়ে যায় অথবা বিচার চায়, তবে সে ত্বাগূতকে বিচারক নির্ধারণ করল এবং তার নিকটেই মকদ্দমা নিয়ে গেল। “প্রত্যেক ঐ ব্যক্তি, যে তার সীমা অতিক্রম করে, ইবাদত, অনুসরণ অথবা আনুগত্যের মাধ্যমে তাকে ত্বাগুত বলে।”

“অতএব প্রত্যেক জাতির ত্বাগুত হচ্ছে ঐ ব্যক্তি যার নিকট লোকেরা আল্লাহ ও তাঁর রসূল (সাঃ) ব্যতীত বিচার প্রার্থনা করে।” বা “তারা আল্লাহ ব্যতীত তার ইবাদত করে।”

ইমাম, হাফিজ, ইবনে কাসীর (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেনঃ

أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ

অর্থঃ তবে কি তারা জাহেলী যুগের মীমাংসা কামনা করে? আর দৃঢ় বিশ্বাসীদের কাছে মীমাংসা কার্যে আল্লাহর চেয়ে কে উত্তম হবে?

(সূরা মায়িদা, ৫০)

মহান আল্লাহ ঐ লোকগুলোর কথার প্রতি অস্বীকৃতি জানিয়ে বলেছেনঃ যারা আল্লাহর এমন হুকুম থেকে দুরে সরে থাকে যার মধ্যে সমস্ত মঙ্গল বিদ্যমান রয়েছে এবং সমস্ত অমঙ্গল দূরে আছে, এরূপ পবিত্র হুকুম থেকে সরে গিয়ে কিয়াসের দিকে, কুপ্রবৃত্তির দিকে এবং ঐসব হুকুমের দিকে ঝুকে পড়ে যা লোকেরা কোন দলীল প্রমাণ ছাড়াই নিজেদের পক্ষ থেকেই বানিয়ে নিয়েছে।

যেমন আহলে জাহেলীয়াত ও আহলে যালালাত (গোমরাহ সম্প্রদায়) নিজেদের মত ও মর্জি মোতাবেক হুকুম আহকাম জারি করতো এবং যেমন তাতারিগণ রাষ্ট্রীয় কাজ কারবারে চেঙ্গিস খানি হুকুমের অনুসরণ করতো, যা আল-ইয়াসিক তৈরী করে দিয়েছিল। ওটা ছিল বহু সম্বলিত আহকামের দফতর, যা বিভিন্ন শরীয়াত ও মাজহাব হতে ছেঁটে নেয়া হয়েছিল। ওটা ছিল ইয়াহুদিয়াত, নাসরানিয়াত, ইসলামিয়াত ইত্যাদি সমস্ত আহকামের সমষ্টি, আবার তাতে এমনও কতক আহকাম ছিল যা শুধুমাত্র জ্ঞান, মত ও সূক্ষ্ম চিন্তা দ্বারা আবিস্কার করা হয়েছিল এবং যার মধ্যে প্রবৃত্তিরও সংযোগ ছিল।

সুতরাং ঐ সমষ্টিই তাদের সন্তানদের নিকট আমলের যোগ্য বিবেচিত হতো এবং ওকেই তারা কিতাব ও সুন্নাতের উপর প্রাধান্য ও অগ্রাধিকার দিয়েছিল। প্রকৃতপক্ষে এরূপ কার্য সম্পাদনকারীরা কাফির এবং তাদের বিরুদ্ধে জিহাদ করা ওয়াজিব। যে পর্যন্ত তারা ঐসব ছেড়ে দিয়ে আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)- এর দিকে প্রত্যাবর্তন না করে এবং যে কোন ছোট, বড়, গুরুত্বপূর্ণ ও সাধারণ ব্যাপারে কিতাব ও সুন্নাহ ছাড়া অন্য কোন হুকুম গ্রহণ না করে।

(তাফসীর আল কুরআনুল আযীম, ২য় খণ্ড, ৭০পৃঃ; আল বিদায়া ওয়ান নিহায়া, ১৩তম খণ্ড, ১১৯পৃঃ)

তিনি আরো বলেন, যে ব্যক্তি স্পষ্ট শরীয়াত যা মুহাম্মদ ইবনে আবদুল্লাহ, খাতামুন নাবিইয়ীন- এর উপর অবতীর্ণ হয়েছে তা পরিত্যাগ করতঃ পূর্বের মানসুখ শরীয়াত সমূহের নিকট বিচার নিয়ে যায়, সে কাফির। অতএব, যে ব্যক্তি ইয়াসিক-এর আইন-কানুনকে প্রাধান্য দিয়ে তার কাছে বিচার নিয়ে যায় তার অবস্থা কিরূপ হবে, যে কেউ এমন কাজ করবে, সে মুসলমানদের ইজমা অনুযায়ী কাফির হয়ে যাবে।

(আল- বিদায়া ওয়ান নিহায়া, ১৪তম খণ্ড, ১২৯পৃঃ)

ইমাম, ইবনে আবিল আয্ হানাফী (রহঃ)ঃ

শাসক যদি বিশ্বাস করে, আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব নয়। অথবা সে এক্ষেত্রে স্বাধীন কিংবা এটা আল্লাহর বিধান তাতে সে দৃঢ় বিশ্বাস রাখে, তবুও এটাকে সে হালকা মনে করল, তবে তা সবচেয়ে বড় কুফ্র। (সরহুল আকীদাতিত ত্বাহাবিয়া, ২য় খণ্ড, ৪৪৬পৃঃ)

উল্লেখ্য যে, বর্তমান শাসকরা এর প্রত্যেকটি অপরাধে লিপ্ত। বরং তারা দাবী করে, বর্তমান যুগে আল্লাহর ফয়সালার চেয়ে তাদের আইন-কানুন উত্তম ও অধিক উপযোগী। যারা আল্লাহর আইন অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব এই কথার দিকে আহবান করে, এদের প্রত্যেককে তারা পশ্চাদগামী, অনুন্নত ও বোকা বলে আখ্যায়িত করে।

ইমাম, আবুস সুউদ (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার বাণীর তাফসীর প্রসঙ্গে বলেন,

(وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ -যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না) শুধুমাত্র খাতাবীন (সম্বোধিব ব্যক্তি) নয়, যে কেউ হোক না কেন, তারা উক্ত হুকুমের প্রথমভাগে অন্তর্ভুক্ত থাকবে। নিশ্চয় যে ব্যক্তি ওটা হালকা মনে করে তদনুযায়ী ফয়সালা করবে না (فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ - তারাই কাফির) তারা ওটা হালকা মনে করার জন্যে। যেখানে শুধুমাত্র আল্লাহ নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা পরিহার করার জন্যেই কুফর-এর হুকুম প্রয়োগ করা হয়েছে। অতএব কিরূপ হবে, যেক্ষেত্রে এর বিপরীত আইন যুক্ত হয়েছে। বিশেষ করে তাদেরকে যে বিষয়ে নিষেধ করা হয়েছে তা দ্বারাই যদি সূচনা হয়?

(কালিমাতু হাক্ব, শাইখ, ডঃ উমার আবদুর রহমান প্রণীত, ৪৯পৃঃ)

ইমাম, মুহাম্মাদ ইবনে আবদুল ওয়াহ্হাব (রহঃ)ঃ

তিনি ত্বাগুত- এর অর্থ জানিয়ে দেয়া এবং তাকে অস্বীকার করা ওয়াজিব- এর বিবরণ দিতে গিয়ে বলেন, ত্বাগুত ব্যাপক আকারে হতে পারে। প্রত্যেক ঐ ব্যক্তি, আল্লাহর পরিবর্তে যার ইবাদত করা হয় এবং সে উক্ত ইবাদতে রাজী, সে হচ্ছে ত্বাগুত। ঐ ব্যক্তি উপাস্য, অথবা নেতা, কিংবা আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর আনুগত্যের পরিবর্তে অনুসরণীয় ব্যক্তি হতে পারে। আর এরাই হচ্ছে ত্বাগুত। ত্বাগুত অনেক প্রকারের হতে পারে। তম্মধ্যে শীর্ষে রয়েছে পাঁচ প্রকার।

(১) ঐ শয়তান যে গাইরুল্লাহ এর ইবাদতের দিকে আহ্বান করে।

(২) আল্লাহর বিধান পরিবর্তনকারী অত্যাচারী শাসক।

(৩) যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করে না।

(৪) যে ব্যক্তি আল্লাহ ব্যতীত ইলমে গাইব- এর দাবী করে।

(৫) আল্লাহর পরিবর্তে যার ইবাদত করা হয় এবং সে উক্ত ইবাদতে সন্তুষ্ট থাকে। (মাজমূআ আত-তাওহীদ, ১৪, ১৫ পৃঃ)

তিনি অন্যত্র বলেন, তুমি জেনে রাখো, ত্বাগুতকে অস্বীকার না করা পর্যন্ত কোন লোক আল্লাহর উপর বিশ্বাসী হতে পারবে না।

(মাজমূআ আত-তাওহীদ, ২৯পৃঃ)

তিনি আরো বলেন, ত্বাগুত অস্বীকার করার স্বরূপ হচ্ছে, গাইরুল্লাহ-এর ইবাদতকে বাতিল বিশ্বাস করবে, তাকে পরিহার করবে, তার মান্যকারীদের কাফির আখ্যায়িত করবে এবং তাদের সাথে শত্রুতা পোষণ করবে।

(মাজমূআ আত-তাওহীদ, ৩০পৃঃ)

বর্তমান সময়ের শাসকরা এই সকল গুনে গুণান্বিত। তারা লোকদেরকে তাদের গোলামী করতে বাধ্য করে। এবং যে ব্যক্তি খালিস নির্দোষপূর্ণ তাওহীদ আল্লাহর জন্য নির্দিষ্ট করে, এমন প্রত্যেক ব্যক্তির সাথে যুদ্ধ করে।

ইমাম, শাওকানী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেনঃ
(وَمَنْ لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ) যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না, তারা কাফির) مَنْ শব্দটি ব্যাপক অর্থবোধক। এটি বুঝাচ্ছে যে, এই নির্দেশ কোন নির্দিষ্ট জাতির জন্য সীমাবদ্ধ নয়। বরং প্রত্যেক বিচারকের জন্য প্রযোজ্য। এ মতামতও ব্যক্ত করা হয়েছে যে, এই আয়াতের নির্দেশ এমন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে, যে আল্লাহর নাযিলকৃত বিধানকে হালাল মনে করবে, বা অন্য বিধান দ্বারা ফয়সালা করা হালাল মনে করবে। অথবা অস্বীকার করে মানব রচিত বিধান দ্বারা ফয়সালা করবে। أُولَئِكَ শব্দ مَنْ শব্দের দিকে ইশারা করছে। এটা অর্থের দিক দিয়ে বহুবচন। অনুরূপভাবে هُمُ الْكَافِرُونَ এর মধ্যে বহুবচনের সর্বনাম রয়েছে।

(ফাতহুল কাদির, ২য় খণ্ড, ৪২পৃঃ)

এর তাৎপর্য এই, যে ব্যক্তি আল্লাহর আইনের বিপরীতে ফয়সালা করবে, হালকা মনে করে, কিংবা অন্য আইন দ্বারা বিচার করা বৈধ মনে করে, অথবা আল্লাহর বিধানকে অস্বীকার করে, তার হুকুম একই। অর্থাৎ সে কাফির, মুরতাদ।

তিনি তার পুস্তিকা “আদ্-দাওয়াউল আজিল ফী দাফ্ইল্ আদুউবি আস-সায়িল”-এর মধ্যে আরো বলেন, এর মধ্যে দ্বিতীয় প্রকার..... তারা ফয়সালা করে এবং এমন ব্যক্তির নিকট বিচার নিয়ে যায়, যে ত্বাগুতী আইন ব্যতীত অন্য কিছুর জ্ঞান রাখেনা। কেউ কেউ এমন রয়েছে যারা তাদের প্রতিটি বিষয় বার বার তাদের কাছে নিয়ে যায় এবং উপস্থাপন করে....। নিঃসন্দেহে এটা আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালাকে কুফরী করা, এই শরীয়াত যা তিনি তার নবীর যবানীতে নির্দেশ প্রদান করেছেন এবং তার কিতাব ও রসূল (সাঃ)- এর ভাষায় তার বান্দাদের জন্যে নির্বাচন করেছেন তা অস্বীকার করা হচ্ছে।

বরং তারা আদম আলাইহিস সালাতু ওয়াস সালাম থেকে এখন পর্যন্ত সকল শরীয়াতকেই অস্বীকার করেছে। এদের সাথে জিহাদ করা ওয়াজিব এবং তাদের সাথে ততক্ষণ যুদ্ধ চালাতে হবে, যতক্ষণ না তারা ইসলামের বিধান মেনে নেয়, এটার নিকট আত্মসমর্পণ করে, এবং তাদের মধ্যে পূত-পবিত্র

শরীয়াতের আইন অনুযায়ী বিচার করে, এবং শয়তানী ত্বাগুত-এর সকল ক্রিয়াকলাপ হতে বের হয়ে আসে।

ইসলামী রীতি-নীতির সিদ্ধান্ত এই যে, নিশ্চয় অকাট্য বিধান অস্বীকারকারী, অমান্যকারী এবং এর বিপরীত আমলকারী, অবাধ্য হয়ে, কিংবা হালাল মনে করে, অথবা হালকা ভাবে, তবে সে কাফির, আল্লাহকে অস্বীকারকারী এবং ঐ পবিত্র শরীয়াত অস্বীকারকারী, যা আল্লাহ তায়ালা তার বান্দাদের জন্যে পছন্দ করেছেন। (আদ-দাওয়াউল আজিল, ৬৮পৃঃ)

শাইখ, সিদ্দীক হাসান খান (রহঃ)ঃ

তিনি বলেন, আল্লাহ তায়ালা বলেছেনঃ (وَمَنْ لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ)

-যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না) مَنْ - ব্যাপক অর্থবোধক শব্দ। নিশ্চয় এই হুকুম কোন বিশেষ সম্প্রায়ের জন্য নির্দিষ্ট নয়। বরং যে কেউ ফয়সালা প্রদানের অধিকারী হবে তার জন্য প্রযোজ্য। সুদ্দী এমনটি বলেছেন।

অতঃপর তিনি বলেন, ইবনে মাসউদ, হাসান এবং নাখয়ী বলেছেনঃ অত্র তিনটি আয়াত ইয়াহুদী ও এই উম্মাতের জন্যে ব্যাপকভাবে প্রযোজ্য। সুতরাং যে কেউ ঘুষ গ্রহণ করে আল্লাহর নাযিলকৃত বিধানের বিপরীত ফয়সালা করল, সে কাফির, যালিম ও ফাসিক। এটাই অধিকতর উপযোগী। কেননা শব্দের ব্যাপক অর্থের গুরুত্ব দেয়া হয়, বিশেষ কারণের প্রতি নয়।

مَنْ কালিমাটি শর্ত- এর স্থলে এসেছে, অতএব ব্যাপক অর্থ প্রকাশ করবে। সুতরাং অত্র আয়াতে কারিমা প্রত্যেক ঐ ব্যক্তির জন্য প্রযোজ্য, যারা আল্লাহর নাযিলকৃত বিধান অর্থাৎ কিতাব ও সুন্নাহ অনুসারে ফয়সালা করবে না।

(ফাতহুল বায়ান ফী মাকাসিদিল কুরআন, ৩য় খণ্ড, ২৯, ৩০পৃঃ; আত-তাজরিবাহ আল-জিহাদিয়া ফী সূরিয়া, উসতাদ, মুসআব সিরিয়াবী প্রণীত; ২য় খণ্ড, ৮২পৃঃ সহ)

শাইখ, আবদুর রহমান ইবনে হাসান আলে শাইখ (রহঃ)ঃ

তিনি বলেনঃ যে ব্যক্তি লোকদের মধ্যে আল্লাহর নাযিলকৃত বিধানের বিপরীতে ফয়সালা করে আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর বিরুদ্ধাচরণ করল, অথবা প্রবৃত্তির অনুসরণ করে এবং ইচ্ছাকৃতভাবে ওটা তালাশ করল, সে তার গর্দান হতে ঈমান ও ইসলামের বন্ধন ছিন্ন করল। যদিও সে ঈমানের দাবি করে। কেননা যে ব্যক্তি এমন ইচ্ছা পোষণ করে, আল্লাহ তায়ালা তার বিরোধিতা করেছেন এবং তার ঈমানের দাবিকে মিথ্যা বলেছেন।

কেননা তিনি বলেছেনঃ (يَزْعُمُونَ –তারা দাবী করে)- এর দ্বারা তাদের ঈমানকে বাতিল করেছেন। কেননা (يَزْعُمُونَ তারা দাবী করে) এই কথা অধিকাংশ সময় ঐ ব্যক্তির ক্ষেত্রে বলা হয়, যে এমন বিষয়ের দাবী করে– যাতে সে মিথ্যাবাদী, তদনুসারে যে সকল আমল করা প্রয়োজন তার বিরোধীতার মাধ্যমে এবং উক্ত দাবীর বিরোধী আমল করার দ্বারা। তাদের এই আচরণ আল্লাহর বাণীকে প্রমাণ করছে- (وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ -অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে তারা যেন তাতে অমান্য করে)। কেননা ত্বাগুতকে অস্বীকার করা তাওহীদ- এর স্তম্ভ। যেমন সূরা বাকারা-এর আয়াতে রয়েছে।

অতএব, যখন এই খুটি পাওয়া যাবে না, তখন সে মুওয়াহ্হিদ (একত্ববাদী) হবে না। একমাত্র তওহীদই হচ্ছে ঈমানের বুনিয়দ, যা দ্বারা সমস্ত আমল সঠিক হবে এবং যদি তা না থাকে তবে সকল আমল বরবাদ হয়ে যাবে।

যেমন উক্ত বিষয় আল্লাহ তায়ালার অত্র আয়াতে বর্ণিত হয়েছে–

فَمَن يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِن بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ

অর্থঃ "যে ব্যক্তি ত্বাগুতকে অস্বীকার করবে এবং আল্লাহতে বিশ্বাস স্থাপন করবে, সে সুদৃঢ় হাতল ধারণ করে নিয়েছে।" (সূরা বাকারাঃ ২৫৬)

অতএব, ত্বাগুত এর নিকট ফয়সালা নিয়ে যাওয়া, তার প্রতি ঈমান আনাকে বলে।

(ফাত্হুল মাজীদ শারহু কিতাবিত তাওহীদ, ৩৮১পৃঃ দারুল হাদীস প্রথম মুদ্রণ)

ইমাম, জামালুদ্দীন ক্বাসিমী (রহঃ)ঃ

তিনি আল্লাহ তায়ালার অত্র বাণীর তাফসীর প্রসঙ্গে বলেনঃ

এটা আসমান ও যমীনের মহাশক্তিধর এর পক্ষ হতে অকাট্য ও স্পষ্ট হুকুম। কোন বিষয়ে কিংবা কোন একটি মাসআলায় মানব রচিত আইন- এর অনুসারী ব্যক্তি মুশরিক, সে আল্লাহর পরিবর্তে অন্যকে রব হিসেবে গ্রহণ করেছে। যদিও সে সিজদা না করে, তার জন্য সালাত আদায় না করে ও রুকু না করে। আইন প্রনয়ণের ক্ষেত্রে আনুগত্য করা একটি ইবাদত। ওটাও একমাত্র আল্লাহ আয্যা ওয়া জাল্লা- এর জন্য হওয়া ওয়াজিব। যে ব্যক্তি ওটা গাইরুল্লাহ্- এর দিকে ফিরে দিল, সে তো গাইরুল্লাহর ইবাদত করল।

যখন আপনি এটা জানতে পারলেন এবং আপনার নিকট স্পষ্ট হলো যে- নিশ্চয় স্পষ্ট কুফ্র ও স্পষ্ট শিরক্ হচ্ছে, গাইরুল্লাহকে আইন প্রণেতা গ্রহণ করা। এই আইন প্রণয়নকারী কোন আলিম হোক, কিংবা কোন শাসক হোক, অথবা ডেপুটি হোক বা কোন গোত্রের নেতা হোক তাতে কোন পার্থক্য নেই। আরও জানতে পারলেন যে, আল্লাহ তায়ালা স্বীয় কিতাবে শিরক্- এর ক্ষেত্রে বিধান দিয়েছেন-

إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَن يَشَاءُ ۚ
وَمَن يُشْرِكْ بِاللَّهِ فَقَدِ افْتَرَىٰ إِثْمًا عَظِيمًا

অর্থঃ নিঃসন্দেহে আল্লাহ তাকে ক্ষমা করবেন না, যে লোক তাঁর সাথে শরীক করে। তিনি ক্ষমা করেন এর নিম্ন পর্যায়ের পাপ, যার জন্য তিনি ইচ্ছে করেন। যে লোক আল্লাহর সাথে অংশীদার স্থাপন করল, সে যেন বড় অপবাদ আরোপ করল। (সূরা নিসাঃ ৪৮)

আরো জানতে পারলেন, নিশ্চয় আপনাদের রচিত শিরকী সংবিধাণের ২৬নং ধারায় উল্লেখ রয়েছে যা অকাট্যরূপে প্রমাণ করছে যে- "নিশ্চয় আইন প্রণয়নের ক্ষমতা বাদশা এবং সাধারণ পরিষদের সদস্যদের হাতে থাকবে।"

আরো জানতে পারলেন, নিশ্চই যে ব্যক্তি উক্ত নতুন দ্বীন গ্রহণ করবে, স্পষ্ট কুফ্র কবুল করবে এবং আল্লাহর দ্বীন ও তাঁর তাওহীদ ধ্বংসকারী

জিনিস গ্রহণ করবে, সে তো আল্লাহর পরিবর্তে এ সকল আইন প্রণেতাদেরকে রব হিসাবে গ্রহণ করল এবং ইবাদাতের ক্ষেত্রে আল্লাহ তায়ালার সঙ্গে তাদের অংশীদার স্থাপন করল।

সাবধান! আজকে আমরা আপনাদেরকে এক্ষণে এটা হতে মুক্ত হতে আহ্বান করছি। কেননা আপনি এজন্য এমন দিনে অনুশোচনা করবেন, যে দিন অনুশোচনা কোন কাজে আসবে না। হে বিচারক মণ্ডলী! সূচনাকারী হোন, কিংবা আইনজীবী হোন অথবা উকিল হোন কিংবা জামিনদার হোন, আপনাদের অপরাধ হচ্ছে উক্ত এই বড় শিরক করা। উক্ত অপরাধের ক্ষমা নেই এবং কোন তারতম্যও নেই।

আল্লাহ তায়ালা বলেনঃ إِنَّ اللَّهَ لاَ يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ

অর্থঃ "নিঃসন্দেহে আল্লাহ তাকে ক্ষমা করবেন না, যে লোক তাঁর সাথে শরীক করে। তিনি এর নিম্ন পর্যায়ের পাপ ক্ষমা করেন।" (সূরাঃ নিসাঃ ৪৮)

এমনকি তিনি বলেন, আপনারা তো আপনাদের বাদশার নাম নিয়ে আমাদের বিরুদ্ধে বিচার চান এবং আপনাদের শিরকী আইন-এর নিকট আমাদের বিরুদ্ধে বিচার নিয়ে যান। আর আমরা শুধুমাত্র আল্লাহর নাম নিয়ে এবং আল্লহর আইন-এর নিকটে আপনাদের বিচার চাব।

(শাইখ-এর পক্ষ হতে প্রশাসনের বিচারকদের নিকট প্রেরিত পত্র দেখুন)

উসতাদ, হানী আস-সুবায়ী হাফিযাহুল্লাহু ওয়া তায়ালাঃ

তিনি তাঁর পুস্তিকায় বিশেষকরে বলেনঃ "নিশ্চয় আল্লাহর শাসন ধর্মনিরপক্ষতাবাদ এর বিপরীত। সুতরাং তার একটির অস্তিত্ব থাকার অর্থ অন্যটি অনুপস্থিত থাকা। আমরা যেন মিথ্যা রচনা ও সহাবস্থানের পদ্ধতি দ্বারা কখনো প্রতারিত না হই।

অতএব আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করা হচ্ছে দ্বীন..এবং ধর্মনিরপেক্ষতাবাদ একটি দ্বীন...সুতরাং একটি অন্তরে ও মুসলমানদের জীবনে দু'টি দ্বীন একত্রে থাকতে পারে না। অতএব আল্লাহর শাসনের অর্থ হচ্ছে- মুসলমানদের সাথে সম্পর্ক রেখে জীবন যাপন করা। যেমন ধর্মনিরপেক্ষতাবাদ এর অর্থ হচ্ছে-এটার দিকে আহ্বানকারী ও এর প্রবর্তক এর সাথে সম্পর্ক রেখে জীবন যাপন করা।

নিশ্চয় ধর্মনিরপেক্ষতাবাদ শুধুমাত্র ফাঁকা শ্লোগান নয়, অথবা শুধু বিতর্কিত কুটতর্কের বিষয় নয়। বরং এর বাস্তব রূপ রয়েছে। আমাদের আরব ও মুসলিম জাতির জীবনের প্রত্যেকটি ক্ষেত্রে এর শিকড় ছড়িয়ে পড়েছে.....সুতরাং এখানে ধর্মনিরপেক্ষতাবাদ একটি জবরদখলকারী শাসন। এটিই হচ্ছে ধর্মনিরপেক্ষতাবাদ এর স্পষ্ট রূপ। আমরা দেখতে পাচ্ছি এটা আরবের প্রতিটি ব্যবস্থাপনায় দৃষ্টিগোচর হচ্ছে এবং এটাকে ইসলামী নামকরণ করা হয়েছে– প্রজাতন্ত্র কিংবা রাজতন্ত্র অথবা আমিরাত যে পদ্ধতিতেই প্রকাশ করা হোক না কেন কোন পার্থক্য হবে না।

এখানে চিন্তামূলক ধর্মনিরপেক্ষতাবাদ রয়েছে। এটা ধর্মনিরপেক্ষতাবাদ এর বিপদজনক রূপ। কেননা এটা শাসন ক্ষমতার জন্য স্থান করে দেয়। এর জন্য রয়েছে তথ্য সংক্রান্ত ও সংস্কৃতি- বিষয়ক অনেক মঞ্চ। (যেমন, রেডিও, টেলিভিষণ, পত্রিকা, সাংবাদিক, সমিতি, প্রদর্শনী, সিনেমা, নাট্যশালা, প্রকাশনা ও তথ্যসূত্র.....ইত্যাদি)

শত আফসোস.....ধর্মনিরপেক্ষতাবাদ আমাদের জীবনের সকল ক্ষেত্রকে বেষ্টন করেছে। এটা পরিণামের দিক দিয়ে অত্যন্ত ভয়াবহ, মুসলমানগণ যার মুখোমুখি হচ্ছে, যেন তারা তাদের লুণ্ঠিত হক পুনরুদ্ধার করতে না পারে।

অতএব আমাদের জীবন হতে এই দূষিত বৃক্ষের শিকড় কেটে ফেলা এবং বৃদ্ধ উটের কবরস্থানে তা নিক্ষেপ করা শরীয়াতের প্রয়োজনীয় বিষয়।

শাইখ, ডঃ মুহাম্মদ মাহমূদ আব্দুর রহীম (হাঃ)ঃ

"আত-তাহযীর মিন ফিতনাতিত তাকফীর"- গ্রন্থের লেখক তিনি শরীয়াত পরীবর্তনকারী প্রত্যেক ত্বাগুত এর সঙ্গে বন্ধুত্ব রেখে তার জন্য দুধ দোহনকারী নামে পরিচিত এবং তাঁর বিরোধীদের প্রত্যেকের সঙ্গে তার দুশমনী প্রসিদ্ধ" শাইখ উক্ত লেখকের প্রতিবাদ করে বলেনঃ

যে ব্যক্তি জানা সত্বেও আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব বিশ্বাস করে না, তার কাফির হওয়ার ক্ষেত্রে প্রমাণের জন্য এটাই যথেষ্ট। যদিও সে আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা না করা হালাল মনে করে। বরং যদি সে আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করা এবং জানা সত্বেও আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করা হালাল মনে করে, তার কাফির হওয়ার ক্ষেত্রে প্রমাণের জন্য এটাই যথেষ্ট। যদিও সে আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করা ওয়াজিব বলে বিশ্বাস রাখে। কেননা এই বিদআতের শেষ সীমা হচ্ছে (বর্তমান যুগের মুর্জিয়াদের বিদয়াত) "মুসলমানদের পক্ষ হতে শরীয়াত সম্মত কাফির প্রতিপন্ন করার বিধানকে বাতিল করা।" এটা যদি মুর্জিয়া মাজহাব না হয়, তবে আর কে হবে?

("হাকীকাতুল খিলাফ বাইনাল সালাফি'য়া আশ-শারই'য়া ওয়া ইদ্দিইয়ায়িহা ফী মাসায়িলিল ঈমান" ৮৭, ৮৮ পৃঃ প্রথম মুদ্রণ)

শাইখ, আব্দুল হাকীম হাস্সান (আবূ আমর) (হাঃ)

তিনি তার গ্রন্থ এর তৃতীয় খণ্ডে "আত-তিবইয়ান ফী আহাম্মি মাসায়িলিল কুফর ওয়াল ঈমান" এর মধ্যে প্রশাসন বিষয়ে প্রতিকার করার লক্ষে বলেনঃ যে ব্যক্তি লোকদের জন্য এমন আইন রচনা করল যার অনুমতি আল্লাহ দেননি, এ ব্যক্তির ক্ষেত্রে আল্লাহর হুকুম হলো- তাদের অধিকাংশই কাফির। তারা আল্লাহ তায়ালার সঙ্গে নিজেদেরকে ইলাহের কাতারে দাঁড় করিয়েছে। যে ব্যক্তি তাদের জন্য ওটা অনুমোদন করবে, সেও তদ্রূপ তাদেরকে আল্লাহর সাথে শরীক স্থাপন করল।

এতে বর্ণনা রয়েছে- যাতে কোন অপব্যাখ্যা করার কোন সুযোগ নেই- যে ব্যক্তি আল্লাহর পরিবর্তে নিজেকে বিধান প্রণয়নকারী প্রতিষ্ঠিত করে, অথবা আসমানী ওয়াহীর পরিবর্তে তার রচিত আইন গ্রহণ করতে মানুষকে ডাকে সে কাফির.....।

"শরীয়াত এর আহকাম দায়িত্বরূপে গ্রহণ না করে, তা হতে বের হয়ে যাওয়াটাই যখন কুফর, অতএব যে ব্যক্তি শরীয়াত বিরোধী আইন রচনা করে লোকদের মধ্যে এর হুকুম বাধ্যতামুলক করে দেয়, এটা লোকদের মানতে বাধ্য করে এবং যে ব্যক্তি এর বিরুদ্ধে বিদ্রোহ করে তাকে শাস্তি প্রদান করে? নিঃসন্দেহে সে কাফির, সে কাফির।"

(আত-তিবইয়ান ফী আহাম্মি মাসায়িলিল কুফ্র ওয়াল ঈমান, ৩য় খণ্ড, ৫৩৮, ৫৩৯পৃঃ)

শাইখ, মাহমূদ আবদুল মাজীদ (আবূ হাতিম) (হাঃ)

তিনি বলেনঃ নিশ্চয় এ সকল শাসক যারা আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করে তারা মুসলমান নয়.....। সবচেয়ে বড় পথ, যা অত্র আয়াতটি বন্ধ করে দিয়েছে-

وَلَنْ يَّجْعَلَ اللّٰهُ لِلْكَافِرِيْنَ عَلَى الْمُؤْمِنِيْنَ سَبِيْلًا

অর্থঃ "আল্লাহ কখনো মু'মিনদের উপরে কাফিরদের কোন কতৃত্ব দেবেন না।"

যাতে এ সকল কাফির মুসলমানদের শাসক না হয়।

হে মুসলিম ভাই, এ সকল মুরতাদ শাসকদের বিরুদ্ধে জিহাদ করা প্রত্যেক মুসলমানের উপর ফরযে আইন। যারা ইসলামী আইন ব্যতীত শাসিত হচ্ছে এমন সকল নাগরিকদের জিহাদ করতে হবে। কেননা এ সকল শাসক কাফির দুশমন, তারা মুসলমানদের দেশসমূহ ধবংসের জন্য মেতে উঠেছে। আর এটাই হচ্ছে জিহাদ ফরয়ে আইন হওয়ার ক্ষেত্র।

(আল-হিওয়ার মায়াত ত্বাওয়াগীত মাকবারাতুত দাওয়াতি ওয়াত দুয়াত, সংক্ষেপিত)

উসতাদ, আবূ আব্দুল্লাহ আস-সাদিক আমির, আল-জামায়াতিল ইসলামিয়া, লিবিয়াঃ

আল্লাহ তায়ালা তাকে হিফাযত করুন, বিশ্বের বিভিন্ন এলাকায় বিদ্যমান আহালুস-সুন্নাহ এর আলিমদের সম্বোধন করে তাঁর পুস্তিকায় বলেনঃ এটা এ সকল বিশ্বাসঘাতক শাসকদের বিষয় অস্পস্ট হওয়া থেকে বেশী গুরুতর, যারা ইসলাম হতে মুরতাদ হয়ে গেছে, তারা আল্লাহ তায়ালা, তাঁর রসূল (সাঃ) এবং মু'মিনদের সাথে বিশ্বাসঘাতকতা করেছে। তারা মুসলমানদের দ্বীন ও তাদের পবিত্র বস্তুসমূহকে স্বল্প মূল্যে বিক্রয় করেছে। এটা মুসলিম দেশসমূহে মুরতাদ দলগুলোর হাতে ইসলামী আইন সমূহকে শুন্যকরণ হতেও বড় অপরাধ। এই দলগুলোর সাথে যুদ্ধ করা ওয়াজিব, এ বিষয়ে মুসলিম উম্মাহ ঐক্যমত পোষণ করেছেন, যতক্ষণ না সকল বিধান আল্লাহর হয়ে যায়.....।

আমি জানি না মুসলিম দেশে এ সকল ত্বাগুত শাসকদের কার্যকলাপ কিরূপে আপনাদের নিকট অস্পষ্ট থেকে গেল! কিরূপে আপনাদের নিকট এ সকল বিশ্বাসঘাতক মুরতাদদের বিষয় বিভ্রান্তি সৃষ্টি করল! কিভাবে আপনাদের কাছে তাদের কার্যকলাপ তালগোল পেকে গেলঃ যারা ফিত্নার ইন্ধন যোগাচ্ছে!

যারা হক্ব এর দুশমন, যারা বিভ্রান্তির অনুসারি, যারা কুফ্র ও নাস্তিকতার বিস্তারকারী। কিভাবে, অথচ তারা আল্লাহর আইনকে ফয়সালা করা হতে অপসারণ করেছে এবং এটা জঘণ্য কুফ্রী দেশীয় আইন দ্বারা পরিবর্তন করেছে। কিরূপে! অথচ তারা নৈরাজ্যবাদ ও ভাঙ্গন এর দিকে আহবান করছে, তারা পাপ ও অন্যায় কাজের অনুমোদন দিচ্ছে। কিরূপে! অথচ তারা সচেতন আলিমদের শত্রু ও সত্যবাদী দায়ীদের দুশমন। কিভাবে! অথচ তারা একত্ববাদী মু'মিনদের দুশমন, আর ইয়াহুদী, খৃষ্টান, গাভী পুজারী, মুর্তাদ ও সকল ধর্মত্যাগী দলের বন্ধু। কিরূপে! অথচ তারা ইসলামের অনুসারীদের উপর প্রভাব খাটাচ্ছে!

("আল ফাজ্র" পত্রিকা, ২৬ তম সংখ্যা, ১৭-১৯পৃঃ)

শাইখ, মুহাম্মাদ ইবনে মুহাম্মাদ আল-ফায্যাযী আল-মাগরিবী হাফিযাহুল্লাহু তায়ালাঃ

তিনি তাঁর মূল্যবান গ্রন্থ "নযরাত ফীস সিয়াসাতিশ শারইয়া"- এর মধ্যে "আলা-কুফ্র কাসিম মুসতারাক বাইনা জাল্লিল আহযাব" এই শিরোনামে বলেন নিশ্চয় এ সকল দলের মধ্যে যৌথ চিন্তাই হচ্ছে কুফ্র। তাদের মধ্যে যা রয়েছে তা হচ্ছে যুদ্ধের ইন্ধন। ওরা এর দ্বারা প্রতিযোগিতা করছে, ওর সাথে এবং ওর বিরুদ্ধে প্রতিদ্বন্দিতা করছে, এর দ্বারা অন্তর প্রশান্তি লাভ করছে, ওদের নিকট যা রয়েছে এ জন্য আনন্দবোধ করছে।

كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ

অর্থঃ প্রত্যেক সম্প্রদায় নিজ নিজ মতবাদ নিয়ে আনন্দিত হচ্ছে।
(সূরা মু'মিনুনঃ ৫৩)

অন্যের নিকট যা রয়েছে তা ঘৃণা করছে।

وَمِنَ الْأَحْزَابِ مَن يُنكِرُ بَعْضَهُ

অর্থঃ কোন কোন দল এর কোন কোন বিষয় অস্বীকার করে।
(সূরা রা'দ ৩৬)

বরং তারা আল্লাহর নিকট যা রয়েছে তা ঘৃণা করছে। সাবধান! তারা সাংবাদিক, মুখপাত্র ও সদস্যদের দ্বারা আল্লাহর আইন এর বিরুদ্ধে ক্রুদ্ধ হয়ে, ঘৃণা করে ও হটকারিতা করে হাঁপাচ্ছে এবং এর দিকে জিহ্বা বের করে ডাকছে। তারা পশ্চাদমুখী, ও অন্ধকারমুখী বলে তাদের নাম করণ করছে। কেননা তারা তাদের দৃষ্টিতে পশ্চাদমুখী ও অন্ধকারমুখী চিন্তাধারা চাপিয়ে দিয়েছে এবং পশ্চাদমুখী ও অন্ধকারমুখী সমাজের দিকে আহ্বান করছে।

অদ্ভুত তাদের আচরণ, তারা নিজেদেরকে মুসলমান মনে করছে। তারা তো জাহান্নামের ইন্ধন হবে, যদি তারা জানত কিন্তু যদি তাওবা করে তবে ভিন্ন কথা।

وَمَن يَكْفُرْ بِهِ مِنَ الْأَحْزَابِ فَالنَّارُ مَوْعِدُهُ

অর্থঃ আর ঐ সব দলগুলোর যে কেউ তা অস্বীকার করে দোযখই হবে তার ঠিকানা। (সূরা হূদঃ ১৭)

হাঁ, জাহান্নামই হবে তার ঠিকানা, যদিও সে মাঝে মধ্যে ছালাত আদায় করে, রোযা রাখে এবং নিজেকে মুসলমান বলে দাবী করে। যতদিন ইসলামী

আইন তার দৃষ্টিতে অন্ধকার বিবেচিত হবে এবং তার অনুসারী অন্ধকারমুখী অথবা পশ্চাতমুখী মনে হবে। সে ঐ অবস্থায় থাকবে যেমন সে তার নিয়ন্ত্রনে থাকা প্রত্যেক বিষয় দ্বারা বিবাদ করছে, যতক্ষণ না সে আল্লাহ তায়ালাকে বিচারক নির্ধারণ করে। আর তিনি হচ্ছেন উত্তম বিচারক। এবং যতদিন জাহেলিয়াত নেতৃত্বকারী পদ্ধতি রূপে থাকবে।

আল্লাহ তায়ালা বলেনঃ

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنزِلَ إِلَيْكَ وَمَا أُنزِلَ مِن قَبْلِكَ يُرِيدُونَ أَن يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَن يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا﴿٦٠﴾وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَىٰ مَا أَنزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنكَ صُدُودًا﴿٦١﴾

অর্থঃ (৬০) আপনি কি তাদের দেখেননি, যারা দাবী করে যে, আমরা ঈমান এনেছি যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে। তারা ত্বাগুতকে বিধান দানকারী বানাতে চায়, অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, তারা যেন তাকে অমান্য করে। পক্ষান্তরে, শয়তান তদেরকে পথভ্রষ্ট করে (আল্লাহর আইন থেকে অনেক দূরে নিয়ে যেতে চায়)। (৬১) আর যখন তদেরকে বলা হয়, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তদ্দিকে এবং রসূলের দিকে এসো, তখন আপনি মুনাফিকদিগকে দেখবেন, ওরা আপনার কাছ থেকে সম্পূর্ণভাবে সরে যাচ্ছে। (সূরা নিসাঃ ৬০, ৬১)

নিশ্চয় ইসলামী বিশ্বে রাজনৈতিক দলগুলোর নিকট বাস্তব রাজনৈতিক-এর সারসংক্ষেপ এই- লোকেরা বক্র জাহেলিয়াত ও একগুঁয়েমি পদ্ধতির ইচ্ছা পোষণ করেছে। তারা ধারাবাহিকভাবে দলীল পেশ করছে যে, তারা বিশ্বাস করবেনা। তারা অজ্ঞতা ও জাহেলিয়াত এর ফয়সালা কামনা করছে।

আল্লাহ তায়ালা বলেনঃ

أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ ۚ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ

অর্থঃ তারা কি জাহেলিয়াত আমলের ফয়সালা কামনা করে? আল্লাহ অপেক্ষা বিশ্বাসীদের জন্য উত্তম ফয়সালাকারী কে? (সূরা মায়িদাহঃ ৫০)

(নাযরাত ফিস সিয়াসাতিশ শারইয়াহ, আশ-শূরা আল মুফতারা আলাইহা ওয়াদ দিমাকারাতিয়া মায়া মুনাকাশাতিশ শাইখ ইউসুফ আল-কারযাবী হাওলাশ শূরা ওয়াদ দিমাকারাতিয়া, ১৮, ৩০, ৩১পৃঃ)

শাইখ, মুহাম্মাদ আবদুল হাদী আল মিছরী হাফিযাহুল্লাহু তায়ালাঃ

তিনি বলেনঃ সংক্ষেপে ধর্মনিরপেক্ষতাবাদ হচ্ছে- কাফির, জাহিলী ত্বাগুতি মতবাদ। لَا إِلَـٰهَ إِلَّا اللَّهُ (আল্লাহ ব্যতীত কোন মাবূদ নেই)- এই সাক্ষ্য প্রদানের সাথে সম্পূর্ণ বিপরীত ও সাংঘর্ষিক। দলীয়ভাবে হোক কিংবা ব্যক্তি বিশেষ হোক যে এই মতবাদ তৈরী করেছে তাতে কোন পার্থক্য নেই। নিশ্চয় ধর্মনিরপেক্ষতাবাদ হচ্ছে "স্বাভাবিকভাবে আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করা, আল্লাহর শরীয়াত পরিত্যাগ করে অন্য কিছুকে সালিস মানা এবং আল্লাহর পরিবর্তে ফয়সালা, আইন প্রণয়ন, আনুগত্য ও ইত্তেবা কবুল করা ত্বাগুত এর নিকট থেকে হতে হবে।"

এ অর্থে জীবনকে গাইরে দ্বীন এর উপর প্রতিষ্ঠা করা হলো। এজন্য এটা স্বাভাবিক ভাবেই জাহেলী মতবাদ। এর প্রতি বিশ্বাস স্থাপনকারীর জন্য এবং এই পদ্ধতি ও এটার আইন কানুন- এর জন্য ইসলামে কোন স্থান নেই। বরং কুরআনে কারীমের অকাট্য দলীল দ্বারা সে কাফির।

আল্লাহ তায়ালা বলেনঃ

وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ

অর্থঃ যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা করে না সে কাফির। (সূরা মায়িদাহঃ ৪৪)

অতঃপর তিনি বলেনঃ নিশ্চয় ধর্মনিরপেক্ষতাবাদ জাহেলিয়াত- এর কোলে জন্ম নিয়েছে এবং জাহেলিয়াত এর কোলেই বেড়ে উঠেছে। অবশ্যই এটা স্পষ্ট কুফ্‌র। এতে কোন অস্পষ্টা, কোন প্রতারণা, কোন সন্দেহ নেই।

(মায়ালিমূল ইনতিলাকাবিল কুবরা ইনদা আহলিস সুন্নাহ ওয়াল জামায়া, ৪৩, ৪৪, ৪৫, ৪৭পৃঃ সংক্ষেপিত)

উসতাদ, আদ-দায়িয়াহ্ মুরশিদ ইবনে আবদুল আযীয ইবনে সুলাইমান আন-নাজদী (আবুল বারা)ঃ

আল্লাহ তায়ালা তাকে হিফাযত করুন, তিনি আলে সউদ-এর শাসকদের অবস্থা বর্ণনা প্রসঙ্গে বলেনঃ প্রত্যেক অহংকার নিয়ে তারা কুফ্‌র, ধর্মহীনতা ও আল্লাহ বিরোধী বিভিন্ন দরজায় প্রবেশ করেছে। কেননা তারা এমন আইন রচনা করেছে আল্লাহ যার অনুমতি দেননি এবং তারা এর নিকট বিচার নিয়ে যায়।

অতএব শরীয়াতের জানা বিষয় যে, চোরের হাত কেটে দিতে হবে, সামরিক হোক বা বেসামরিক নাগরিক হোক। কিন্তু আমীরুল মু'মিনীনদের রাজ্যে??? তারা এমন দাবী করে। এটা তাদের নিকট অচল। এজন্য তারা বিশেষকরে সেনাবাহীনিদের জন্য আইন রচনা করেছে। তারা চুরির শাস্তিকে জেল দেয়ার সাথে পরিবর্তন করে ফেলেছে। যেমন ওটা অন্যান্য রাষ্ট্রে পাওয়া যায়। যারা প্রকাশ্যে স্বরচিত আইন দ্বারা বিচার করে।

আল্লাহ তায়ালা বলেনঃ

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُم مِّنَ الدِّينِ مَا لَمْ يَأْذَن بِهِ اللَّهُ

অর্থঃ তাদের কি এমন কতকগুলো দেবতা আছে যারা তাদের জন্য বিধান দিয়েছে এমন দ্বীনের যার অনুমতি আল্লাহ দেননি। (সূরা শূরাঃ ২১)

যে কোন বিষয় হোক না কেন ত্বাগুত এর নিকট ফয়সালা নিয়ে যাওয়া আল্লাহ ও তার কিতাব সমূহের প্রতি ঈমান আনয়নের বিরোধী। কেননা যে ব্যক্তি অন্যের নিকটে ফয়সালা নিয়ে যেতে চায় আল্লাহ তায়ালা তার ঈমানের দাবী মিথ্যা বলেছেন। এটা তিনি (আল্লাহ)'ধারণা বা দাবী' বলে উল্লেখ করেছেন। অতএব যে ব্যক্তি নিজেকে আইন প্রণেতা ও রচনাকারী দাবী করে এই রীতি ও মতবাদের প্রচলন ঘটালে তার অবস্থা কিরূপ হবে?

আমরা কি তার কথা বিশ্বাস করব এবং তাদের শাইখদের (সরকারী আলিম) কথা বিশ্বাস করব যে- তিনি আল্লাহর প্রতি ঈমান এনেছেন এবং তার কিতাব ও ফয়সালাকে ভালবাসেন, অথবা তার ক্ষেত্রে রব্বুল আলামীনের ফয়সালা বিশ্বাস করব যিনি চোখের খিয়ানত এবং অন্তরের গোপন বিষয় জানেন?? এছাড়া অনেক কুফরী পদ্ধতি ও মানব রচিত আইন রয়েছে-।

(আল-কাওয়াশিফুল জালি'য়া ফী কুফরিদ দাওলাতিস সাউদিয়া, ৪৩, ৪৪, ৪৫, ৪৭পৃঃ সংক্ষেপিত)

শাইখ, ডঃ সালাহ আস-সাবী হাফিযাহুল্লাহু তায়ালাঃ

তিনি বলেনঃ নিশ্চয় শরীয়াতকে সালিস মানা ইসলামের বন্ধন প্রমানের জন্য পূর্ব শর্ত। আল্লাহকে রব হিসেবে সন্তুষ্ট থাকা এবং মুহাম্মদ (সাঃ) কে নবী ও রসূল হিসেবে সন্তুষ্ট থাকা, আল্লাহর শরীয়াত এর নিকট আত্মসমর্পণ করা এবং আল্লাহ যা কিছু অবতীর্ণ করেছেন তা সত্য বলে মেনে নেয়া এবং এর বশ্যতা স্বীকার না করা পর্যন্ত সত্য বলে প্রমাণিত হবে না। যে কেউ এর কোন একটা ছেড়ে দেবে সে কাফির হয়ে গেল। এটা দ্বীনের সত্য ও নিশ্চিতরূপে জানা বিষয়। এ বিষয়ে যুগের পর যুগ মুসলমানদের ইজমা হয়েছে। প্রবীণ ও নবীণ আহলে ইলমগণ উক্ত বিষয়ে তাদের আকিদাহ্ এর বিষয়ে সর্বদা অকট্য প্রমাণ দিয়েছেন এবং তাদের রচিত গ্রন্থ সমূহে এর বর্ণনা দিয়েছেন। ধারাবাহিক এই যুগ পর্যন্ত উক্ত বিষয়ে কোন মতভেদ দৃষ্টি গোচর হয়নি।

তিনি তদ্রুপ অন্য আলচনায় বলেনঃ যে ব্যক্তি ইসলামী আইন অনুযায়ী ফয়সালা করা আবশ্যকরূপে গ্রহণ করতে বাধা দেবে এবং রক্ত সম্পর্কীয়, সম্পদ ও বিভিন্ন বিষয়ে আল্লাহর নাযিলকৃত বিধান- এর বিপরীত অন্যের নিকট ফয়সালা নিয়ে যায় এবং মানুষের জন্যে এমন আইন রচনা করে, আল্লাহ যার অনুমোদন দেননি, সে তো আল্লাহর ফয়সালার বিরোধিতা করা বৈধ মনে করল, আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করা হালাল করে নিল, তাকে কাফির প্রতিপন্ন করা দ্বীনে ইসলাম হতে সকলের জানা কথা।

নিঃসন্দেহে যে ব্যক্তি আল্লাহর আহকাম ধ্বংস করতে এবং তার শরীয়াত পরিবর্তন করার দুঃসাহস দেখাবে এবং উক্ত স্থলে মানুষের প্রবৃত্তিকে স্বাধীন ইচ্ছার অধিকারী হিসেবে হালাল করে নিবে, জাতির জন্য এর দ্বারা মতবাদ প্রতিষ্ঠা করবে, এর দ্বারা ফয়সালা করতে ও এর নিকট ফয়সালা নিয়ে যেতে বাধ্য করবে, সে ব্যক্তি মহান আল্লাহর সঙ্গে শিরক করল, তার প্রভুত্ব ও অভিভাবকত্বকে অস্বীকার করল।

(তাহকীমুশ শারিয়া ওয়া ছিলাতুহু বি আসলিদ দ্বীন, আস-সাবী প্রণীত, ৩১পৃঃ)

শাইখ, আলী আব্দুল্লাহ আত-ত্বানত্বাবী (রহঃ)ঃ

তিনি বিবাহ সংক্রান্ত মানব রচিত দু'টি আইনের একটির প্রতিবাদ করে বলেনঃ আমাদের সিদ্ধান্ত হচ্ছে- এই পদ্ধতি পুরাপুরি ইসলামী শারীয়াতের আহকামের বিপরীত। এই মতবাদে স্ত্রীর "জানা থাকার" সাথে ত্বালাক- এর প্রভাব নির্ভর করে। 'জানা থাকার' সীমা এভাবে নির্ধারণ করেছে- লোটারি পাবলিক এর সামনে উপস্থিত হয়ে স্ত্রীকে ত্বালাক দিতে হবে, অথবা ভরা মজলিসে স্ত্রী ত্বালাকের বিষয় ঘোষণা করতে হবে।

অথচ শুধুমাত্র স্বামী এর মুখ হতে ত্বালাক এর শব্দাবলি প্রকাশ হলেই শরীয়াত অনুযায়ী ত্বালাক হয়ে যাবে এবং এর পূর্ণ প্রভাব সৃষ্টি হবে। উক্ত মতবাদ অনুসারে লোটারি পাবলিকের সামনে না হয়ে শুধু স্ত্রীর এর উপস্থিতিতে ত্বালাক প্রদান করে এবং ইদ্দত এর বিরতির সময় স্ত্রীর নিকট হতে দূরে অবস্থান করে, তবে শরীয়াত অনুসারে উক্ত স্ত্রী স্বামী এর নিকট বেগানা নারী বলে বিবেচিত হবে।

পক্ষান্তরে মানব রচিত আইন অনুসারে ঐ মহিলা যতক্ষণ পর্যন্ত অবস্থান করবে ততদিন স্ত্রী হিসেবে গণ্য করবে। ফলে তার ত্বালাক প্রদানকারীর জন্যে স্ত্রী হিসেবে হালাল ঘোষণা করবে। অতএব উক্ত আইন প্রণেতা আল্লাহ যা হালাল করেছেন তা হারাম করেদিল এবং আল্লাহ যা হারাম করেছেন তা হালাল করল। কেননা এমতাবস্থায় স্ত্রী যদি তার ত্বালাক প্রদানকারী ব্যতীত অন্যকে বিবাহ করতে চায়, তবে শরীয়াত এর অনুমোদন দিয়েছে। অথচ উক্ত আইন এটা হারাম করেছে। এমন সময়ে যদি সে অন্য স্ত্রী গ্রহণ করে, তবে তাকে শাস্তি দেবে এবং তার নতুন স্বামীকে দু'টি অপরাধের শাস্তি দেয়া হবে (১) প্রতারণা (২) যিনা।

দ্বিতীয়, উক্ত মতবাদ হারামকে হালাল করেছে এবং হালাল বস্তুকে হারাম ঘোষণা করেছে। কেননা এই অপরাধ পরবর্তীতে সম্পদ সম্পর্কে হস্তক্ষেপ করে। যদি ত্বালাকের প্রদানপত্র স্বামী, স্ত্রীকে ঘোষণার মাধ্যমে প্রদানের পূর্বেই তাদের কেউ মারা যায়, তবে উক্ত আইনে স্ত্রী স্বামীর সম্পদের ওয়ারিস হবে। অথচ এমতাবস্থায় শরীয়াত অনুসারে স্ত্রী তার সম্পদের কোন ওয়ারিস হবে না।

বিষয়টি এখানেই থেমে নেই। তৃতীয় পর্যায়ে এটা বংশ পর্যায়ে গড়াবে। যদি উক্ত বিরতির সময় ত্বালাক প্রাপ্ত নারী ব্যভিচার এর মাধ্যমে

গর্ভবতী হয়, তখন ত্বালাক দাতার দিকেই সন্তানের বংশ সম্পর্ক হবে। অথচ শরীয়াত অনুসারে উক্ত সন্তানের তার সাথে কোন সম্পর্ক নেই। অবশেষে উক্ত মতবাদ চক্রান্ত ও ষড়যন্ত্রের মাধ্যমে শক্তিশালী হস্তক্ষেপ করে অন্তরের অপমানের জন্য দরজা খুলে দিয়েছে। কেননা এর মাধ্যমে স্বামী তাকে ত্বালাকের ক্ষেত্রে ঝুলন্ত রেখে দেবে, সে তার স্ত্রী ও নয় এবং উক্ত আইন অনুসারে ত্বালাক প্রাপ্তও নয়।

(আল আসরাহ্ বাইনাশ শারয়ি ওয়াল কানুন, ৯২ পৃঃ)

ডঃ আদনান আলী রিযা আন-নাহবী হাফিযাহুল্লাহু তায়ালাঃ

তিনি বলেন, আল্লাহ তায়াল বলেছেনঃ

وَلَئِن سَأَلْتَهُم مَّن نَّزَّلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَحْيَا بِهِ الْأَرْضَ مِن بَعْدِ مَوْتِهَا لَيَقُولُنَّ اللَّهُ ۚ قُلِ الْحَمْدُ لِلَّهِ ۚ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ

অর্থঃ যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন, কে আকাশ থেকে বারি বর্ষণ করেন, অতঃপর তা দ্বারা মৃত্তিকাকে উহার মৃত হওয়ার পর সঞ্জীবিত করেন? তবে তারা অবশ্যই বলবে, আল্লাহ। বলুন, সমস্ত প্রশংসা আল্লাহরই কিন্তু তাদের অধিকাংশই তা বোঝে না। (সূরা আনকাবূতঃ ৬৩)

এসকল মুশরিকদের স্বীকারূক্তি করা, অর্থাৎ আল্লাহই ভূমণ্ডল ও নভোমণ্ডলের সৃষ্টিকর্তা, তিনিই আকাশ হতে বারি বর্ষণ করেন, অতঃপর তা দ্বারা মৃত্তিকাকে উহার মৃত হওয়ার পর সঞ্জীবিত করেন, তিনিই সূর্য্য ও চন্দ্রকে অধীন করে দিয়েছেন, এসব কিছু ঈমানের মাপকাঠির জন্য যথেষ্ট ছিল- যে তারা মুসলমান হবে অথবা মু'মিন হবে। তারা উক্ত বিশ্বাস পোষণের সাথে সাথে অংশীদারদের উপর ঈমান আনয়ন করত। তারা আল্লাহর সকল উত্তম নামের উপর ঈমান আনতো না। অতএব তাদের ঈমান বাতিল হয়ে গেছে এবং তারা মুশরীকে পরিণত হয়েছে।

বর্তমানে মুসলমানদের অবস্থা হচ্ছে, তারা ছালাত ও ছিয়াম এর মধ্যে এ দোষ-ত্রুটি কিছু কিছু প্রকাশ করছে। অতএব মুসলমানদের উপর ওয়াজিব, নিজেদের প্রশ্ন করে ঈমানের বাস্তব অবস্থা দেখে নেয়া। কখনো কখনো ঈমান ও তাওহীদ এর মূলনীতির উপর কিছু কিছু স্বভাব ও প্রথা প্রবল আকার ধারণ

করেছে। কখনো কখনো কেউ কেউ তাদের প্রবৃত্তির অনুসরণ করে ইসলামী বিধান ও 'নস' এর বিরোধিতার মাধ্যমে অপমান করছে অতঃপর তারা পথভ্রষ্টতা ও বিভিন্ন কারণ দর্শিয়ে এর অনুমোদন দিয়েছে। তাদের নিকট অভিভাকত্ব ও প্রভুত্ব এর ক্ষেত্রে দ্বিধাদ্বন্দ ও তাদের রব ও তাদের খালিক এর দাসত্ব করার ক্ষেত্রে খটকা করার পর এর দ্বারা তারা নিজেদেরকেই প্রতারিত করছে।

নিশ্চয় মানুষ স্বীয় প্রতিপালক ও সৃষ্টিকর্তার দাসত্বের ক্ষেত্রে চিন্তার মুলবিষয় সম্পর্কে অশান্ত হয়েছে। এবং রব্বুল আলামীন আল্লাহর নিকট আত্মসমর্পন ও অনুগত হওয়ার প্রকৃত অর্থের বিলুপ্তি ঘটেছে! চিন্তা-চেতনা ও মনোযোগের মূলবস্তু গায়েব হয়েছে এবং চর্চা ও বাস্তবায়নের মূল উপাদান অদৃশ্য হয়ে গেছে। আপনি এমন অনেক লোককে দেখতে পারবেন, যারা নিম্নোক্ত প্রশ্ন করছে- আল্লাহ এটা বা ওটা কেন সৃষ্টি করেছেন? কিংবা এটা বা ওটা কেন করেছেন? ভাবটি এমন যে, তারা আল্লাহর হিসাব নিকাশ করছে! তারা যা বলে এর থেকে আল্লাহ তায়ালা অনেক মহান ও অনেক বড়। আপনি এমন নারী বা পুরুষকে পাবেন, যে আল্লাহর নির্দেশকে তুচ্ছ মনে করছে। আল্লাহ যা নির্দেশ দিয়েছেন তার মধ্যে রাস্তা বের করে চলছে এবং আল্লাহর আইন এর বিপরীত নিজেদের পক্ষ হতে আইন রচনা করছে। অতঃপর আপনি এর অনুসারীদের দেখবেন, তারা প্রত্যেক চিৎকার কারীর জন্য ডানা ঝাপটাচ্ছে।

নিশ্চয় অভিভাবক্ত ও প্রভুত্ব বাস্তবমূখী চিন্তা ও মানুষের বিশ্ব প্রতিপালক আল্লাহর জন্য দাসত্বের বস্তবতা সম্পর্কে ব্যাপক অস্থিরতা বিরাজ করছে। উক্ত অবস্থার মূখ্য কারণ হচ্ছে 'অজ্ঞতা'। এছাড়া আভ্যন্তরীণ ও বাহ্যিক অনেক উপাদান রয়েছে।

এতদসত্বেও লোকেরা কিয়ামতের দিন উক্ত বিষয়ে জিজ্ঞাসিত হওয়া থেকে পরিত্রাণ পাবে না। যেদিন কোন বন্ধু অন্য বন্ধুর কোন বিষয়ে কোন কাজে আসবে না। (আয্ওয়াউ আলা ত্বরীকিন নাজাত, ৫০ পৃঃ)

ডঃ আহমাদ আল-আস্সালঃ

শরীয়াতকে ঝোপ-ঝাড়ের মধ্যে পরিবেষ্টন করা এবং এর অনুসারীদের যে চক্রান্তের মাধ্যমে উক্ত বেদনাদায়ক অধঃপতন যা এই জাতির ঘাড়ে চেপেছে তা দুই ভাবে সংঘটিত হয়েছে।

প্রথমঃ ইজতেহাদের দরজা বন্ধ করে দেয়া। এটা ঐ সময়ের ঘটনা যখন তুর্কী জাতি উস্মানিয়া রাষ্ট্র প্রতিষ্ঠার পর হানাফী মাজহাবের ব্যাখ্যা বিশ্লেষণ এবং প্রশিদ্ধ আলিমগণের টীকাসমূহ চুড়ান্ত রূপ দিতে যেন আর পরিবর্তন, পরিবর্ধন করার সুযোগ না থাকে এর ইচ্ছা পোষণ করা। এ বিষয়ে দু'টি গ্রন্থ রচনা করা হয়। (১) "কিতাবুল লালী" ও (২) "মাজমাউল বিহার।" এই অংশটিই অতী ভয়াবহ ছিল যা ফিক্হ- এর ভরা পাত্ররূপে প্রতিষ্ঠিত করা হয় এবং জীবন চলার পথে নিত্যনতুন সমস্যার সমাধানকল্পে শরীয়ত হতে ইজতেহাদের পথ বন্ধ করে দেয়া হয়।

দ্বিতীয়ঃ দুর্বল ও ব্যর্থতার ফলাফল এবং শক্তিশালী পশ্চিমা উপনিবেশবাদ-এর দাপট। অতএব, রাষ্ট্র স্বীয় বিষয়ে পরাজিত হয়ে যায় এবং মানবরচিত আইন প্রবেশের কারণে রাষ্ট্রে বিশৃখংলা দেখা দেয়। যেমন পশ্চিমা দৃষ্টিভঙ্গির আলোকে জাতীয় পরিবর্তনের মাধ্যমে তদনুযায়ী আমল করা যায়। আর এটা ছিল চরম অপমান ও লাঞ্ছনা। ১৮৪০ খৃষ্টাব্দে ফরাসী আইন অনুসারে সর্ব প্রথম শাস্তি বিষয়ে আইন প্রণয়ন করা হয়। ১৮৫০ খৃষ্টাব্দে বানিজ্য বিষয়ক আইন রচনা করা হয়। ১৮৬১ খৃষ্টাব্দে উক্ত আইন বাস্তবায়নের জন্য বাণিজ্য মন্ত্রণালয় প্রতিষ্ঠা করা হয়। স্রোত চলতেই থাকে।

উসমানীয় খিলাফতের অনুগত বড় বড় আরব রাষ্ট্র উক্ত ইউরোপীয় আইন গ্রহণ করে এবং রাষ্ট্রীয় বল প্রয়োগের মাধ্যমে লোকদের উক্ত আইন মানতে বাধ্য করা হয়। অভিশপ্ত কামাল আতাতুর্ক অস্ত্রের জোরে ধর্মনিরপেক্ষতাবাদ এর নতুন ভিত্তি স্থাপন করে এবং ইসলাম ও মুসলমানদের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে যা সকলের জানা আছে এবং সর্বদা তুর্কী মুসলিম জনতা এই জঘন্য অপরাধে পদপৃষ্ট হয়ে ডুবে আছে। সবকিছুকে বিসর্জন দেয়া হয়েছে এবং তাদের আকীদাগত বিষয় এবং শরীয়া-এর সার্থে সম্পৃক্ত মানুষের সকল অধিকার কেড়ে নেয়া হয়েছে। "লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।"

(আস সিলসিলাহ নাহ্ওয়া হীনা মুসলিম কিতাব দাওরিল জামিয়াত আল ইসলামিয়া ফী তাত্বীকিশ শারীয়াহ ফিল মুজতামায়াতিল মুসলিমাহ, ১৪-১৯ পৃঃ সংক্ষেপিত)

উসতাদ, ইবরাহীম আল-আস্আস্ হাফিযাহুল্লাহু তায়ালাঃ

তিনি বলেনঃ ত্বাগুতকে অস্বীকার করা ব্যতীত এই দ্বীনের দিকে নিজেকে সম্বন্ধ করা যথার্থ বলে বিবেচিত হবে না। ত্বাগুতদের শীর্ষে রয়েছে যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান- এর বিপরীত ফয়সালা করে। নিশ্চয় এই মাসআলা বর্তমান সময়ে সবচেয়ে বড় শিরক। নিশ্চয় তাওহীদে উলুহিয়াত হচ্ছে ইসলামের মূল আকীদাহ। এর দিকে সর্ব প্রথম দাওয়াত দেয়া ওয়াজিব এবং এটা গুরুত্বপূর্ণ বিষয়। এর দ্বারাই মাখলুককে বিভ্রান্ত হওয়া থেকে প্রতিরোধ করা হয়। এর দ্বারাই ইবনে তাইমিয়া ও ইবনে আব্দুল ওয়াহ্হাব কবরের শিরকের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন। এর মাধ্যমেই প্রসাদের শিরককে প্রত্যাখ্যান করা আমাদের উপর দায়িত্ব...।

এ যুগের সবচেয়ে বড় বিদআত হচ্ছে আল্লাহর নাযিলকৃত বিধান- এর বিপরীত ফয়সালা করা। এ যুগের সবচেয়ে বড় শিরক হচ্ছে প্রশাসন এর ক্ষেত্রে শিরক করা। নিশ্চয় পরিস্কার ও সালাফী সহীহ আকীদা হচ্ছে- তাওহীদ উলুহিয়াহ (প্রভুত্বের ক্ষেত্রে একত্ববাদ)। আর তাওহীদে উলুহিয়াহ হচ্ছে- আনুগত্য, অনুসরণ ও নতী স্বীকার করার ক্ষেত্রে একত্ববাদ। এই তাওহীদ দ্বারাই আমরা পরীক্ষা করি, এর দ্বারাই আমরা বন্ধুত্ব স্থাপন করি এবং এর মাধ্যমেই শত্রুতা করি। "মানুষের রবের শরীয়াত দ্বারা ফয়সালা করা" এটাই আহলুস সুন্নাহ এর নিদর্শন হওয়া উচিত এবং ঐ সকল বিদআতিদের থেকে তাদের পার্থক্যকারী হওয়া উচিত যারা এসব ভয়াবহ বিষয়ের কোন একটি পরিবর্তন করে।

(আস-সালাফ্ ওয়াস সালফিউন, দ্বিতীয় মূদ্রণ ৫৭-৬২ পৃঃ কিছু পরিবর্তন সহ)

শাইখ, মুহাম্মদ মুসতাফা আল মিকরা (আবূ ইসার) (হাঃ)

তিনি বলেনঃ তাওহীদ-এর সাক্ষ্যের দাবি হচ্ছে- মুসলিম ব্যক্তি প্রশাসনের ক্ষেত্রে এক আল্লাহর নিকট আত্নসমর্পণ করবে এবং অন্য সবকিছু পরিহার করে তাঁর শরীয়াত অনুযায়ী জীবন যাপন করবে। আর আমরা যে অবস্থায় রয়েছি তা হল- শাসক আল্লাহর বিধান পরিত্যাগ করেছে এবং অন্য কিছুর মাঝে প্রবেশ করেছে। জাহেলিয়াত-এর প্রভুদের নিকটে ফয়সালা তালাস করছে। প্রকাশ্যভাবে এবং প্রয়োগের ক্ষেত্রে তারা ইচ্ছা শক্তি ও ক্ষমতা বিধান প্রদানের ত্বাগুত এর নিকটে বিচার নিয়ে যাওয়ার উপর সম্পন্ন হচ্ছে। আল্লাহর বিধান প্রত্যাখ্যান করার পেছনে ত্বাগুত এর নিকটে ফয়সালা নিয়ে

যাওয়া ও জাহেলিয়াত- এর বিধান তালাস করা ব্যতীত অন্য কোন উদ্দেশ্য নেই।

আল্লাহ তায়ালা বলেছেনঃ

أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ ۚ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ

অর্থঃ তারা কি জাহেলিয়াত আমলের ফয়সালা কামনা করে? আল্লাহ অপেক্ষা বিশ্বাসীদের জন্য উত্তম ফয়সালা কারী কে?

(সূরা মায়িদাহঃ ৫০)

এই সত্য প্রত্যাখ্যানকারী; সত্যকে ছুঁড়ে মারছে, বাতিলকে বাস্তবায়ন করছে, لَا إِلَـٰهَ إِلَّا اللَّهُ (আল্লাহ ব্যতীত কোন মা'বুদ নেই) এই সাক্ষ্য এর দাবি হতে বের হয়ে গেছে। ত্বাগুতকে দেবতা ঘোষণা করেছে। কেননা সে পরিবর্তন করেছে, যদিও একটি বিষয় হোক না কেন, যদিও তার নিকট আল্লাহর ফয়সালাই মূল হয়ে থাকে, সে তো কুফরী করেছে ও শিরক করেছে। তার কুফ্র ও শির্ক হচ্ছে-সে আল্লাহর পরিবর্তে আইন রচনা করেছে। এবং সে প্রভূত্বের বৈশিষ্ট সমূহের অন্যতম বৈশিষ্ট নিজের নফসের জন্য মঞ্জুর করেছে।

কেননা সে উক্ত পরিবর্তনের মাধ্যমে প্রমাণ করেছে, সে আল্লাহর ফয়সালার প্রতি সন্তুষ্ট নয় এবং সে সঠিক অর্থে ও যথার্থভাবে আত্নসমর্পন করেনি। তদ্রুপ যদি সে আল্লাহর বিধান ছেড়ে দেয়া হালাল মনে করে, যদিও সে একটি বার ও একটি মাসআলায়, তবে সে আল্লাহর বিধান অস্বীকার করল। বর্তমান যুগে মুর্জিয়াগণ যারা কিছু কিছু সন্দেহের কারণে শাসকদের কুফরীকে প্রত্যাখ্যান করে তাদের প্রতিবাদ করে।

তিনি বলেনঃ তাদের জন্য এটা যথেষ্ট নয় কি এসকল শাসকদের আল্লাহর শারীয়াতকে অপসারণ করা এবং তদস্থলে পথভ্রষ্টতার আইন হালাল করা। এবং শরীয়ত ও এর দিকে আহ্বানকারীদের বিরুদ্ধে প্রকাশ্যে ও গোপনে যুদ্ধ করা, যা বলার অপেক্ষ রাখে না, ওটা কি শুধু জঘন্য অস্বীকার করার জন্য নয় যা অন্তরের বিশ্বাস শুন্যর ফল যার পেছনে কোন আমল থাকে না?

অনুরূপভাবে আল্লাহর নাযিলকৃত বিধান এর পরিবর্তে ফয়সালা করা হালাল করে নেয়া যেমন প্রকাশ্যে হচ্ছে, তদ্রুপ পরোক্ষভাবেও হচ্ছে। যখন তারা ইসলামী শারীয়াত ব্যতীত অন্য মতবাদ গ্রহণ করবে, যে মূল উৎস থেকে তারা তাদের আইন প্রণয়ন করে। এ ক্ষেত্রে নুন্যতম যা বলা হয়- তারা

অন্য উৎস হতে আইন সংগ্রহ করা বৈধ মনে করে এবং আইন প্রণয়ন, আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর বিপরীত ফয়সালা করা হালাল মনে করে। কখনও তারা আল্লাহর নাযিলকৃত বিধান- এর বিপরীত ফয়সালা করা বৈধ মনে করে 'হালাল কিংবা বৈধ করা' শব্দ প্রয়োগ না করেই। কিন্তু তারা কিতাব ও সুন্নাহ ব্যতীত এর দ্বারা ফয়সালা করা উচিত বলে মনে করে.....। যখন আপনার নিকটে এটা স্পষ্ট হয়ে গেল, সুতরাং শরীয়ত পরীবর্তনকারী শাসক বড় কাফির, এটা তাকে মিল্লাতে ইসলাম হতে বের করে দেবে। এ জন্য তার উপর কোন দুঃখ প্রকাশ করা যাবে না এবং কোন সম্মান প্রদর্শন করাও যাবে না। ওটা আহলে সুন্নাহ- এর কাফির ঘোষণা দেয়ার নীতি সমূহের কয়েকটি কারণ, যেগুলো আমি আমার গ্রন্থ সমূহের বিভিন্ন স্থানে উল্লেখ করেছি। এখানে শুধুমাত্র পাঁচটি কারন উল্লেখ করেছি, নিম্নে তা প্রদত্ব হল-

প্রথমঃ নিশ্চয় আইন রচনা করা হচ্ছে- প্রভুত্বের বৈশিষ্ট সমূহের অন্যতম বৈশিষ্ট। যে ব্যক্তি নিজের জন্য অথবা অন্যের জন্য উক্ত অধিকার মঞ্জুর করবে, সে তো নিজেকে অথবা অন্যকে আল্লাহ রব্বুল আলামীনের সমকক্ষ স্থির করল।

দ্বিতীয়ঃ আল্লাহ যা কিছু হারাম করেছেন তা হালাল করা এবং তিনি যা কিছু হালাল করেছেন তা হারাম করা। এটা কাফির প্রতিপন্ন করার একটি রূপ। জাহিল কিংবা অহংকারী ব্যতীত অন্য কেউ এটা অস্বীকার করে না।

তৃতীয়ঃ নিশ্চয় উক্ত পরীবর্তনকারী আল্লাহর বিধান- এর শ্রেষ্ঠত্বের ব্যাপারে সন্দেহ পোষণ করে, আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ)- এর সামনে নিজের কিংবা অন্যের মতকে প্রাধান্য দিয়ে, মাখলুক এর আইনমুখী হয়ে উত্তম সৃষ্টিকারী আল্লাহর আইনকে পেছনে ফেলে অন্যের ফয়সালাকে ভাল মনে করে।

চতুর্থঃ আইন প্রণয়ণের ক্ষেত্রে শিরক করা, পূর্ণ তাওহীদকেই ধ্বংস করে দেয়। কেননা সে আল্লাহর রুবুবিয়াত- এর অস্বীকার করার দাবি করেছে এবং তার উলুহিয়াত- এর ক্ষেত্রে বিবাদে লিপ্ত রয়েছে ও তাঁর নাম ও গুণে কিছু মাখলুককে সমকক্ষ মনে করেছে।

পঞ্চমঃ কোন মাখলুকের জন্য অবকাশ নেই যে, সে আল্লাহর ওয়াহির বিপরীত কাজ করে, যদিও সে নিকটবর্তী কোন ফেরেশতা হোক কিংবা কোন প্রেরিত নবী হোক.....।

শাইখ, আব্দুল মুনয়িম মুসতাফাহ্ হালিমাহ্ (আবু বাসীর) হাফিযাহুল্লাহু তায়ালাঃ

মুর্জিয়াগণ, যারা দাবি করে এসব ত্বাগুত- এর আনুগত্য করা ওয়াজিব। কেননা তারা মুসলমানের শাসক। তাদের উক্ত দাবির প্রতিবাদ করে তিনি বলেনঃ ঐ সকল মুসলিম শাসক, ভাল কাজে যাদের আনুগত্য করা ওয়াজিব, তারা হচ্ছে ঐ সব শাসক যারা কিতাব ও সুন্নাহ দ্বারা মুসলমানদের বিচার করেন, মুমিনদের সাথে বন্ধুত্ব রাখেন এবং কাফিরদের সাথে শত্রুতা করেন, তারা আল্লাহ তায়ালার রাস্তায় জিহাদ করেন। কিন্তু- এসকল ত্বাগুত যাদেরকে আপনারা মুসলমানদের শাসক বলে আখ্যায়িত করেছেন, তারা তো আল্লাহর আইনকে কাফিরদের আইন দারা পরিবর্তন করেছে। তারা এর কাছে বিচার নিয়ে যায়, এর দ্বারা ফয়সালা করে এবং লোকদের উপর এটা ফরয করে দেয়। তারা এটা লোকদের নিকট সুন্দর করে উত্থাপন করে।

তারা ইয়াহুদী, খ্রীষ্টান ও অন্যান্য কাফিরদের সাথে বন্ধুত্ব রাখে। তারা মুমিন এবং বিশেষকরে আল্লাহর দিকে আহ্বানকারীদের সাথে দুশমনী রাখে। তারা আল্লাহর রাস্তায় জিহাদ করা বন্ধ করে দেয় এবং এটাকে সন্ত্রাসী কর্মকাণ্ড ও সহিংস আচরণ বলে আখ্যায়িত করে। যেন লোকদের এর প্রতি ঘৃণা সৃষ্টি হয়। এছাড়াও তারা অশ্লীল কর্ম ও মন্দ কাজকে লোকদের চোখে সুন্দর করে দেখায় এবং এগুলোর সংরক্ষণের জন্য আইন রচনা করে। আল্লাহর বান্দাদের বিভ্রান্ত করার জন্য অস্ত্র হিসেবে মহিলাদের সৌন্দর্য প্রদর্শন করার প্রতি উৎসাহ প্রদান করে, দ্বীনের আহকামের বিরুদ্ধে অবাধ্য হওয়ার জন্য তাদের অনুপ্রাণিত করে। তারা জাতিকে বিভক্ত করেছে।

বরং এক ভূখণ্ডকে পরস্পর সংঘাত ও হানাহানিতে লিপ্ত এরকম বহু কাফির ধর্মনিরপেক্ষতাবাদী দলের জন্ম দিয়েছে, আন্দলোন করতে এবং বান্দাদের মধ্যে বাস্তব প্রয়োগ করতে তাদের পূর্ণ স্বাধীনতা দিয়েছে। এবং দেশে দেশে তাদের ভাষায় এটাকে গণতন্ত্র বলে আখ্যায়িত করছে। এসকল কাফির দলের জন্য এমন কিছু কাজ বৈধ রয়েছে যা আল্লাহর পথের দায়ীদের জন্য নেই। যদি আমরা তাদের লজ্জাজনক কাজের ও তাদের কুফরির পরীক্ষা করতে চাই, তখন আমরা তাদের দেখতে পাব তারা ঈমান বিধ্বংসী সকল কাজেই জড়িত, যা তাদেরকে মিল্লাত হতে বহিস্কার করছে।

অতএব এগুলো তাদের সামান্য কিছু বৈশিষ্ট্য, তা সত্বেও আপনারা তাদের সর্ম্পকে ভাল মন্তব্য করেছেন, তাদেরকে মুসলমানদের শাসক আখ্যায়িত করে তাদের আনুগত্য করা ওয়াজিব বলছেন!

আল্লাহ তায়ালা বলেনঃ

وَلَنْ يَّجْعَلَ اللّٰهُ لِلْكَافِرِيْنَ عَلَى الْمُؤْمِنِيْنَ سَبِيْلًا

অর্থঃ "আল্লাহ তায়ালা কখনো মু'মিনদের উপরে কাফিরদের কোন কর্তৃত্ব দেবেন না।"

অতঃপর আমাদের কাছে বিষয়টি হচ্ছে- শাসকদের নিকট হতে কিছু কিছু পাপ ও অশ্লীল কর্ম প্রকাশ পাওয়াতেই সীমাবদ্ধ নয়, নিশ্চয় তারা এমন শাসক যাদের নিকট হতে كُفْرٌ بَوَاحٌ স্পষ্ট কুফরী প্রকাশ পেয়েছে যাতে কারো মতভেদ করা উচিত নয়।

("আল-মিনহাজ" ইসলামী ম্যাগাজিন, ৩য় সংখ্যা, ৯০,৯১পৃঃ)

তদ্রূপ "যে ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধান- এর বিপরীত ফায়সালা করে তার সর্ম্পকে চূড়ান্ত রায়" এই শিরোনামে তিনি বলেনঃ

যখন আমরা এই বিষয় নিয়ে পর্যালোচনা করি, অর্থাৎ ঐ শাসক যে আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করে তার সীমালঙ্ঘন এবং তার ক্ষেত্রে শরীয়াতের হুকুম সম্পর্কে পর্যালোচনা করি ... তখন আমরা দেখতে পাব উক্ত শাসক আল্লাহর নাযিলকৃত বিধান পরিহার করে ফয়সালা করা হালাল মনে করেছে। বাস্তব অবস্থা ও আমলের দ্বারাই তারা এটা প্রমাণ করছে আর এটা মৌখিকভাবে প্রকাশের চেয়ে বেশী শক্তিশালী।

এ বিষয়ে আমাদের সিদ্ধান্ত হচ্ছে- কিতাব ও সুন্নাহর দলীল সমূহ এবং এই উম্মাতের নির্ভরযোগ্য আলেমগনের সকল মন্তব্য একত্রে প্রমান করছে যে, সে কাফির, সে প্রকাশ্য ও স্পষ্ট কুফরিতে লিপ্ত। এ বিষয়ে সন্দেহ করা, দ্বিধা করা ও সিদ্ধান্তহীনতার কোন অবকাশ নেই। তাকে কাফির ঘোষণা করতে ঐ ব্যক্তি দ্বিধা করবে যে বোকা গুজব রটনাকারী, কিংবা জাহিল, যে দৃষ্টিশক্তি ও বোধশক্তি থেকে অন্ধ। ('আত ত্বাগুত' আবূ বাসীর প্রণিত, ৮২, ৮৩ পৃঃ)

শাইখ, মোহাম্মদ বুন নি'য়াত (আল-মাগরিবী) (হাঃ)

তিনি বলেনঃ শুধুমাত্র আল্লাহর নাযিলকৃত বিধান- এর বিপরীত ফয়সালা করার অনুমোদন দেয়া, অথবা আল্লাহ তায়ালার আইন ব্যতীত অন্যের নিকট ফয়সালা নিয়ে যাওয়ার অনুমতি দেয়া, কিংবা আল্লাহর শরীয়াত- এর নিকট বিচার নিয়ে যাওয়া বাধ্যতামূলকভাবে গ্রহণ না করা, কিংবা অন্য কিছু দ্বারা এর পরিবর্তন করা 'কুফ্‌র'। কেননা 'পরিবর্তন করা' নিজের জন্য 'হালাল করার' নামান্তর। উক্ত ইরজা'ও মুর্জিয়াদের সাথে সাদৃশ্য হওয়া থেকে বিরত থাকুন।

(আকীদাতুস সালাফিঈন ফী মীযানী আহলিস সুন্নাহ ওয়াল জামায়াহ, পার্শ্ব টীকা, ১০২ পৃঃ)

ডঃ মুহাম্মদ আল মিসআরী হাফিযাহুল্লাহু তায়ালাঃ

তিনি বলেনঃ ফাসিক এর শাসন শরীয়াত অনুসারে অকেজো। অতএব প্রথমেই তাকে শাসন ক্ষমতা প্রদান করা যাবে না। যখন এরপর তার থেকে ফিস্‌ক প্রকাশ পাবে, তখন শরীয়াতের নির্ভরযোগ্য পদ্ধতি অনুসারে তাকে অপসারণ করা ওয়াজিব। এটা সকলের জানা কথা যে, বর্তমানে হিজরী পঞ্চদশ শতকের দ্বিতীয় দশকের মুসলিম বিশ্বের রাষ্ট্রসমূহের সকল শাসক ফাসিক ও অপরাধী। তারা আল্লাহর অবাধ্য হচ্ছে এবং তার আনুগত্য করছে না। কেননা তারা কুফরি বিধান দ্বারা ফয়সালা করছে, আর ইসলামী বিধান বাস্তবায়ন করছে না। অতএব এ সকল শাসকের কোন প্রকার আনুগত্য করা যাবে না।

(ত্বায়াতু উলিল আম্‌র হুদূদুহা ওয়া কুয়ূদুহা, প্রথম মদ্রণ, ৫২ পৃঃ)

উসতাদ ইউসূফ আল-আযম (রহঃ)ঃ

তিনি হাফিজ ইবনে কাসীর (রহঃ)-এর মন্তব্য প্রসঙ্গে বলেনঃ এটা কি বর্তমান মুসলমান দেশগুলোতে দৃষ্টিগোচর হচ্ছে না? এখানে অনেক ইয়াসিক রয়েছে এবং এখানে প্রচুর চেঙ্গীস খান বিদ্যমান। প্রত্যেক নেতা মতবাদ তৈরী করেছে এবং প্রত্যেক দেশে দল প্রণয়ন করা হয়েছে। কুরআনের পরিবর্তে এখানে বিচার চাওয়া হয়। এটা কি স্বয়ং পথভ্রষ্টতা নয়, যেদিকে হাফিয ইবনে কাসীর (রহঃ) ইশারা করেছেন?

(আল-ক্বওলুল ক্বাতি 'ফীমান ইমতানায়া আনিশ শরায়ীই, ৯৫পৃঃ)

শাইখ, আবদুর রহমান দামেশকী, হাফিযাহুল্লাহু তায়ালাঃ

আবিসিনীয়দের কাফির শাসকদের ক্ষেত্রে প্রশংসা করার বিশ্লেষণ করে তিনি বলেন, ধর্মনিরপেক্ষতাবাদীগণ এই কথার দ্বারা কতইনা ভাগ্যবান হয়েছে এবং এমন ফাতওয়া তাদের কতইনা প্রয়োজন। এটা তো কুরআনের পরিবর্তে ধর্মনিরপেক্ষতাবাদের ফয়সালাকেই শক্তিশালী করবে এবং মুসলমানদের দাসে পরিণত করতে তাদের ক্ষমতা প্রদান করবে। যদিও আমরা এটা মেনে নেই যে- আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালাকারী শাসক কাফির নয়। যতক্ষণ পর্যন্ত সে কুরআনকে ওর থেকে উত্তম মনে করবে সে ফাসিক থাকবে। তবে আমরা আবিসিনীয়দের নিকট আহ্বান করব আল্লাহর নাযিলকৃত বিধান- এর বিপরীত ফয়সালাকারী শাসকদের সামান্য ব্যাখ্যা প্রদান করুন! ...

যদি তারা তাদের 'ফিস্ক'- এর বিবরণ প্রকাশ না করে, বরং তারা তাদের প্রশংসা করে, তবে তাদের ক্ষেত্রে হুকুম হচ্ছে- তারা মুনাফিকের দল, মুসলমানদের শত্রুদের সাথে বন্ধুত্ব স্থাপন করেছে।

আল্লাহ তায়ালা বলেছেনঃ

وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ

অর্থঃ "তোমাদের মধ্যে যে কেউ তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করবে, সে তো তাদের মধ্যকার একজন।"

প্রত্যেক ব্যক্তি যাকে সে ভালবাসে তার সঙ্গেই তাকে কিয়ামতের দিন উঠানো হবে। (আল-হাব্শী শুয়ূযুহু ওয়া আখতাউহু, ৬৯-৭১পৃঃ)

তদ্রূপ তিনি বলেছেনঃ আল্লাহর প্রতি ঈমান আনয়ন, তাঁর আনুগত্য করা এবং তাঁর ওয়াহী অনুসারে আমল করা বাধ্য করে। এবং পরবর্তীতে এটা ব্যতীত ত্বাগুত- এর বিধানকে অস্বীকার করাকে তার নিকট দাবী করে। কেননা একই সময়ে আল্লাহর নাযিলকৃত বিধান-এর প্রতি ঈমান এবং ত্বাগুত- এর আবিস্কৃত বিষয়ের প্রতি বিশ্বাস করা একত্র হওয়া অসম্ভব। কেননা যে ব্যক্তি শাহাদাতাঈন-এর স্বীকৃতি দিয়েছে সে তো আল্লাহর পরিবর্তে যার পূজা করা হয় তা অস্বীকার করতে আদিষ্ট হয়েছে।

যেমনঃ

রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ যে ব্যক্তি বলবে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই এবং আল্লাহর পরিবর্তে যার পূজা করা হয় তা অস্বীকার করবে, তার মাল ও রক্ত হারাম হয়ে যাবে। (মুসলিম, কিতাবুল ঈমান)

এতে কোন সন্দেহ নেই যে, আল্লাহর দ্বীন ব্যতীত অন্য কিছুকে সালিস মান্য করাকে গাইরুল্লাহ্র ইবাদাত করা বলে। কেননা আনুগত্য করা ইবাদতের একটি শ্রেণী। এ জন্য আল্লাহর অবাধ্যতায় পণ্ডিত ও সংসার বিরাগীদের আনুগত্য করাকে তাদের ইবাদত হিসেবে গণ্য করা হয়েছে।

(মাওসূআতু আহলিস সুন্নাহ ফী নাকদি উসূলি ফিরকাতিল আহ্বাশ ওয়া মান ওয়াফাকাহুম ফী উসূলিহিম, ২য় খণ্ড, ১২৭৫পৃঃ)

শাইখ, আহমাদ আবূ লাবান (রহঃ)ঃ

মুসলিম শাসকদের ক্ষেত্রে শরীয়াতের হুকুম সম্পর্কে তাঁকে জিজ্ঞেস করা হল, যদি সে কাফির হয় তাকে হত্যা করা বৈধ কি না? এর উত্তরে তিনি বলেনঃ তাকে হত্যা করা শুধু বৈধ নয়, বরং তাকে শরীয়াত অনুসারে হত্যা করা ওয়াজিব। মুসলমানদের যে দলই হোক না কেন, তাকে মুরতাদ হিসেবে হত্যা করা ওয়াজিব। তাকে শুধু একাই নয়, বরং তার সকল ভাইকেও হত্যা করতে হবে। অর্থাৎ ঐ মুরতাদ শাসকেরা যারা লোকদের জন্য নতুন দ্বীন রচনা করেছে, বান্দাদের অসম্মান করেছে এবং নগরসমূহ ধ্বংস করেছে।

উসতাদ, উমার আবদুল হাকিম (আবূ মুসআব, সিরিয়া) (হাঃ)

তিনি বলেনঃ বর্তমান সময়ে আমাদের দেশগুলোতে মুসলমানদের শাসকেরা যারা আল্লাহ তায়ালা ও তাঁর রসূল (সাঃ)-এর আহকাম সম্পূর্ণ বা আংশিক ধ্বংস করে দিয়েছে। নিজেদের জন্য এবং স্বীয় জাতির জন্য এমন বিধান গ্রহণ করেছে যা প্রাচ্য অথবা পাশ্চাত্য কিংবা নিজের প্রবৃত্তি হতে আমদানি করেছে। এর দ্বারা তারা বর্তমান কালের ইয়াসিক শুরু করেছে। এটা চেঙ্গীস খাঁন এর ইয়াসিক থেকে বেশী জঘণ্য যেন এর মাধ্যমে রক্ত সম্পর্কীয়, মালসম্পর্কীয় ও অন্যান্য বিষয় সম্বন্ধে ফয়সালা করতে পারে।

উক্ত অপরাধে তারা মুরতাদে পরিণত হয়েছে এবং আমাদের মিল্লাত, মিল্লাতে ইবরাহীম হতে বের হয়ে গেছে। তাদের সম্পর্কেই আল্লাহ তায়ালা বলেছেন, কাফির, যালিম ও ফাসিক। এটা তাদের বড় অপরাধ। আর কুফ্র এর চেয়ে গুরুতর কোন গুণাহ নেই।

...তারা দায়ীদেরকে গৃহ হতে তাড়িয়ে দিয়েছে, তাদের পিছু নিয়েছে তাদের মুখ বন্ধ করে দিয়েছে এবং তাদের হত্যা করেছে। তারা নিজেদের বিরুদ্ধে প্রমাণ প্রতিষ্ঠা করেছে। অতএব, তাদের কাছে দাওয়াত পৌঁছানো হয়েছে এবং তাদেরকে ভীতি প্রদর্শন করা হয়েছে। আর এটা তো তাদের ধৃষ্টতা, ঘৃণা ও অহংকারই বৃদ্ধি করেছে।

(আত-তাজরিবাহ্ আল-জিহাদিয়া ফী সূরিয়া, ২য় খণ্ড, ১০৮, ১০৯পৃঃ)

শহীদ, (আমরা অনুরূপ ধারনা করি) আবূ উসায়িদ, সিরিয়া (রহঃ)ঃ

তিনি বলেনঃ যে ব্যক্তি নিজের জন্য জীবন চলার পদ্ধতি আবিস্কারের অধিকার প্রদান করবে অথবা আইন প্রণয়নের অধিকার দেবে, সে মূলত শিরক করল এবং আল্লাহর সঙ্গে কুফ্রী করল। এবং সে তার প্রবৃত্তিকে মাবূদরূপে গ্রহণ করল। এমনকি যদিও সে আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর উপর ঈমানের দাবী করে। কেননা সে নিজের জন্য এমন অধিকার প্রদান করেছে, যা আল্লাহ তায়ালা ব্যতীত অন্য কারো জন্য বৈধ নয়। তা হচ্ছে বান্দাদের উপর ফয়সালা করা।

যেমন ফিরআউন তার জাতিকে বলেছিল- مَا عَلِمْتُ لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرِى

অর্থঃ "আমি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ আছে বলে আমার জানা নেই।"

এর মাধ্যমে সে এটা প্রমাণ করাতে ইচ্ছা করেনি যে, সে সব কিছু সৃষ্টি করেছে, অথবা সে সূর্য্য বা চন্দ্রের উপর ক্ষমতা প্রয়োগ করতে পারবে, কিংবা নীল নদের প্লাবন তার ক্ষমতায় রয়েছে। এ অর্থে মানুষের ইবাদত তার জন্য ছিল না। সে তো ইচ্ছা করেছিল, সে একমাত্র অনুসরণ যোগ্য, কেননা তার ক্ষমতা ও দাপট রয়েছে। তিনি বলেছেনঃ وَلٰكِنَّهُمْ اَطَاعُوْهُ - "কিন্তু তারা তার আনুগত্য করেছে"- ঐ বিষয়ে সে আইন রচনা করেছিল।

অতএব, এই উম্মাতের যে কেউ ফেরআউন- এর উক্ত স্থলে নিজেকে স্থাপন করবে (আইন প্রণয়নকারীর স্থলে) সে তো নিজেকে তাদের সামনে ইলাহ হিসেবে দাঁড় করাল। এবং যে ব্যক্তি সন্তুষ্ট চিত্তে তার আনুগত্য করবে, সে আল্লাহর পরিবর্তে তার ইবাদত করল।

(আল-হুক্ম ওয়া তাকফীরুশ শিরক; আত-তাজরিবাহ আল-জিহাদিয়া ফী সুরিয়া, ২য় খণ্ড, সহ, বাবুল হুক্ম আলা হুক্কামিল ইয়াউম)

শাইখ, আবদুল মালিক আল-বার্‌রাক হাফিযাহুল্লাহ্ তায়ালাঃ

তিনি বলেনঃ মানবরচিত আইন দ্বারা ফয়সালা করা আল্লাহ যার অনুমোদন দেননি শরীয়াত প্রণয়ন করার নামান্তর। উক্ত বিষয় শিরক হওয়ার সম্বন্ধে কেউ মতভেদ করেনি। নিঃসন্দেহ সংবিধান ও মানবরচিত আইন এক প্রকার ত্বাগুত। তদ্রুপ যে শাসকেরা আল্লাহর নাযিলকৃত বিধান দ্বারা ফয়সালা করে না তারাও ত্বাগুত। কেননা তারা উক্ত সংবিধান প্রণেতাদের নিকট ফয়সালা নিয়ে যায়। অতঃপর তারা লোকদের মধ্যে ওটা সালিস মান্য করার মাধ্যমে অনুসরণ করে এবং এটা তাদেরকে বাধ্য করে দেয়। এটা প্রসিদ্ধ কথা যে, বিচার চাওয়া এক প্রকার ইবাদত। সুতরাং যে বক্তি ত্বাগুত এর নিকট বিচার প্রার্থনা করবে সে তার ইবাদত করল। আর যে ব্যক্তি ত্বাগুত এর ইবাদত করল, সে আল্লাহর সাথে শিরক করল।

ঐ সকল শাসক প্রকৃতপক্ষে আল্লাহর শরীয়াত অনুযায়ী ফয়সালা করে না তাদের কাফির ঘোষণা করার অনেক দলীল বিদ্যমান যা গণনা করা অসম্ভব। কেননা ঐ সকল সংবিধান এবং মানবরচিত আইন হারাম বস্তুকে হালাল করেছে। যেমন, যখন উভয়ের সম্মতিক্রমে যিনা সংঘটিত হবে তখন

তা বৈধ হবে, সুধ, মদ ও জুয়ার অনুমোদন প্রদান করেছে। এগুলোর জন্য ভবন নির্মান করেছে এবং এগুলোর জন্য বিশেষ আইন ও নীতি প্রণয়ন করেছে, এ সকল হালাল করে নেয়ার দলীল।

(ডঃ আল বূতী প্রণীত গ্রন্থ 'আল জিহাদ ফিল ইসলাম' -এর প্রতিবাদে লিখিত গ্রন্থ রুদুদ আল আবাতীল ওয়া শুবহাত হাওলাল জিহাদ, ২৪৬-২৪৮ পৃঃ)

শাইখ, মুহাম্মাদ জামাল ইমরান আল কারশী (হাঃ)

নির্ভেজাল তাওহীদ-এর বর্ণনা প্রসঙ্গে আল্লাহর নাযিলকৃত বিধান-এর বিপরীত ফয়সালা করার হুকুম আলোচনা প্রসঙ্গে তিনি বলেন; তিনি এর মাধ্যমে রসূলুল্লাহ (সাঃ)-এর সুন্নাহ এর কল্যাণ কামনা এবং উক্ত বিষয়ে কিছু কিছু বড় মাপের শাইখদের গুঞ্জন সম্পর্কে ব্যাখ্যা করেছেন। .....আল্লাহ সুবহানাহু যা নাযিল করেছেন তদনুযায়ী ফয়সালা না করার মাসআলা, কিতাব ও সুন্নাহ এর মধ্যে বর্ণিত সীমা উপলব্ধি করার উপর নির্ভর করছে। উক্ত মাসআলার পূর্বে প্রথমে জানতে হবে- আমাদের ইমান হচ্ছে, বলা ও আমল করা, এটা বাড়ে ও কমে। এবং এর জন্য কিছু শর্ত, কিছু রুক্ন ও কিছু বিনষ্টকারী বিষয় রয়েছে। এবং নিশ্চয় কুফ্র বলা ও আমল করাকে বলে। আর কুফরে আকবার হচ্ছে- উক্তিমূলক ও কর্মমূলক বিষয়। এবং কুফরে আসগার হচ্ছে- উক্তিমূলক ও কর্মমূলক। যে ব্যক্তি এর বিপরীত ধারণা করেন তার কথা ভিন্ন। আর এটাই হচ্ছে আহলুস সুন্নাহ ওয়াল জামায়াতের পথ।

.....দ্বিতীয় মাসআলাঃ আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করা মূলত 'কুফর'। কেননা এটা জাহেলিয়াত ও ত্বাগুত-এর ফয়সালা।

.....তৃতীয় মাসআলাঃ আল্লাহর নাযিলকৃত বিধান- এর বিপরীত ফয়সালাকারী শাসক, তার ক্ষেত্রে লক্ষ্য করতে হবে- যদি তার নিকট আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফয়সালা করা মূল বস্তু হয়, [১]এবং কিছু কিছু মাসআলার ক্ষেত্রে ব্যতিক্রম হয়, তখন আমরা প্রশ্ন করব, এটি কি সে হালাল মনে করেছে কি না? এটা ছোট কুফ্র না বড় কুফ্র।

[১]. উক্ত হুকুম বর্তমান যুগের শাসকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। কেননা তাদের সুন্দর লিপিবদ্ধ সংবিধান ও কর্ম পদ্ধতি রয়েছে। কিন্তু শাইখ উক্ত কায়িদা নির্ধারণ করেছেন। আর তাঁর আলোচনার মধ্যেই দলীল বিদ্যমান।

.....চতুর্থ মাসআলাঃ যখন আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালাকারী শাসক ওটা কর্মপদ্ধিতি নির্ধারণ করবে এবং আইন রচনা করবে, তবে সে কাফির ও মূরর্তাদ যদিও উক্ত আইন তার ফয়সালার উপর প্রাধান্য না পায়। বরং আমার বক্তব্য হচ্ছে- যদি সে আইন এর মাধ্যমে সুদ হালাল করে নেয়, ব্যাংক প্রতিষ্ঠা করে এবং ঐ সকল ব্যাংক সংরক্ষণ করে, সুদ ভিত্তিক আইন প্রণয়ন করে, সে কাফির হয়ে যাবে এবং এর দ্বারা দ্বীনে ইসলাম হতে মুরতাদ হয়ে যাবে। যদিও সে এর পর ইসলাম দ্বারা ফয়সালা করে, সালাত আদায় করে, রোযা রাখে এবং নিজেকে মুসলিম বলে দাবি করে।

('নিদাউল ইসলাম' ম্যাগাজিন, ১২ তম সংখ্যা, ২০ পৃঃ)

শাইখ, আবুল ওয়ালিদ আল-আনসারী হাফিযাহুল্লাহু তায়ালাঃ

"উবাদাহ (রাঃ)-এর হাদীসে উল্লেখিত মানব রচিত আইন দ্বারা ফয়সালা করা কুফর" এই শিরোনামে উল্লেখ করেছেনঃ মুসলিম দেশ সমূহ সর্বদা এই বন্দী দশায় পদদলিত হচ্ছে। মুসলমানদের সন্তানেরা এর সাথে বন্ধুত্ব স্থাপন করছে বা বন্ধুত্ব স্থাপন করার উপক্রম হচ্ছে। এমনকি উক্ত বিষয় তাদের অন্তরে হালাল মনে হচ্ছে, এর ভয়াবহতা কম মনে হচ্ছে, উক্ত বিষয়ের সমালোচকদের তারা ঘৃণা করছে! .....এমন কি সে বাতিল দ্বারা বকবক করছে....!!

এতদসত্ত্বেও সঠিক উপলব্ধিকারী ও ধার্মিক কিছু ব্যক্তি বিদ্যমান, যারা বিশ্বে বিপর্যয় সৃষ্টি করা ও অশ্লিল কর্ম হতে বারণ করেন....। ঐ বিষয় যার দ্বারা কর্দমার আর্দ্রতাই বৃদ্ধি হবে, বোকাদের নির্বুদ্ধিতাই বৃদ্ধি পাবে যাদেরকে ইল্ম- এর দিকে সম্বন্ধ করা হয় (তথাকথিত আলিম) তাদের অনেকেই কিছু কিছু সংশয় দ্বারা প্রমাণ করার অপচেষ্টা করেন যে, উক্ত মানবরচিত বিভিন্ন আইনকে সালিস মান্য করলে কাফির হবে না, দ্বীন হতে মুরতাদ হয়ে যাবে না। উক্ত কর্মের দ্বারাও সে মুসলমান থাকবে। যদিও তার নিকট উক্ত ফয়সালা পৌঁছে থাকে। যেন এর মাধ্যমে তারা আল্লাহর শরীয়াত এর বিপরীত ফয়সালাকারী শাসকের জন্য ওযর হিসেবে মেনে নিচ্ছে।

ঐ পাগলের ক্ষেত্রে বিস্মিত হতে হয়। আপনি তো তাওহীদের অধ্যায়ের একটি অধ্যায় লক্ষ্য করেন না, এর মাসআলা সমূহের একটি মাসআলার প্রতিও দৃষ্টিপাত করেন না। তার চতুর্দিকে সন্দেহ, সংশয় ও কল্পনা নাড়া দেয়

যেমন ঐগুলো এই অধ্যায়ের চারপাশে নাড়া দিচ্ছে। অথচ কিতাব ও সুন্নাহ প্রমাণ করছে এটা হক্, এক আল্লাহর জন্য নির্দিষ্ট, এর সাথে অন্য কাউকে শরীক করা যাবে না। এবং লোকেরা দ্বীনের মৌলিক বিষয় ও শাখাগত বিষয়ে যে মতভেদ করছে, সেটা কিতাব ও সুন্নাহ এর দিকে প্রত্যাবর্তন করা ওয়াজিব।

আল্লাহ তায়ালা বলেছেনঃ

وَمَا اخْتَلَفْتُمْ فِيهِ مِن شَيْءٍ فَحُكْمُهُ إِلَى اللَّهِ

অর্থঃ "তোমরা যে বিষয়ে মতভেদ করছ, এর মিমাংসার দায়িত্ব একমাত্র আল্লাহর।" (সূরা শূরাঃ ১০)

অর্থাৎ উক্ত বিষয় ছোট হোক কিংবা বড় হোক। আল্লাহর নিকটেই সাহায্য প্রার্থনা করছি। (নিদাউল ইসলাম ২৭ তম সংখ্যা, ১৭পৃঃ)

তদ্রূপ তিনি বলেনঃ দ্বিতীয়তঃ এটা আপনার নিকট অধিক বিপদের কারণ ও অধিকতর শক্ত, বরং আল্লাহর কসম, ওটা বড় ভয়াবহ বিষয়। আপনি কি উক্ত বিষয় সম্পর্কে অবগত? তা হচ্ছে- বর্তমান যুগের কাফির নেতাগণ মুরতাদদের পদস্থ ব্যক্তিবর্গ স্থায়ীভাবে ইয়াহুদীদের সঙ্গে শান্তি চুক্তি করেছে। আপনি বিশ্বাস করুন, যদি আল্লাহ তায়ালা নির্বাক চতুস্পদ জীব-জন্তুকে কথা বলার ক্ষমতা প্রদান করতেন, তবে তারা অবশ্যই বলত যে, এটা বড় অপবাদ এবং এই একক দ্বীনের আইন- এর সঙ্গে অস্বীকার করার সামিল। প্রত্যেক ঐ ব্যক্তি যে আল্লাহর দ্বীনের উপর তার শরীয়াতের উপর অথবা মুসলমানদের দেশে এবং তাদের রক্ত ও সম্পদের উপর আক্রমণ করে, তাদের প্রত্যেকের সঙ্গে এই উম্মাতের যুদ্ধ করা ওয়াজিব।

("আল-মিনহাজ" ম্যাগাজিন, ১ম সংখ্যা, ৪৭পৃঃ)

তিনি অন্যত্র বলেনঃ নিশ্চয় আল্লাহ তায়ালার সঙ্গে শির্ক ও কুফরী করা, তার দ্বীনের সাথে যুদ্ধ করা, তার ওয়ালীদের সাথে বিরোধিতা করা, জঘণ্য কাজ। এর সমকক্ষ কোন অন্যায় কর্ম নেই। যদিও এটা অন্তরকে ধ্বংস করে এবং শরীর নষ্ট করে দেয়।

এজন্য আল্লামা, শাইখ, সা'দ ইবনে হাম্‌দ ইবনে আতীক (রহঃ) "আদ-দুরারুস সুন্নিয়াহ" গ্রন্থের ১০ম খণ্ডে, ৫১০পৃঃ বলেনঃ যদি গ্রাম্য ও

শহরের অধিবাসী লড়াই করে সকলেই নিহত হয় তবে তাদের বিশ্বে ত্বাগুত প্রতিষ্ঠিত করার চেয়ে ওটা হালকা অপরাধ। যে ত্বাগুত ইসলামী শরীয়াত যা দ্বারা রসূল (সাঃ) কে প্রেরণ করা হয়েছিল তার বিপরীত ফয়সালা করবে।

অনুরূপ তিনি বলেনঃ মোটকথা, এই মহান দ্বীন ও এই মজবুত শরীয়াত ইহলৌকিক ও পরলৌকিক জীবনের বাস্তব কল্যাণ প্রতিষ্ঠা করে এবং ঐ দু'টোর অকল্যাণ প্রতিহত করে।

('আল-মিনহাজ' ম্যাগাজিন ২য় সংখ্যা, ৭৫পৃঃ)

শাইখ, বাশার ইবনে ফাহ্দ আল-বাশার হাফিযাহুল্লাহু তায়ালাঃ

তিনি দশটি জিনিসকে ইসলাম ধ্বংসকারী বলে উল্লেখ করেছেন। তন্মেধ্যে যেটি বেশী ভয়াবহ এবং বেশী সংঘটিত হয় তা হচ্ছে চতুর্থ প্রকার ধ্বংসকারী বস্তুঃ নিশ্চয় যে ব্যক্তি বিশ্বাস করবে, নবী (সাঃ)- এর বিপরীত হিদায়াত তার হিদায়াত হতে পরিপূর্ণ। অথবা অন্যের বিধান তার বিধান থেকে সুন্দর। যেমন ঐ ব্যক্তি যে ত্বাগুত এর বিধানকে তার বিধান এর উপর প্রাধান্য দেয়, তবে সে কাফির....।

এই মাসআলা অর্থাৎ "আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করা" মুসলিম দেশগুলোতে উক্ত বিপদ ব্যাপক আকার ধারণ করেছে। অতএব তালিবে ইলম ও আলিমদের দায়িত্ব হবে, তারা লোকদের মধ্যে উক্ত মাসআলার ক্ষেত্রে ইসলামী বিধান প্রচার করবে। যেন লোকেরা এ সকল শয়তানদের সম্পর্কে জানতে পারে, যারা মুসলমানদের ঘাড়ে চেপে বসেছে এবং তাদের মধ্যে ইউরোপীয় আইন, অথবা সুইজারল্যান্ড এর আইন কিংবা অন্য আইন দ্বারা ফয়সালা করছে। এটাও জানতে পারে যে, এটা আল্লাহ ও তাঁর রসূল (সাঃ) এর সাথে দুশমনী করা। এবং এটা আল্লাহ আয্যা ওয়া জাল্লাহ এর সাথে কুফরী করা।

আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করা দুই প্রকার। (১) বড় কুফ্‌র, যা তাকে মিল্লাত হতে বের করে দেবে। (২) ওটা অপরাধ করা। দ্বিতীয় প্রকার অর্থাৎ অপরাধ করাঃ যেমন, কোন ব্যক্তি প্রবৃত্তির অনুসরণ করে অথবা ঘুষ নিয়ে, কিংবা অন্য কোন কারণে কোন একটি মাসআলায় আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীত ফয়সালা করে, সে তো বড় অপরাধ করল।

কিন্তু সে উক্ত অপরাধে কুফ্‌র এর ঐ সীমায় পৌঁছবে না, যা তাকে মিল্লাত থেকে বের করে দেয়....।

কিন্তু বড় কুফ্‌র যা তাকে মিল্লাত থেকে বের করে দেবে। এটা কয়েক প্রকার। কিছু বিশ্বাসগত, কিছু কর্মমূলক। কিন্তু বিশ্বাসগত কুফ্‌র, এখানে এর অনেক দৃষ্টান্ত রয়েছে। যেমন, যে ব্যক্তি মানবরচিত আইনকে শরীয়াত হতে উত্তম বিশ্বাস করবে, অথবা মানব রচিত আইন শরীয়াতের সমপর্যায়ের, কিংবা মানবরচিত আইন অনুসারে আমল করা বৈধ বিশ্বাস করবে। যদিও সে শরীয়াতকে উত্তম মনে করে।

এটা জানা কথা যে, যারা ইবাযিয়া (খারিজী) এর সম্পর্কে আবূ মিজলায কে জিজ্ঞেস করেছিল, এর মাধ্যমে তারা শাসকদের বিরুদ্ধে হুজ্জাত প্রমাণ করতে চেয়েছিল। কেননা তারা সুলতানের সাথে যুদ্ধেরত ছিল এবং তারা কখনো কখনো অবাধ্য হয়েছিল এবং যে বিষয়ে আল্লাহ বারণ করেছিলেন এর কিছু কিছু কর্মে তারা লিপ্ত হয়েছিল। উক্ত কারণে তিনি প্রথম সংবাদে তাদেরকে বলেছিলেন যদি তারা এর থেকে কোন কিছু পরিহার করে তবে তারা জানত যে, তারা গুণাহের কাজ করেছে। এবং তিনি তাদেরকে দ্বিতীয় সংবাদে বলেছিলেন, "নিশ্চয় তারা এমন কাজ করত, যে বিষয়ে তারা জানত যে, ওটা গুণাহের কাজ" অতএব আমাদের দেশের বিবাদীগণ যে ফয়সালা সম্পর্কে প্রমাণ করতে যাচ্ছে তখন তাদের প্রশ্ন এমনটি ছিল না। সম্পদ অথবা রক্ত ও ইজ্জত সম্পর্কীয় আল্লাহর শারীয়াত পরিপন্থী আইন দ্বারা ফয়সালা করার জন্য তাদের প্রশ্ন ছিল না। তাদের জিজ্ঞাসা এ বিষয়ে ছিল না যে, তারা আইন প্রণয়ন করে মুসলমানদের কে অবাধ্য করে দেবে এবং আল্লাহর কিতাবে বির্ণত এবং রসূলুল্লাহ (সাঃ) এর যবাণীতে উল্লেখিত বিধানের বিপরীতে অন্যের নিকট ফয়সালা নিয়ে যাবে।

অতএব উক্ত আচরণ আল্লাহর বিধান হতে মুখ ফিরিয়ে নেয়া; তাঁর দ্বীন থেকে ফিরে যাওয়া এবং আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার ফয়সালার উপরে কাফিরদের মতবাদকে অগ্রাধিকার দেয়া এটা কুফর। আহলে ক্বিবলা বিভিন্ন বিষয়ে মতভেদ করলেও উক্ত প্রবক্তা ও এর দিকে আহ্বানকারীকে কাফির প্রতিপন্ন করার ক্ষেত্রে কেউ সন্দেহ পোষণ করেন না। আমরা বর্তমানে যা প্রত্যক্ষ করছি তা হচ্ছে- কোন কিছু বাদ না দিয়ে ব্যাপকভাবে আল্লাহর বিধানকে পরিত্যাগ করা, তাঁর বিধানের বিপরীত মতাদর্শকে তাঁর কিতাব ও তাঁর নাবীর (সাঃ) এর সুন্নাহর উপরে অগ্রাধিকার দেয়া এবং আল্লাহর শারীয়াতে বিদ্যমান এমন সকল বিধানকে শূন্য করে দেওয়া। বরং আল্লাহর অবতীর্ণ বিধানের উপর মানবরচিত আইনকে অগ্রাধিকার প্রদান করার জন্য দলীল দেওয়ার পর্যায়ে পৌঁছে গিয়েছে।

দলীল প্রদানকারীদের দাবী হচ্ছে- শারীয়াতের আহকাম আমাদের যুগ ব্যতীত অন্য যুগে বিভিন্ন কারণে অবতীর্ণ হয়েছিল। ঐগুলোর সমাপ্তির সঙ্গে

সঙ্গে সকল বিধানের পরিসমাপ্তি ঘটেছে। অতএব আবূ মিজলায এবং বাণী আমর ইবনে সাদূস এর ইবাযিয়াহ দলের হাদীসের সঙ্গে সাদৃশ্য কোথায়? ইবনে মিজলায এর খবর সম্পর্কে তারা যা ধারণা করেছে বিষয়টি যদি ঐরূপ হতো, অর্থাৎ তারা শারীয়াতের আহকাম সম্পর্কে ফয়সালা করার ক্ষেত্রে সুলতানের বিরোধিতা করতে চেয়েছিল। কিন্তু ইসলামের ইতিহাসে এটা প্রমাণ নেই যে- নিশ্চয় কোন শাসক বিধান প্রণয়ন করেছে এবং এটাকে মতাদর্শ নির্ধারণ করে তদ্বারা ফয়সালা করতে বাধ্য করে দিয়েছে। এটি একটি বিষয় অন্যটি হচ্ছে নিশ্চয় কোন শাসক নিদিষ্ট কোন বিষয়ে আল্লাহর নাযিলকৃত বিধানের পরিপন্থি ফয়সালা করে। হয়তো সে না জেনে এমন ফয়সালা করেছে। অতএব, এ বিষয় হচ্ছে শারীয়াত সম্পর্কে অজ্ঞ লোকের বিষয়। নয়তো সে প্রবৃত্তি ও গুণাহের দ্বারা ঐরূপ ফয়সালা করে। তবে এটা গুণাহ হবে এর জন্য তাওবাহ করতে হবে এবং তাকে ক্ষমা করে দেওয়া হবে। নতুবা সে বিচারের ক্ষেত্রে অপব্যাখ্যা করে ফয়সালা করে যার মাধ্যমে সে সকল আলিমদের বিপরীত করে। অতএব তার উক্ত ফয়সালা করাই হচ্ছে প্রত্যেক অপব্যাখ্যা কারীর ফায়সালা। সে কিতাব ও রসূলুল্লাহ (সাঃ) এর সুন্নাতের কিছু গ্রহণের সঙ্গে সঙ্গে উক্ত অপব্যাখ্যা গ্রহণ করে। অথবা আবূ মিজলায-এর যুগে তাঁর পূর্বে ও পরের সময়ে এমন শাসক থাকবে যে, কোন বিষয়ে শারীয়াতের আহকামকে অস্বীকার করে ফয়সালা করবে, অথবা মুসলমানদের বিধানের উপরের কাফিরদেরকে প্রাধান্য দিয়ে বিচার করবে, কিন্তু ঐরূপ ছিলনা। অতএব, আবূ মিজলায ইবাযিয়াহদের মন্তব্যকে ঐ দিকে ফিরানো অসম্ভব। সুতরাং যে ব্যক্তি উক্ত আসারদ্বয় ও অন্যান্য আসার অপপ্রয়োগ ও ভিন্ন অর্থ গ্রহণ করে প্রমাণ করে সে এর দ্বারা শাসককে সাহায্য করতে চায় অথবা আল্লাহর নাযিলকৃত বিধান এর বিপরীতে ফয়সালা অনুমোদন কল্পে বাহানা তালাস করে। বরং ওটা দীনে ফয়সালা নিয়ে যাওয়ার মূলনীতিতে ত্রুটি বিদ্যমান। যার নিকট বিরোধের সময় বিষয়গুলোকে ফিরানো হয় এবং জাতীয় জীবনে যার আনুগত্য করা ওয়াজিব এটা কি কিতাব ও সুন্নাহ? না সংসদ ও আইন কমিটি হতে প্রকাশিত মানবরচিত আইন? এই প্রশ্নের অবশ্যই উত্তর দিতে হবে। ইসলামী রাষ্ট্রে বিধান দেওয়ার অধিকার কার? আল্লাহর শারীয়াতের; না ইউরোপীয় আইনের? রাষ্ট্র কি ইসলামী শারীয়াতকে সালিস নির্ধারণ করে প্রতিষ্ঠিত হবে? না মানবরচিত আইনকে সালিস নির্ধারণ করে প্রতিষ্ঠিত হবে?

(তাহকীমুশ শারীয়াহ ওয়া সিলাতুহু বিআসলিদীন ৪৫পৃঃ)

দ্বিতীয় সংশয়ঃ

কোন গুনাহের জন্য কাউকে কাফির আখ্যায়িত করা যাবে না, যতক্ষণ না সে এটা হালাল মনে করে

তাদের মন্তব্য কোন গুনাহের জন্য কাউকে কাফির বলা বা আখ্যায়িত করা যাবে না যতক্ষণ না সে এটা হালাল মনে করে। আহলুস সুন্নাহ এর প্রবীণ ও নবীন অনেক আলিম উক্ত সংশয়ের প্রতিবাদ করেছেন। উদাহরণস্বরূপ তাদের মধ্যে ইমাম ইবনে আবুল আয হানাফী (রহঃ) বলেছেন, আমরা কাউকে কোন গুণাহের জন্য কাফির বলি না। সাধারণভাবে এমন কথা প্রয়োগ করতে অনেক ইমাম বিরত থেকেছেন। বরং বলা হবে আমরা তাদেরকে প্রত্যেক গুনাহের জন্য কাফির বলি না বা কাফির প্রতিপন্ন করি না, যেমন খারিজীগণ করে থাকে। সাধারণ নাফী (না বোধক) এবং ব্যাপক নাফী এর মধ্যে পাথর্ক্য রয়েছে। ওয়াজিব হচ্ছে ব্যাপক নাফী যা খারিজিদের কথার বিপরীত; যারা প্রত্যেক গুনাহের জন্য কাফির প্রতিপন্ন করে।

(শারহুত তাহাবিয়া ২য় খণ্ড ৪৩২ পৃষ্ঠা)

এ ছাড়া অনেক আলিম উক্ত বিষয়ের প্রতিবাদ করেছেন।

শায়খ আবূ কাতাদাহ ফিলিস্তীনী (হাফিযাল্লাহ তায়ালা) উক্ত কথার অনুসরণ করে বলেনঃ এটা স্পষ্ট কথা। কেননা শুধুমাত্র হালাল মনে করা কুফর ও রিদ্দাহ (ধর্মত্যাগ করা)। কেননা এর দ্বারা আল্লাহকে প্রত্যাখ্যান করা হচ্ছে। কেননা শুধুমাত্র হালাল মনে করলেই তাকে কাফির আখ্যায়িত করা হবে এবং মিল্লাত হতে বের হয়ে যাবে। আর এটা এক প্রকার কুফর, কিন্তু কুফ্র এর আরো অনেক প্রকার রয়েছে যা ত্বালিবে ইলম এর নিকট জানা আছে। যেমন- ঠাট্টা করা, অস্বীকার করা, অমান্য করা, দুশমনি করা, অবজ্ঞা করা। কখনো কুফর যবান দ্বারা হয়, কখনো অন্তর দ্বারা হয়, কখনো আমল বা কর্মের দ্বারা হয়। এটা সালফে সালেহীন ও সাধারণ ফুকাহাদের মন্তব্য। এর একটি স্পষ্ট উদাহরণ হচ্ছে রসূলুল্লাহ (সাঃ) কে গালি দাতা। কেননা আহলে সুন্নাহ তাকে কাফির আখ্যায়িত করেন। সে এটা হালাল মনে করুক আর না করুক; সে তার (সাঃ) নবুয়াতকে সত্য বলে গ্রহণ করুক আর না করুক

তাতে কোন পার্থক্য হবে না। কেননা শুধুমাত্র গালি দেওয়া সব চেয়ে বড় কুফর যা তাকে ইসলাম হতে বের করে দেবে। এটা তো গেল এবং নিশ্চয় স্পষ্ট হয়েছে যে, আল্লাহর বিধানের বিপরীত বা বিরোধী মতবাদ প্রণয়ন করা শাখাগতভাবে বা মৌলিকভাবে যেমন মদ ও যিনা বৈধ করা, জিহাদ হারাম করা এবং একাধিক স্ত্রী হারাম ঘোষণা করা, এটা মৌলিকভাবে অথবা কিছু কিছু হাদ (শাস্তি) এর বৈশিষ্ট পরিবর্তন করা। যেমন শাস্তি কমিয়ে দেওয়া বা বাড়িয়ে দেয়া এটা সবচেয়ে বড় কুফর। সে এটা হালাল মনে করুক বা না করুক, এক সমান। বরং নিশ্চয় সে যেটা করেছে তা স্বয়ং হারাম কে হালাল মনে করা, যে বিষয়ে ইজমা অনুষ্ঠিত হয়েছে। (আর্থাৎ উক্ত কার্য সম্পাদনকারী এর কুফরের উপর ইজমা হয়েছে)। আর এটা আল্লাহর দ্বীনকে পরিবর্তন করা। ইবনে তাইমিয়া বলেছেন নিশ্চয় পরিবর্তন করা সর্বসম্মতিক্রমে কুফর ও রিদ্দাহ (ধর্মত্যাগ করা)। এবং সকল প্রশংসা বিশ্ব প্রতিপালক আল্লাহর জন্য।

(তার বিশেষ রিসালা, মাতা ইউশ্তারাতুল ইসতেহালাল লিত তাফসীর উক্ত শিরোনামে তার বক্তব্য উল্লেখ করা হয়েছে)

তৃতীয় সংশয়ঃ
“মামুনকে কাফির বলা হয়নি কেন?”

যে মামুন কুরআনকে সৃষ্টি বলেছিল তাকে ইমাম আহমদ (রহঃ) কাফির আখ্যায়িত করেননি কেন? শায়খ উমার ইবনে মাহমুদ আবু উমার (আবু কাতাদাহ আল ফিলিস্তিনি) হাফিযাহুল্লাহু তায়ালা এর নিকটে আমি উক্ত প্রশ্ন উত্থাপন করি তিনি নিম্নরূপ উত্তর প্রদান করেন-

রহমানের শারীয়াত পরিবর্তনকারী শাসকদের কাফির প্রতিপন্ন না করতে এবং তাদের বিরুদ্ধে বিদ্রোহ ওয়াজিব না হওয়া সম্বন্ধে ও তাদের সাথে কৃত ওয়াদা ভঙ্গ করা বৈধ না হওয়া সম্পর্কে তাদের কেউ কেউ সাদৃশ্য বিধান করে। তাদের মন্তব্যঃ নিশ্চয় ইমামগণ এবং তাদের শীর্ষে রয়েছেন, ইমাম আহমদ ইবনে হাম্বল, যিনি মামুনকে কাফির আখ্যায়িত করেননি, অথচ সে কুরআনকে সৃষ্টি বলেছিল এবং স্রষ্টার গুণাবলিকে অস্বীকার করেছিল।

এতদসত্বেও তারা তার বিরুদ্ধে বিদ্রোহ করেননি। আমরা আল্লাহর সাহায্যে বলছি- নিশ্চয় উক্ত সন্দেহ দ্বারা অজ্ঞ ও মূর্খ লোকেরাই প্রতারিত হয়। এই উক্তিকারী অজ্ঞ অথবা আল্লাহর দ্বীন নিয়ে খেল-তামাশায় মেতে উঠেছে। কিন্তু যে ব্যক্তি আমাদের অবস্থা সম্পর্কে অবগত, তিনি জানতে পারবেন কোন কারণে বর্তমান শাসকদের কাফির বলা হয়। তদ্রূপ তিনি সালফে সালেহীনদের মাজহাব জানতে পারবেন, সাথে সাথে অপব্যাখ্যাকারীদের অপব্যাখ্যাও বুঝতে পারবেন। তিনি এটাও জানবেন যে, উক্ত অবস্থার একটির সঙ্গেও তুলনা করা বৈধ হবে না। কেননা যে ব্যক্তি শারীয়াত হতে মুখ ফিরিয়ে নেয় এবং এটা স্ব ইচ্ছায় ও নিয়তের মাধ্যমে প্রত্যাখ্যান করে এবং ঐ তা'বীলকারী (ব্যাখ্যাকারী) যে সত্যের ইচ্ছাপোষণ করে এবং ভুল করে, উক্ত দু'জনের মধ্যে বড় পার্থক্য বিদ্যমান। অতএব মামুন অতঃপর মু'তাসিম সম্পর্কে তাদের মন্তব্য হচ্ছে তারা কুরআনকে সৃষ্টি বলেছিল এবং জাহমিয়াদের মধ্যে যারা তাদের পদাংক অনুসরণ করে বলেছিল, তারা আল্লাহর গুণাবলিকে অস্বীকার করেছিল, তারা ছিল, তা'বীল বা ব্যাখ্যাকারী আর আমাদের দ্বীনে এবং আহলুস সুন্নাহ এর মাজহাবে ব্যাখ্যাকারীদের সম্পর্কে কিছু মন্তব্য ও কিছু হুকুম রয়েছে। যেটা পূর্ববর্তীদের নিকটে ইজমার ন্যায়, যদিও পরবর্তীদের নিকটে এ বিষয়ে মতভেদ বিদ্যমান।

তা'বীল (ব্যাখ্যা)ঃ এটা দলিলবিহীন কথাকে দলীল হিসাবে বিশ্বাস করা। এর পদ্ধতি হচ্ছে কোন ব্যক্তি একটি কথা বলল বা কোন একটি বিষয়ে বিশ্বাস স্থাপন করল, কিংবা কোন একটি কাজ করল এ ধারণা নিয়ে যে, নিশ্চয়

উক্ত মন্তব্য, উক্ত কর্ম এবং উক্ত বিশ্বাসই হচ্ছে সত্য। যা রসুলুল্লাহ (সাঃ) নিয়ে এসেছেন। অথচ বাস্তবে ও প্রকৃতপক্ষে উক্ত বিষয় এমনটি নয়। যে ব্যক্তি সত্যের ইচ্ছা পোষণ করে ও তা অর্জন করতে পারে না, আর এটাই হচ্ছে আমাদের উম্মাতের বিদ'আতিদের অবস্থা। কেননা তারা সত্যের ইচ্ছা পোষণ করে কিন্তু তারা ভুল করে। বিদ'আত কখনো ইলমী (জ্ঞানগত)হয়ে থাকে (যেমন-বিশ্বাসগত বিদ'আত)

এবং কখনো আমলী (কর্মগত) হয়ে থাকে। ঐ লোকেরা তাদের কথা, স্বীয় কর্ম এবং তাদের শরীয়াত বিরোধী বিশ্বাসের সঙ্গে সঙ্গে তাদের উক্ত ইচ্ছা বাস্তবে তাদের ওযর হিসাবে পেশ করছে; উক্ত কারণে ইমামগণ তা'বীল বা ব্যাখ্যাকারীদেরকে কাফির আখ্যায়িত করতে নিষেধ করেছেন। ইবনে হাযম উক্ত বিষয়ে একটি গ্রন্থ রচনা করেছেন। তিনি তার গ্রন্থে ইহকামুল আহকামে এটা উল্লেখ করেছেন এবং এটাই হচ্ছে খারিজী ও মু'তাযিলাদের বিপরীতে আহলুস সুন্নাহ এর মাজহাব। কেননা তারা বিরোধীদেরকে কাফির আখ্যায়িত করে। পক্ষান্তরে আহলুস সুন্নাহ যদিও তারা বিশ্বাস করে যে, বিরোধীদের কিছু মন্তব্য স্বয়ং কুফ্‌র, তা সত্ত্বেও তারা এমন প্রত্যেক মন্তব্যকারীকে কাফির প্রতিপন্ন করা হতে বিরত থেকেছেন। কেননা এক্ষেত্রে এক শ্রেণীকে কাফির আখ্যায়িত করা এবং নির্দিষ্ট ব্যক্তিকে কাফির আখ্যায়িত করার মধ্যে পার্থক্য বিদ্যমান, আর উক্ত বিষয় ত্বালিবে ইলমের ছোট বাচ্চারাও অবগত।

ইবনে তাইমিয়া (রহঃ) বলেনঃ যে কথা বলার জন্য উক্ত ব্যক্তিকে কাফির প্রতিপন্ন করা হয়, কখনো উক্ত ব্যক্তির কাছে অকাট্য প্রমাণ পৌছেনি, যা তাকে হক চিনতে সহায়তা করত। কখনো ওটা তার নিকটে থাকে কিন্তু ওটা তার কাছে অপ্রমাণিত বলে বিবেচিত হয়। অথবা সে এটা বুঝতে পারে না। কখনো তার কাছে এমন সন্দেহ উপস্থিত হয় যেটাকে আল্লাহ ওজর হিসাবে আখ্যায়িত করেছেন। অতএব মু'মিনদের যে ব্যক্তি সত্যের সন্ধানে স্বচেষ্ট থেকেও ভুল করবে তবে আল্লাহ তার গুণাহ মাফ করে দিবেন, সে যে কেউ হোক না কেন। এটা নযরী মাস'আলার ক্ষেত্রে হোক বা আমলী মাস'আলার ক্ষেত্রে হোক কোন পার্থক্য নেই। এই নীতির উপরেই নবী (সাঃ) এর সাহাবাগণ এবং ইসলামের অধিকাংশ ইমামগণ প্রতিষ্ঠিত ছিলেন। তিনি এতটুকু বলেনঃ ইমাম আহমাদ (রহঃ) জাহমিয়াদেরকে কাফির আখ্যায়িত করতেন যারা আল্লাহর নাম ও গুণাবলিকে অস্বীকার করত। কেননা রসুলুল্লাহ (সাঃ) যা নিয়ে এসেছেন তাদের উক্তি এর প্রকাশ্য ও স্পষ্ট বিরোধ। কিন্তু তিনি নির্দিষ্টভাবে তাদেরকে কাফির প্রতিপন্ন করতেন না, কেননা যে ব্যক্তি

উক্ত কথার দিকে আহ্বান করে সে, যে ব্যক্তি ঐরুপ কথা বলে তার থেকে বড় অপরাধী এবং যে ব্যক্তি তার বিরোধীদেরকে শাস্তি দেয় সে, যে ব্যক্তি শুধুমাত্র এর দিকে আহ্বান করে তার চেয়ে বড় অপরাধী।

তা সত্ত্বেও শাসকদের মধ্যে যারা জাহমিয়াদের ন্যায় কথা বলত, লোকদেরকে এর দিকে আহ্বান করত, তারা তাদের শাস্তি দিতো, আর যারা তাদের ডাকে সাড়া দিত না তাদেরকে কাফির আখ্যায়িত করত। তা সত্ত্বেও ইমাম আহমাদ (রহঃ) তাদের উপর অনুগ্রহ করেছেন, তাদের জন্য ক্ষমা প্রর্থনা করেছেন। কেননা তিনি জানতেন যে, তাদের কাছে এটা স্পষ্ট নয় যে, তারা রসূল (সাঃ) কে মিথ্যা প্রতিপন্ন করছে। আর তারা রসূল (সাঃ) কর্তৃক আনিত শারীয়াতকে অস্বীকার করেনি। কিন্তু তারা তা'বীল (ব্যাখ্যা) করেছে, অতঃপর তারা ভুল করেছে এবং যে ব্যক্তি তাদেরকে ঐরূপ কথা বলেছে তারা তাদের তাকলীদ (অন্ধ অনুসরণ) করেছে।

(নাওয়াকিযুল ঈমান আল ক্বাওলিয়া ওয়াল আমালিয়া, শায়খ ডঃ অব্দুল আযীয আব্দুল লতিফ প্রণীত ৫২, ৫৩পৃঃ)

অতএব এটাই হচ্ছে তা'বীল বা ব্যাখ্যাকারীদের সম্পর্কে ইমামগণের আবস্থা। সুতরাং তা'বীলকারীদের ইচ্ছা হল হক বা সত্যকে পাওয়া এবং রসূলুল্লাহ (সাঃ) কে মিথ্যা প্রতিপন্ন করার ইচ্ছা না করা, তিনি যা নিয়ে এসেছেন তা অস্বীকার না করা, তার এটাই তাদের মধ্যে হতে নির্দিষ্ট ব্যক্তিকে কাফির প্রতিপন্ন করার প্রতিবন্ধক, যদিও তারা কুফরী বাক্য উচ্চারণ করে।

কিন্তু বর্তমান যুগের শাসকেরা প্রত্যেক দৃষ্টিসম্পন্ন ও বোধসম্পন্ন ব্যক্তির নিকট স্পষ্ট যে তারা শরীয়াতের বিরোধীতা করার ইচ্ছা পোষণ করেছে। বরং তারা তাদের সংবিধান ও আইনে প্রকাশ্য ঘোষণা করেছে- জনগণের হাতেই কতৃর্ত থাকবে। নেতৃত্বের মহান অধিকার, বিভিন্ন বিষয় ও কর্ম নির্ধারণে তাদের হক বলে গণ্য হবে। আর এটা আমাদের দ্বীনে রব, নেতা, অমুখাপেক্ষী এবং বিধানদাতা এর নামের সমান করে দিচ্ছে। এটা স্বয়ং কুফর, স্বয়ং আল্লাহর বিধানের সাথে সমকক্ষতা নির্ধারণ করা এবং স্বয়ং প্রত্যাখান ও অস্বীকৃতি জ্ঞাপন করা। অতএব যে ব্যক্তি ঘোষণা করল আল্লাহই বিধি-নিষেধের একমাত্র মালিক, কিন্তু সে আদেশ ও নিষেধ বুঝার ক্ষেত্রে ভুল করে এবং যে ব্যক্তি বিধি নিষেধ আল্লাহর জন্যই হতে হবে এটা প্রত্যাখান করল এবং এটা নিজের জন্য নির্ধারণ করল ঐ অন্ধ ও জাহেলগণ কিভাবে ঐ ব্যক্তিদ্বয়কে এক সমান বলে আখ্যায়িত করল? অতএব হে আল্লাহর বান্দাগণ

এটা আর ওটা কি এক সমান? পরিত্যাগ করা হতে আমরা আল্লাহর কাছে আশ্রয় প্রর্থনা করছি।

উক্ত কারণে আলিমগণ ইজমা করেছেন যে, আইন রচনা করা কুফর। যেমন ইমাম শাতিবী (রহঃ) স্বীয় ই'তিসাম গ্রন্থে ১ম খণ্ডে ৬১পৃষ্ঠায় বর্ণনা করেছেন। তিনি বলেনঃ তদ্রূপ তারা ইজমা করেছেন যে, নিশ্চয় দ্বীন পরিবর্তন করা শিরক ও কুফ্র। ইবনে তাইমিয়্যা (রহঃ) বলেছেনঃ কোন মানুষ যখন ইজমা হয়েছে এমন কোন হারাম বিষয়কে হালাল করল, কিংবা ইজমাকৃত এমন কোন হালাল বিষয়কে হারাম ঘোষণা করল, অথবা ইজমা অনুষ্ঠিত হয়েছে এমন কোন শরিয়াতের বিধানকে পরিবর্তন করল, তবে সে ফকীহ্গণের সর্বসম্মত সিদ্ধান্তে কাফির ও মুরতাদ।

(মাজমূউল ফাতাওয়া ৩য় খণ্ড ২৬৭পৃঃ)

অতএব, এই শাসকেরা যা করছে, এর মাধ্যমে কি তারা আল্লাহর বিধানকে বাস্তবায়ন করতে চেয়েছিল এবং প্রয়োগ করতে তারা ভুল করেছে? অথবা সূচনাতেই তারা কুরআন ও সুন্নাহকে ছুঁড়ে মারতে ইচ্ছে করেছে এবং হালাল ও হারাম ঘোষণার ক্ষেত্রে ইউরোপীয় মতবাদ গ্রহণ করতে চেয়েছে?

নিশ্চয় যে ব্যক্তি দাবি করবে যে, অবশ্যই উক্ত পরিবর্তনকারী শাসকেরা কল্যাণ এবং শরীয়াত বাস্তবায়ন করার ইচ্ছা পোষণ করেছে, কিন্তু তারা পথ ভুল করেছে, তবে সে সর্বপ্রথম তাদের সম্বন্ধে মিথ্যা বলছে, অতঃপর সে নিজের বিরুদ্ধেও মিথ্যা বলছে। বাস্তবতা তার প্রত্যেক দাবীর প্রতিবাদ করছে এবং তাকে মিথ্যুক বলছে। কেননা এ শাসকদের শরীয়তের বিরোধীতা করা তাদের বুঝের ভুলের জন্য নয়, বরং ইচ্ছা করে এর বিরোধীতা করা, এর সমকক্ষতা দাঁড় করানো এবং এর বিরুদ্ধে অবস্থান নেয়া, এটা তো স্পষ্ট ও প্রকাশ্য বিষয়। বরং তারা ব্যাখ্যা করে বলে, শাসন ক্ষমতায় শরীয়াতের কোন প্রভাব থাকবে না এবং এর আইনকানুনেও কোন কর্তৃত্ব থাকবে না। এবং দাবি করে, শুধুমাত্র দ্বীন (ধর্ম) হচ্ছে বান্দা ও তার রবের মধ্যে সম্পর্কের বিষয়। অতএব ঐ লোকেরা স্বীয় প্রতিপালককে ভয় করুক এবং লোকদেরকে দ্বীন সম্পর্কে অপবাদ না দিক। শাইখ এর বক্তব্য এখানেই শেষ।

আল্লাহ তায়ালা তাকে রক্ষা করুন। আমরা আল্লাহর নিকট প্রার্থনা করছি, তিনি যেন তাঁর দ্বারা এবং তাঁর ইলম দ্বারা ইসলাম ও মুসলমানদের উপকৃত করেন এবং আমাদের পক্ষ থেকে তাঁকে উত্তম প্রতিদান দান করুন। শাইখ এর উত্তর প্রদানের তারিখঃ ১৪ মুহাররম, ১৪১৮ হিজরী মোতাবেক ২১/০৫/১৯৯৭ ইং।

চতুর্থ সংশয়ঃ

ইউসূফ (আঃ) মিশরের রাজার পক্ষে কাজ করেছিলেন বা তার মন্ত্রী ছিলেন

এই যুক্তিটি ঐ সব গোড়ামীপূর্ণ লোকেরা দিয়েছিল যাদের গণতন্ত্রের পক্ষে অন্য কোন দলিল ছিল না। তারা বলত, ইউসূফ (আঃ) কি কাফির রাজার পক্ষে কাজ করেননি যে আল্লাহর শরীআহ্ অনুযায়ী শাসনকার্য পরিচালনা করত না?

সুতরাং তাদের মতে কাফির সরকারের সাথে যোগ দেয়া এবং সংসদে বা আইনসভায় অংশগ্রহণ করা এবং এই ধরনের লোকদের ভোট দেয়া বৈধ।

তাদের এই যুক্তির জবাবে যা কিছু বলব, তার সব ভাল দিক আল্লাহর পক্ষ থেকে এবং সব মন্দ দিক আমার ও শয়তানের পক্ষ থেকে।

প্রথমতঃ ঐ সমস্ত লোকেরা আইনসভায় বা সংসদে যোগদানকে বৈধ করার জন্যে যে যুক্তি দেয় তা অসত্য এবং ভ্রান্ত। কারণ এই সংসদ এমন সংবিধানের উপর নির্ভরশীল যা আল্লাহর দেয়া বিধান বা সংবিধান নয়; অধিকান্তু তা গণতন্ত্রের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত যা মানুষের খেয়াল-খুশি অনুযায়ী কোন কিছুকে হালাল (বৈধ) বা হারাম (অবৈধ) করে দেয়ার ক্ষমতা রাখে, মহান আল্লাহর নির্দেশের কোন পরোয়া করে না।

মহান আল্লাহ বলেন,

وَمَن يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَن يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ

অর্থঃ "কেউ যদি ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন গ্রহণ করতে চায় তবে তা কখনও কবুল করা হবে না এবং সে পরকালে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।" (সূরা আল-ইমরান ৮৫)

অতএব, কোন ব্যক্তি কি এমন দাবি করতে পারে যে ইউসূফ (আঃ) ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন এর অনুসরণ করেছেন, অথবা তিনি স্বীয় মুওয়াহ্হিদ পূর্বপুরুষদের মিল্লাত এর বিপরীত অন্য দ্বীন এর আনুগত্য করেছেন? কিংবা তিনি একে সম্মান প্রদর্শনের জন্য শপথ করেছিলেন কিংবা তদ্রুপ আইন রচনা করেছেন?? যেমন এটা সংসদ পাগল লোকদের অবস্থা??

কিরূপে সম্ভব! অথচ তিনি দূর্বল অবস্থায় নেতৃবৃন্দ এর কাছে ঘোষনা করেছিলেন।

তিনি বলেছিলেনঃ

إِنِّي تَرَكْتُ مِلَّةَ قَوْمٍ لَّا يُؤْمِنُونَ بِاللَّهِ وَهُم بِالْآخِرَةِ هُمْ كَافِرُونَ﴿٣٧﴾ وَاتَّبَعْتُ مِلَّةَ آبَائِي إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ ۚ مَا كَانَ لَنَا أَن نُّشْرِكَ بِاللَّهِ مِن شَيْءٍ﴿٣٨﴾

অর্থঃ আমি ঐসব লোকের ধর্ম পরিত্যাগ করেছি যারা আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে না এবং পরকালে অবিশ্বাসী। (৩৮) আমি আপন পিতৃপুরুষ ইবরাহীম, ইসহাক ও ইয়াকুবের ধর্ম অনুসরণ করেছি। আমাদের জন্য শোভা পায় না যে, কোন বস্তুকে আল্লাহর অংশীদার করি।

(সূরা ইউসূফঃ ৩৭,৩৮)

তিনি আরো বলেছিলেনঃ

يَا صَاحِبَيِ السِّجْنِ أَأَرْبَابٌ مُّتَفَرِّقُونَ خَيْرٌ أَمِ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ﴿٣٩﴾ مَا تَعْبُدُونَ مِن دُونِهِ إِلَّا أَسْمَاءً سَمَّيْتُمُوهَا أَنتُمْ وَآبَاؤُكُم مَّا أَنزَلَ اللَّهُ بِهَا مِن سُلْطَانٍ ۚ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ﴿٤٠﴾

অর্থঃ (৩৯) হে কারা সঙ্গীদ্বয়! পৃথক পৃথক অনেক উপাস্য ভাল, না পরাক্রমশালী এক আল্লাহ? (৪০) তোমরা আল্লাহকে ছেড়ে নিছক কতগুলো নামের ইবাদত কর সেগুলো তোমরা এবং তোমাদের বাপ-দাদারা সাব্যস্ত করে নিয়েছে। আল্লাহ এদের কোন প্রমাণ অবতীর্ণ করেননি। আল্লাহ ছাড়া কারো বিধান দেয়ার ক্ষমতা নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তিনি ব্যতীত অন্য কালো ইবাদত করো না। এটাই সরল-সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ মানুষ এটা অবগত নয়। (সূরা ইউসূফঃ ৩৯, ৪০)

তিনি কি দূর্বল অবস্থায় এর ঘোষণা দিলেন, প্রকাশ্যে বললেন এবং এর দিকে আহ্বান করলেন, অতঃপর ক্ষমতা প্রদানের পর গোপন করলেন কিংবা এটা প্রত্যাখ্যান করলেন..........?? !!

হে সংশোধনকারীগণ আমাদেরকে উত্তর দিন........!!

অতঃপর আপনারা কি অবগত নন যে, হে রাজনৈতিক নেতৃবৃন্দ! নিশ্চয় মন্ত্রীগণ প্রয়োগ ক্ষমতা রাখে এবং সংবিধান আইন প্রনয়নের ক্ষমতা রাখে-

তাই এটা ও ওটার মধ্যে অনেক পার্থক্য বিদ্যমান। সুতরাং এস্থলে উক্ত মত পোষনকারীদের কাছে কিয়াস (অনুমান) করা সঠিক হবে না।........ এর দ্বারা আপনি জানতে পারলেন যে ইউসূফ (আঃ) এর ঘটনা দ্বারা সংসদের অনুমোদনের পক্ষে দলীল দেয়া কখনও সঠিক হবে না। বর্তমানে কুফ্‌রি এর সঙ্গে চাকুরীতে অংশ নেয়ার জন্য ওর দ্বারা মন্ত্রিত্বের উপরে দলীল দেয়া বাতিল হওয়া সম্পর্কে কোন প্রতিবন্ধক নেই।

দ্বিতীয়তঃ নিশ্চয় ত্বাগুতী রাষ্ট্রের ছত্রছায়ার মন্ত্রিত্ব গ্রহণ করার পক্ষে অনেক বিভ্রান্ত লোক ইউসূফ (আঃ) এর কর্মের উপরে কেয়াস করে যে, ত্বাগুতী রাষ্ট্রের ছত্রছায়ায় মন্ত্রিত্ব গ্রহণ করা যা আল্লাহর সঙ্গে আইন রচনা করে, আল্লাহর ওয়ালীদের সাথে যুদ্ধ করে এবং তাঁর শত্রুদের সঙ্গে বন্ধুত্ব গড়ে তোলে, উক্ত কিয়াস কয়েকটি কারণে অকেজো ও বাতিল।

১. নিশ্চয় আল্লাহর নাযিলকৃত বিধানের বিপরীত ফয়সালাকারী উক্ত প্রশাসনের ছত্রছায়ার ক্ষমতা গ্রহণ অবশ্যই তাদের মানবরচিত সংবিধানের প্রতি সম্মান প্রদর্শন করতে হয় এবং যে ত্বাগুতকে আল্লাহ তায়ালা সর্বাগ্রে অস্বীকার করার নির্দেশ দিয়েছেন এর সাথে বন্ধুত্ব ও নিষ্ঠার সঙ্গে গ্রহণ করা বাধ্য করে দেয়।

يُرِيدُونَ أَن يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ

অর্থঃ তারা ত্বাগুত এর কাছে ফয়সালা নিয়ে যেতে চায়, অথচ ওকে অমান্য করতে তাদের প্রতি নির্দেশ দেয়া হয়েছে। (সূরা নিসাঃ ৬০)

বরং উক্ত পদ গ্রহণ করার পূর্বে তাদের কাছে পূর্ণরূপে প্রত্যক্ষভাবে এই কুফর এর উপরে শপথ করা প্রয়োজন। যেমন এটা সংসদ সদস্যদের জন্য হয়ে থাকে। যে ব্যক্তি দাবি করে যে নিশ্চয় ইউসূফ (আঃ) যিনি ছিলেন সত্যবাদী, সম্মানী, সম্মানীয় পুত্র, সম্মানী ব্যক্তির পৌত্র ঐরূপ করেছিলেন। অথচ আল্লাহ তায়ালা তাঁকে উক্ত কর্ম থেকে পবিত্র রেখেছেন।

তিনি তাঁর সম্পর্কে বলেছেনঃ

كَذَٰلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوءَ وَالْفَحْشَاءَ إِنَّهُ مِنْ عِبَادِنَا الْمُخْلَصِينَ

অর্থঃ তাকে মন্দ কর্ম ও অশ্লীলতা হতে বিরত রাখবার জন্যে এইভাবে নিদর্শন দেখিয়ে ছিলাম, সে তো ছিল আমার বিশুদ্ধচিত্ত বান্দাদের অন্তর্ভুক্ত। (সূরা ইউসূফঃ ২৪)

তবে সে ব্যক্তি মাখলূকাতের সবচেয়ে বড় কাফির এবং সবচেয়ে দুর্গন্ধময়। সে মিল্লাত হতে সম্পর্ক ছিন্ন করেছে এবং দ্বীন হতে বেরিয়ে গিয়েছে। বরং সে ঐ অভিশপ্ত ইবলীস এর থেকে অধিক নিকৃষ্ট যে কসম খাওয়ার সময় কিছু ব্যক্তিকে বাদ রেখেছিল।

আল্লাহ বলেন (সে বলেছিল)ঃ

قَالَ فَبِعِزَّتِكَ لَأُغْوِيَنَّهُمْ أَجْمَعِينَ ﴿٨٢﴾ إِلَّا عِبَادَكَ مِنْهُمُ الْمُخْلَصِينَ ﴿٨٣﴾

অর্থঃ (৮২) না, সে বলল আপনার ইয্‌যতের কসম, আমি অবশ্যই তাদের সবাইকে বিপথগামী করে দেব। (৮৩) তবে তাদের মধ্যে যারা আপনার খাঁটি বান্দা, তাদেরকে ছাড়া। (সূরা ছোয়াদঃ ৮২, ৮৩)

কালামুল্লাহর অকাট্য প্রমাণ দ্বারা জানা যাচ্ছে নিশ্চয় ইউসূফ (আঃ) আল্লাহর খাঁটি বান্দা ছিলেন বরং তিনি তাদের নেতাদের একজন ছিলেন।

২. নিশ্চয় এ রাষ্ট্রগুলোর ছত্রছায়ায় মন্ত্রিত্বের পদ গ্রহণকারী ব্যক্তি সংসদীয় শপথ বাক্য পাঠ করবে অথবা করবে না। তার জন্য আবশ্যক যে, সে মানবরচিত কুফরী আইন এর কাছে অনুগত হবে এবং এটা হতে বের হয়ে যাবে না কিংবা এর বিপরীত করবে না। তখন সে নিশ্চিত তার দাসে পরিণত হবে এবং সত্য, মিথ্যা অপকর্ম যুলম ও কুফরী করার ক্ষেত্রে উক্ত আইন প্রণয়নকারীদের অনুগত সেবকে পরিণত হবে।

সত্যবাদী ইউসূফ (আঃ) কি অনুরূপ ছিলেন? অতএব জাতীয় কুফরী পদের অনুমোদনের জন্য তাঁর কর্মকে প্রমান স্বরূপ পেশ করা সঠিক হবে কি? নিশ্চয় যে কেউ আল্লাহর নাবী, আল্লাহর নাবীর পুত্র, আল্লাহর নাবীর পৌত্র, আল্লাহর বন্ধুর বংশধর এর সম্পর্কে এমন অপবাদ আরোপ করবে তবে আমরা অবশ্যই বিশ্বাস করব সে কাফির নাস্তিক ও ইসলাম হতে বহিস্কৃত।

কেননা আল্লাহ তায়ালা বলেছেনঃ

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَّسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ

অর্থঃ প্রত্যেক জাতির কাছে আমি রসূল পাঠিয়েছিলাম এমর্মে যে, তোমরা আল্লাহর ইবাদত কর এবং ত্বগুত হতে দূরে থাক। (সূরা নাহলঃ ৩৬)

এটাই ছিল ইউসূফ (আঃ) এবং সকল রসূলদের মূলনীতি ও বড় স্বার্থ।

অতএব এটা কি আদৌ সম্ভব যে তিনি মানুষকে আল্লাহর হুকুমের দিকে ডেকেছেন সুখের ও দুঃখের সময়ে, দুর্বল ও ক্ষমতাশালী অবস্থায়; অতঃপর

তিনি এর বিরোধিতা করে মুশরিক হয়ে গেলেন। অথচ আল্লাহ তাঁর প্রশংসা করেছেন তিনি একনিষ্ঠ বান্দা ছিলেন?

কোন কোন মুফাস্সির উল্লেখ করেছেন যে আল্লাহ তায়ালার বাণীঃ

مَا كَانَ لِيَأْخُذَ أَخَاهُ فِي دِينِ الْمَلِكِ

অর্থঃ রাজার আইনে তার সহোদরকে সে আটক করতে পারতো না।

(সূরা ইউসূফঃ ৭৬)

অত্র আয়াত হচ্ছে একটি দলীল যে, ইউসূফ (আঃ) রাজার আইন ও নিয়ম কানূন প্রয়োগ করেননি এবং তাকে তা মানতে বা প্রয়োগ করতে বাধ্য করা হয়নি।

বর্তমানে ত্বাগুতের মন্ত্রিপরিষদ বা তাদের সংসদ কি ঐভাবে পরিচালিত যেভাবে ইউসূফ (আঃ) এর সময় পরিচালিত হত? একজন মন্ত্রী কি ঐভাবে দেশের প্রচলিত আইনের বিরোধী কাজ করতে স্বাধীন? যদি তা না হয়, তাহলে এতদুভয়ের মধ্যে কোন তুলনা চলে না।

৩. ইউসূফ (আঃ) মন্ত্রীসভায় অংশগ্রহণ করেছিলেন আল্লাহ্ আয্যা ও জাল্লা এর সাহায্যে।

মহান আল্লাহ বলেনঃ

وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ يَشَاءُ

অর্থঃ এই ভাবেই আমি ইউসূফকে সেই দেশে প্রতিষ্ঠিত করলাম।

(সূরা ইউসূফঃ ৫৬)

সুতরাং, এটাই হচ্ছে আল্লাহর দেয়া কর্তৃত্ব। কোন ব্যক্তি বা রাজার ক্ষমতা ছিল না তার ক্ষতি করার বা তাকে স্বীয় পদ হতে অপসারণ করা, যদিও তিনি রাজা এবং তার বিধান ও বিচার ব্যবস্থার বিরুদ্ধাচরণ করেছিলেন।

অতএব, ইউসূফ (আঃ) কে ক্ষমতা এবং কর্তৃত্ব দেয়ার সঙ্গে এইসব নিকৃষ্ট ও মন্দ লোকগুলোকে, যারা ত্বাগুত সরকারের বড় বড় পদে আসীন, কিভাবে তুলনা করা যায়?

৪. ইউসূফ (আঃ) রাজার কাছ থেকে সম্পূর্ণ কর্তৃত্ব নিয়েই মন্ত্রীপরিষদে অংশগ্রহণ করেছিলেন।

আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা বলেছেনঃ

فَلَمَّا كَلَّمَهُ قَالَ إِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ

অর্থঃ "অতঃপর রাজা যখন তাঁর সাথে কথা বলল, তখন সে বলল, নিশ্চয়ই তুমি আজ আমাদের নিকট বিশ্বস্ত হিসেবে মর্যাদার স্থান ভাল করেছে।" (সূরা ইউসূফঃ ৫৪)

অতএব তাঁকে কোন প্রকার শর্ত বা সীমাবদ্ধতা ছাড়াই মন্ত্রীপরিষদে কর্তৃত্ব করার জন্যে সম্পূর্ণ ক্ষমতা দেয়া হয়েছিল।

وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ يَشَاءُ

অর্থঃ এভাবেই ইউসূফকে আমি সে দেশে প্রতিষ্ঠিত করেছিলাম; তিনি সে দেশে যথা ইচ্ছা স্থান করে নিতে পারতেন। (সূরা ইউসূফঃ ৫৬)

সুতরাং তাঁর কোন প্রতিপক্ষ বা বিরোধী দল ছিল না, কেউ তাঁকে তাঁর কাজের জন্য প্রশ্ন করার ছিল না।

এখনকার ত্বগুতের মন্ত্রীদের কি এমন কোন কিছু আছে যা এক্ষেত্রে তুলনাযোগ্য? যদি মন্ত্রী এমন কিছু করেন যা রাষ্ট্রপ্রধান, রাজা বা রাজপুত্রের দ্বীন বা দেশের সংবিধানের বিরোধী, তাহলে তাকে মন্ত্রণালয় থেকে বরখাস্ত করা হবে। তাদের মতে মন্ত্রী হলেন রাষ্ট্রপ্রধান, রাজা বা রাজপুত্রের ইচ্ছা, তাদের নীতি বা প্রজাতান্ত্রের দাস এবং তাকে তা অবশ্যই মানতে হবে। সে কখনই রাষ্ট্রপ্রধান বা রাজার হুকুমকে বা সংবিধানকে অমান্য করতে বা এর অবাধ্য হতে পারবে না, যদিও তা আল্লাহর হুকুমের এবং তাঁর দ্বীনের (ইলামের) বিরোধী হয়। যে কেউ বর্তমান অবস্থাকে ইউসূফ (আঃ) এর অবস্থার মতই দাবী করবে, সে নিজের অপরিসীম ক্ষতি করবে। সে ব্যক্তি আল্লাহর কাছে একজন কাফির বলে বিবেচিত হবে এবং ইউসূফ (আঃ) কে আল্লাহ যে পরিশুদ্ধি করেছেন তাকে অবিশ্বাসী বলে বিবেচিত হবে।

যেহেতু বর্তমান অবস্থা ইউসূফ (আঃ) এর মত নয়, তাই এই দু'য়ের মধ্যে তুলনা করা উচিত নয়। সুতরাং ত্বাগুতদেরকে তাদের নির্বোধ কথাবার্তা এবং কুটতর্ক এখানেই ত্যাগ করতে হবে।

তৃতীয়তঃ এই মিথ্যা যুক্তিকে খন্ডন করার আরেকটি মারাত্নক অস্ত্র হচ্ছে, কোন কোন মুফাস্সিরীনের মতে সেই রাজা ইসলাম গ্রহণ করেছিলেন। ইবনে আব্বাস (রাঃ) এর ছাত্র মুজাহিদ (রহঃ) তা বর্ণনা করেছেন। সুতরাং এই প্রমাণই এ ঘটনাকে ব্যবহার করার সকল যুক্তিকে বাতিল করে দেয়।

আমরা আল্লাহতে ঈমান রাখি এবং বিশ্বাস করি যে, তাঁর কোন সৃষ্টির কথা অথবা ব্যাখা, যার কোন দলীল ও প্রমাণ নেই, তার চেয়ে আল্লাহর কিতাবের আক্ষরিক অর্থের আনুগত্য করা আরও বেশি যথার্থ। ইউসূফ (আঃ) সম্পর্কে আল্লাহ তাবারাকা ওয়া তায়ালা এর কথাই আমাদের জন্য সুদৃঢ় প্রমানঃ

وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ

অর্থঃ "সুতরাং এইভাবেই ইউসূফকে আমি সেই দেশে প্রতিষ্ঠিত করলাম।" (সূরা ইউসূফঃ ২১)

এটা সংক্ষিপ্ত। আল্লাহ তায়ালা স্বীয় গ্রন্থের অন্যত্র এই বিষয়ের বর্ণনা দিয়েছেন। তিনি মুমিনদের অবস্থা ব্যাখ্যা করেছেন, যখন তাদেরকে তিনি কোন ভূমিতে কর্তৃত্ব দেনঃ

الَّذِينَ إِن مَّكَّنَّاهُمْ فِي الْأَرْضِ أَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ وَأَمَرُوا بِالْمَعْرُوفِ وَنَهَوْا عَنِ الْمُنكَرِ ۗ وَلِلَّهِ عَاقِبَةُ الْأُمُورِ

অর্থঃ আমি তাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠা দান করলে তারা সালাত কায়েম করবে, যাকাত দিবে এবং সৎ কাজের আদেশ করবে ও অসৎ কার্য হতে নিষেধ করবে; সকল কর্মের পরিণাম আল্লাহর ইখতিয়ারে!

(সূরা হাজ্জঃ ৪১)

আমাদের এতে কোন সন্দেহ নেই যে, ইউসূফ (আঃ) তাদের মধ্যে একজন। শুধু তাই নয় তিনি তাদের মধ্যেও একজন মহান নেতা, যাদেরকে আল্লাহ পৃথিবীতে ক্ষমতা দিলে তারা সৎকাজের আদেশ করে এবং অসৎকাজের নিষেধ করে। যারাই ইসলাম সম্পর্কে জানে তাদের কারও কোন সন্দেহ নেই ইসলামের সর্বোৎকৃষ্ট বিষয় হল তাওহীদ (আল্লাহর একত্ববাদ), যা ছিল ইউসূফ (আঃ) এর দাওয়াতের মূল বাণী এবং সবচেয়ে নিকৃষ্ট কাজ হচ্ছে আল্লাহর সাথে অংশীদারীত্ব (শিরক) যেই ব্যাপারে ইউসূফ (আঃ) সতর্ক করেছিলেন, ঘৃণা করেছিলেন এবং অংশীদারীত্ববাদের মিথ্যা প্রভুদের ও দেবতাদের আঘাত করে ছিলেন। অবশ্যই সুনিশ্চিত নিদর্শন আছে যে, আল্লাহ তায়ালা যখন ইউসূফ (আঃ) কে ক্ষমতা দান করেছিলেন, তিনি তাঁর পিতৃপুরুষ, ইয়াকুব (আঃ) ও ইব্রাহীম (আঃ) এর দ্বীনের অনুসরণ করেছিলেন এবং মানুষকে সেদিকে আহবান করেছিলেন এবং যারা এই

দাওয়াতের বিরুদ্ধাচরন করত বা অসম্মতি প্রকাশ করত তাদের প্রত্যেককেই আক্রমণ করেছিলেন। তিনি আল্লাহর শরীয়াহ্ পরিত্যাগ করেননি। তিনি আল্লাহর শরীয়াহ বা বিধান প্রতিষ্ঠিত না করার ক্ষেত্রে কাউকে সাহায্য করেননি। তিনি কোন বিধানদাতা যারা আল্লাহর আইন বিরোধী বিধান প্রতিষ্ঠা করে তাদের এবং ত্বাগুতদের সাহায্য করেননি। তিনি তাদের এরূপ সাহায্য করেননি যেরূপ বর্তমান সময়ের ক্ষমতার দাসে পরিণত হওয়া মানুষের করছে। তিনি এমন কোন শপথ গ্রহণ করেননি যা ছিল ইসলাম বিরোধী। তিনি তাদের সাথে আইন প্রনয়নে অংশগ্রহণ করেননি যেরূপ আজকের মোহগ্রস্থ লোকগুলো সংসদে করছে। তিনি তাদের আচার আচরণ এবং কর্মপন্থা অস্বীকার ও বর্জন করেছিলেন। তিনি তাদের খারাপ কাজগুলোকে পরিবর্তন করেছিলেন। তিনি আল্লাহর একত্ববাদের দিকে মানুষকে ডেকেছিলেন এবং তাদেরকে আক্রমণ করেছিলেন যারা এর বিরোধিতা করেছিল, যেমনটি আল্লাহ তায়ালা বলেছেন। যে কেউ এমন বিশ্বাসযোগ্য, সম্মানজনক, মহৎ ব্যক্তিদের সন্তানের নামে এমন কিছু বর্ণনা দেয় যা আল্লাহর দেয়া বর্ণনা থেকে ভিন্ন, তাহলে সে পবিত্র ইসলাম থেকে বের হয়ে একজন অপবিত্র কাফিরে পরিণত হবে।

এ ব্যাপারে অপর এবটি দলিল হচ্ছে আল্লাহর এই কথার ব্যাখ্যাঃ

অর্থঃ রাজা (যখন এই ব্যাপারটি শুনল সে) বলল, ইউসূফকে আমার নিকট নিয়ে আসো। আমি তাকে আমার একান্ত সহচর নিযুক্ত করব; যখন সে (রাজা) তাঁর (ইউসূফ (আঃ) সাথে কথা বলল, সে বলল, নিশ্চয়ই আজ তুমি আমাদের নিকট বিশ্বস্ত হিসাবে মর্যাদার স্থান লাভ করেছে। (সূরা ইউসূফঃ ৫৪)

কেউ কি চিন্তা করতে পারে রাজার সাথে ইউসূফ (আঃ) কি বিষয়ে কথা বলেছিলেন; তিনি কি রাজাকে তার ভালবাসার জন্যে তাকে ক্ষমতা দেয়ার জন্যে; তাকে বিশ্বাস করার এবং তার প্রতি আস্থা রাখার ব্যাপারে কথা বলেছিলেন?

তিনি কি মন্ত্রী আল আযীয এর স্ত্রীর ঘটনার ব্যাপারে কথা বলেছিলেন, যে ঘটনার সমাপ্তি হয়েছিল সকলের কাছে সত্য প্রকাশিত হওয়ার মাধ্যমে? অথবা তিনি কি জাতীয় ঐক্য এবং অর্থনৈতিক সমস্যা নিয়ে কথা বলেছিলেন!! না অন্য কোন ব্যাপার নিয়ে???

কেউই এমন দাবী করতে পারবে না যে তার অদৃশ্যে জ্ঞান আছে অথবা কেউ প্রমাণ ছাড়া কথা বলতে পারেনা। যদি সে তা করে, সে একজন মিথ্যাবাদী হয়ে যাবে। কিন্তু এই- আয়াত "যখন সে তাঁর সাথে কথা বলেছিল"– এর স্পষ্ট ব্যাখ্যা নিম্নের আয়াতে বর্ণিত হয়েছে,

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَّسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ

অর্থঃ প্রত্যেক জাতির কাছে আমি রসূল প্রেরণ করেছিলাম এমর্মে যে, তোমরা আল্লাহর এবাদাত কর এবং তৃগুত হতে দূরে থাক। (সূরা নাহলঃ ৩৬)

এবং আল্লাহ তায়ালা বলেন,

وَلَقَدْ أُوحِيَ إِلَيْكَ وَإِلَى الَّذِينَ مِن قَبْلِكَ لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ

অর্থঃ আপনার প্রতি ও আপনার পূর্ববর্তীদের প্রতি অবশ্যই এই প্রত্যাদেশ হয়েছে যে, আপনি আল্লাহর সাথে শরীক স্থির করলে আপনার সমস্ত আমল নিস্ফল হয়ে যাবে এবং অবশ্যই আপনি ক্ষতিগ্রস্তদের অর্ন্তভুক্ত হবেন। (সূরা যুমারঃ ৬৫)

এবং তাঁর (তায়ালা) কথার মাধ্যমে ইউসূফ (আঃ)-এর দাওয়াত সংক্রান্ত গুরুত্বপূর্ণ কাজের বর্ণনা পাওয়া যায়ঃ

إِنِّي تَرَكْتُ مِلَّةَ قَوْمٍ لَّا يُؤْمِنُونَ بِاللَّهِ وَهُم بِالْآخِرَةِ هُمْ كَافِرُونَ﴿٣٧﴾وَاتَّبَعْتُ مِلَّةَ آبَائِي إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ ۚ مَا كَانَ لَنَا أَن نُّشْرِكَ بِاللَّهِ مِن شَيْءٍ﴿٣٨﴾

অর্থঃ (৩৭) যে সম্প্রদায় আল্লাহকে বিশ্যাস করেনা এবং আখিরাতে অবিশ্বাসী আমি তাদের মতবাদ বর্জন করেছি। (৩৮) আমি আমার পিতৃপুরুষ ইব্রাহীম, ইস্হাক এবং ইয়াকুবের মতবাদ অনুসরণ করি, কোন বস্তুকে আল্লাহর সাথে শরীক করা আমাদের কাজ নয়। (সূরা ইউসুফ ৩৭, ৩৮)

এবং আল্লাহ তায়ালার তাঁর সম্পর্কে বক্তব্যঃ

يَا صَاحِبَيِ السِّجْنِ أَأَرْبَابٌ مُّتَفَرِّقُونَ خَيْرٌ أَمِ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ﴿٣٩﴾مَا تَعْبُدُونَ مِن دُونِهِ إِلَّا أَسْمَاءً سَمَّيْتُمُوهَا أَنتُمْ وَآبَاؤُكُم مَّا أَنزَلَ اللَّهُ بِهَا مِن سُلْطَانٍ ۚ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ﴿٤٠﴾

অর্থঃ (৩৯) ভিন্ন ভিন্ন বহু প্রতিপালক শ্রেয়, না পরাক্রমশালী এক আল্লাহ? (৪০) তাঁকে ছেড়ে তোমরা শুধু কতগুলি নামের ইবাদাত করছো, যেই নাম তোমাদের পিতৃপুরুষ ও তোমরা রেখেছো। এইগুলির কোন প্রমাণ আল্লাহ পাঠান নাই, বিধাণ দেয়ার অধিকার শুধু আল্লাহরই, তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা শুধুমাত্র তাঁরই ইবাদাত করবে, আর কারো ইবাদাত করবে না, এটাই সরল সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ মানুষ এটা অবগত নয়। (সূরা ইউসুফঃ ৩৯, ৪০)

অতএব এতে কোন সন্দেহ নেই যে, এটাই ইউসুফ (আঃ)-এর মহান বক্তব্য। এটি তাঁর মহা মুল্যবান দ্বীন (জীবন ব্যবস্থা) এবং এটাই তাঁর দাওয়াতের, তার দ্বীন ও তাঁর পিতৃপুরুষদের দ্বীনের ভিত্তি। অতএব যখন তিনি কোন সৎ কাজের আদেশ করেছিলেন, তাহলে এটিই বড় সৎকাজ যা তিনি সম্পাদন করেছিলেন এবং যদি তিনি কোন অসৎ কাজের নিষেধ করে থাকেন, তাহলে তাঁর মধ্যে শির্কের চেয়েও অধিক কোন খারাবি হতে পারে না, যা তা এই মূলনীতির বিরোধিতা-(তাওহীদের) করে থাকে। সুতরাং যখন এটা সত্য বলে গৃহীত হবে এর তাঁর প্রতি রাজার উত্তর হচ্ছেঃ

إِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ

অর্থঃ "নিশ্চয়ই আজ তুমি আমাদের নিকট বিশ্বস্থ হিসাবে মর্যাদার স্থান লাভ করেছ।" (সূরা ইউসুফঃ ৫৪)

তাহলে এটা স্পষ্ট প্রমান যে, রাজা তার অনুসরণ করেছিল, তাঁর সাথে এক মতও হয়েছিল, শির্কী মিল্লাত (জীবন ব্যবস্থা) পারিত্যাগ করেছিল এবং ইব্রাহীম, ইসহাক, ইয়াকুব ও ইউসুফ (আঃ)-এর মীল্লাত (দ্বীন)-এর অনুসরণ করেছিল।

ধরে নেই যে, অন্তত রাজা ইউসুফ (আঃ) ও তাঁর পিতার তাওহীদ ও দ্বীন যে সঠিক সে ব্যাপারে ঐক্যমত পোষণ করেছিল। সে তাঁকে বলার স্বাধীনতা, তাঁর দ্বীনের দিকে আহ্বান করার অনুমতি এবং যারা এর বিরোধী তাদের আক্রমণ করার অনুমতি দিয়েছিল। এবং রাজা তাঁকে কোন বাধা দেয়নি এই কাজগুলো করার জন্য, না তাঁকে তাঁর দ্বীনের বিপরীত কোন কিছু করার জন্য আদেশ করেছিল। তাহলে ইউসুফ (আঃ) এর অবস্থা ও আজকে যারা তৃগুতের প্রতি মোহগ্রস্থ হয়ে আছে, আর যারা তাদের সাহায্য করে

সংসদে আইন প্রণয়নে অংশ গ্রহণের মাধ্যমে, তাদের অবস্থার মধ্যে বিশাল পার্থক্য রয়েছে।

চতুর্থতঃ যদি আপনি উপরোক্ত সব কিছু জানেন, তাহলে আপনি নিশ্চিত যে, ইউসুফ (আঃ)-এর মন্ত্রনালয়ে অংশগ্রহণ একত্ববাদের সাথে সাংঘর্ষিক ছিল না এবং ইব্রাহীম (আঃ)-এর দ্বীনের সাথেও সাংঘর্ষিক ছিল না। কিন্তু বর্তমান সময়ের ত্বগুতের মন্ত্রনালয়ে অংশ গ্রহণ তাওহীদের সাথে সাংঘর্ষিক।

ধরে নেই, রাজা ইসলাম গ্রহণ করেনি এবং কাফেরই ছিল। তারপরও ইউসুফ (আঃ)-এর শাসনভার গ্রহণ করা একটা ছোট বিষয়, এটা প্রধান বিষয় হতে পারেনা, কারণ এটা হয়তোবা দ্বীনের উদ্দেশ্যের সাথে সাংঘর্ষিক ছিল না। কারণ ইউসুফ (আঃ) কোন প্রকার কুফরী বা শিরক করেনি। তিনি কাফেরদের অনুসরণ করেননি অথবা আল্লাহ ছাড়া অন্য কারও বিধান মেনে নেননি। তিনি মানুষকে তাওহীদের দিকে ডেকেছিলেন।

শরীয়াতের ক্ষেত্রে মহান আল্লাহ বলেনঃ

لِكُلٍّ جَعَلْنَا مِنكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا

অর্থঃ "আমি তোমাদের প্রত্যেক (সম্প্রদায়)-এর জন্য নির্দিষ্ট শরীয়াত এবং নির্দিষ্ট পন্থা নির্ধারণ করেছিলাম। (সূরা মায়িদহঃ ৪৮)

এমনকি নবীদের শরীয়াহ শাখাগতভাবে ভিন্ন ভিন হতে পারে কিন্তু তারা সবাই তাওহীদের ক্ষেত্রে এক। রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ আমরা সব নবীর দল পরস্পরের বৈমাত্রেয় ভাই। আমাদের সবারই দ্বীন এক। (বুখারী)

তিনি বুঝিয়েছেন যে, তাদের সকলেই তাওহীদের ক্ষেত্রে এক ছিলেন এবং দ্বীনের বিভিন্ন বিষয়ে এবং শরীয়াহ-এর ক্ষেত্রে ভিন্নতা ছিল। সুতরাং কোন একটি জিনিস আমাদের পূর্বের কোন শরীয়াহ অনুসারে হারাম হতে পারে কিন্তু আমাদের শরীয়ায় তা হালাল হতে পারে। যেমন গণীমতের মাল। অথবা বিপরীতটাও সত্য হতে পারে; অথবা তা পূর্ব জাতিদের জন্য কঠিন ছিল অতঃপর তা আমাদের জন্য সহজ করা হয়েছে। সুতরাং অতীতের সমস্ত আইনই আমাদের আইন নয়, বিশেষকরে যখন তা আমাদের শরীয়ার সাথে সাংঘর্ষিক (পরস্পরবিরোধী) হয়।

এরূপ একটি সাংঘর্ষিকতার নিদর্শনস্বরূপ বলা যায়, যা ইউসূফ (আঃ) এর জন্য বৈধ ছিল, তা আমাদের জন্য অবৈধ। ইবনে হিব্বান তা সহীহ্ গ্রন্থে

এবং আবূ ইয়ালা এবং আত-তাবারানীতে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ "শীঘ্রই নির্বোধ শাসকেরা তোমাদের কাছে আসবে। খারাপ লোকেরা হবে তার সঙ্গী এবং তারা সালাত বিলম্বে আদায় করবে। তোমাদের মধ্যে যারাই তা অনুধাবন করবে, তারা যেন তাদের উচ্চ পদে আসীন না হয় বা তাদের কর্মচারী না হয় অথবা তাদের সংগ্রকারী অথবা কোষাধক্ষ না হয়।"

এখানে যা বোঝানো হয়েছে তা হচ্ছে এই শাসক কাফের নয়, কিন্তু তারা হবে অসৎ চরিত্রের এবং নির্বোধ।

একজন সতর্ককারী সাধারণত সবচেয়ে বড় অন্যায় এবং গর্হিত কাজ সম্পর্কে সতর্ক করে। তাই যদি তারা কাফের হতো, তাহলে রসূলুল্লাহ (সাঃ) তা উল্লেখ করতেন। কিন্তু তাদের সবচেয়ে খারাপ কাজ যা রসূল (সাঃ) এখানে উল্লেখ করেছেন তা হচ্ছে তারা সবচেয়ে খারাপ লোকদেরকে বন্ধু বানাবে এবং সালাতে শৈথিলতা প্রকাশ করবে। এরই কারণে নবী মুহাম্মাদ (সাঃ) আমাদের কাউকে তাদের কোষাধক্ষ বা মন্ত্রি হতে অনুমতি দেননি। সুতরাং যদি আমাদের আইনে অত্যাচারি শাসকের কোষাধ্যক্ষ বা মন্ত্রী হিসেবে কাজ করা নিষিদ্ধ এবং অবৈধ হয়ে থাকে, তবে কিভাবে একজন কাফের রাজা এবং মুশরিক শাসকের মন্ত্রী হিসাবে কাজ করা বৈধ হবে?

قَالَ اجْعَلْنِي عَلَىٰ خَزَائِنِ الْأَرْضِ ۖ إِنِّي حَفِيظٌ عَلِيمٌ

অর্থঃ "আমাকে দেশের ধনভান্ডারের উপর কর্তৃত্ব প্রধান করুন, আমি তো উত্তম রক্ষক, সুবিজ্ঞ।" (সূরা ইউসুফঃ ৫৫)

এটা সত্য এবং সুনিশ্চিতভাবে প্রমাণিত যে, এটা পূর্ববর্তী লোকদের দ্বীনের সাথে সংশ্লিষ্ট এবং এটাকে আমাদের আইনে বাতিল করা হয়েছে এবং আল্লাহই ভাল জানেন। এটাই পর্যাপ্ত হওয়া উচিত তার জন্য যে হেদায়াত চায়, কিন্তু যে তার নিজের চিন্তা ভাবনা, মানুষের মাতামত এবং কথাকে দীলল এবং প্রমান থেকে বেশী প্রাধান্য দেয় সে সুনিশ্চিতভাবে হেদায়াত পাবেনা।

وَمَن يُرِدِ اللَّهُ فِتْنَتَهُ فَلَن تَمْلِكَ لَهُ مِنَ اللَّهِ شَيْئًا

অর্থঃ আল্লাহ যাকে পথভ্রষ্ট করতে চান, তার জন্যে আল্লাহর কাছে আপনি কিছু করতে পারবেন না। (সূরা মায়িদাহঃ ৪১)

পরিশেষে, এই অসার অমুলক যুক্তি শেষ করার পুর্বে আমরা কিছু মোহগ্রস্থ ব্যক্তিদের একটি বিষয় জানাতে চাই-যাদের শিরক ও কুফর প্রামাণিত হয় কুফরী মন্ত্রণালয়ে যোগদানের ব্যাপারে শাইখ- উল-ইসলাম ইবনে তাইমিয়ার উক্তিকে তাদের যুক্তি ও অযুহাতের সাথে গুলিয়ে ফেলেছে। এটা প্রকৃতপক্ষে মিথ্যার সাথে সত্যের সংমিশ্রণ।

এটা শাইখ-এর উপর অপবাদ এবং তার সম্পর্কে বক্তব্য দেয়া ছাড়া কিছুই নয়। তিনি এই ঘটনা উল্যেখ করে সংসদে অংশ গ্রহণ এবং কুফরী করার অথবা আল্লাহর বিধান প্রয়োগ না করার দলীল হিসাবে তা ব্যবহার করেননি। না, আমরা বিশ্বাস করি যে, এই মুসলিম শাইখ তাঁর দ্বীন এবং তাঁর অন্তর এই খারাপ দাবী থেকে মুক্ত, যা পরবর্তী কালের ভণ্ড লোকেরা ছাড়া আর কেউই তা দাবী করতে পারেনা। আমরা এটা বলছি কারণ কোন জ্ঞানবুদ্ধি সম্পন্ন মুসলমান এই ধরণের বক্তব্য দিতে পারেনা।

কাজেই শাইখের মতো একজন আলেম কিভাবে এটা বলতে পারেন, যদিও এ ব্যাপারে তাঁর বক্তব্য পরিষ্কার এবং পুরুপুরিভাবে আপোষহীণ। তার সমস্ত বক্তব্যের মূল লক্ষ ছিল দুটি কাজের মধ্যে জঘন্যতমটি প্রতিরোধ করা এবং দুটি পরস্পর বিরোধী বিষয়ের মধ্য থেকে যেটা উত্তম তা গ্রহণ করা। আপনি জানেন যে, দুনিয়াতে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে তাওহীদ এবং সবচেয়ে নিকৃষ্ট বিষয় হচ্ছে আল্লাহর সাথে অংশীদার স্থাপন করে আল্লাহর সাথে শরীক করা। বর্নিত আছে যে, ইউসুফ (আঃ) ন্যায় বিচার প্রতিষ্ঠায় এবং ভাল কাজে শ্রেষ্ঠ ছিলেন। তথা আল হিসবাহ অর্থাৎ বিভিন্ন কাজের উপর সম্পূর্ণ তত্ত্বাবধান করতেন।

(মাজমু আল-ফাতাওয়াঃ ২৮ তম খণ্ড ৬৮ পৃঃ)

ইউসুফ (আঃ) এর কাজের বর্ণনায় তিনি (ইবনে তাইমিয়া) বলেছেন, "তিনি ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং ভাল কাজে শ্রেষ্ঠ ছিলেন। তিনি তাদেরকে ইমানের দিকে ডেকেছেন যতটুকু তাঁর পক্ষে সম্ভব।"

তিনি আরো বলেছেন, "কিন্তু তাঁর পক্ষে যতটুকু সম্ভব তিনি ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং ভাল কাজ সম্পাদন করেছিলেন।"

(মাযমু আল ফাতওয়া ২০ তম খণ্ড ৫৬ পৃঃ)

নিঃসন্দেহে আল্লাহ উল্লেখ করেননি যে, ইউসুফ (আঃ) আল্লাহর পাশাপাশি বিধান দিয়েছিলেন বা আল্লাহর বিধান বাদ দিয়ে অন্য কোন বিধান

দ্বারা বিচারকার্য সম্পাদন করেছিলেন বা তিনি গণতন্ত্রের আথবা এমন দ্বীনের (জীবন ব্যাবস্থা) অনুসরণ করেছেন যা আল্লাহর দ্বীনের সাথে সাংঘর্ষিক। বর্তমানে মোহগ্রস্থ ব্যক্তিরা তার কথার সাথে তাদের কুৎসিত প্রমানের মিশ্রণ ঘটায় এবং সাধারণ মানুষদেরকে বিপথে নেয়ার জন্যে মিথ্যাযুক্তি দাঁড় করায়। তারা মিথ্যার সাথে সত্যকে এবং অন্ধকারের সাথে আলোর সংমিশ্রণ ঘটায়।

আমাদের মধ্যে মতবিরোধ হলে যে দিকে আমাদের ফিরে যেতে হবে তা হল, আল্লাহর বাণী এবং তার রসূল (সাঃ)-যিনি আমাদের নেতা ও পথ প্রদর্শক। আল্লাহর রসূল (সাঃ) এর কথার পর অন্য কারো কথা গ্রহণ করা হতে পারে, নাও পারে। একারণেই যদি এই কথা শাইখুল ইসলাম ইব্নে তাইমিয়ারও হয় তারা যেরূপ দাবী করেছে যা তার চেয়েও বড় কোন আলেমরও হয় আমরা তা গ্রহণ করব না যতক্ষণ না তারা প্রমাণ দিতে পারে।

যেরূপ আল্লাহ তায়ালা বলেছেনঃ قُلْ إِنَّمَا أُنذِرُكُم بِالْوَحْيِ

অর্থঃ "বলুনঃ আমি তো কেবল ওয়াহীর মাধ্যমেই তোমাদেরকে সতর্ক করি।" (সূরা আম্বিয়াঃ ৪৫)

قُلْ هَاتُوا بُرْهَانَكُمْ إِن كُنتُمْ صَادِقِينَ

অর্থঃ "বলঃ যদি তোমরা সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।" (সূরা বাকারাঃ ১১১)

কাজেই নিজের তাওহীদকে শক্ত হাতে ধরে রাখুন। শিরকের অনুসারীদের এবং তাওহীদের শত্রুদের বিপথগামী মিথ্যা প্রচারণার দিকে মনোনিবেশ করবেন না। আল্লাহর দ্বীনের অনুসরণ করে এমন লোকের মত হয়ে যান, যেসব লোকদের বর্ণনা দিতে গিয়ে নবী (সাঃ) বলেছেনঃ

"তারা তাদের কোন ক্ষতি করতে পারবে না যারা তাদের বিরোধিতা করবে অথবা তাদেরকে ত্যাগ করবে, যতক্ষণ না আল্লাহর পরিবর্তে নির্ধারিত দিবস আসে, সে সময় পর্যন্ত তারা ঔ (সত্য) পথেই অটল থাকবে।"

((বুখারী ফতহুল বারী, ১৩শ খণ্ড, ৯৫ পৃঃ) (উত্তর প্রদান করেছেন ফযিলাতুশ শাইখ, আবু মুহাম্মাদ আল মাকদিসী, গণতন্ত্র একটি দ্বীন নামক গন্থে; ১২-১৭ পৃঃ))

পঞ্চম সংশয়ঃ

যদিও নাজ্জাসী আল্লাহর শরীআহ প্রয়োগ করেনি, তথাপি সে মুসলিম ছিল।

(উত্তর প্রদান করেছেন, ফাজিলাতুশ শাইখ আবু মুহাম্মাদ আল-মাকদিসী স্বীয় গ্রন্থ গণতন্ত্র একটি দ্বীন এর মধ্যে; ১৮-২০ পৃঃ)

রাজনৈতিক দলগুলো, হোক না তারা ক্ষমতাসীন শাসক গোষ্ঠী বা বিরোধী দল, নাজ্জাসীর ঘটনাকে ব্যবহার করে তাগুতের কার্যবলীকে বৈধ করার জন্য তারা বলেঃ "নাজ্জাসী ইসলাম গ্রহণের পর তার মৃত্যুর পূর্ব পর্যন্ত আল্লাহর বিধান প্রয়োগ করেননি এবং এরপর রসূল (সাঃ) তাকে আল্লাহর ন্যয়নিষ্ঠ দাস বলেছেন, তার জন্য জানাযার সালাত পড়েছিলেন এবং সাহাবীদের তাই করতে আদেশ করেছিলেন।

সফলতা আসে একমাত্র আল্লাহর পক্ষ থেকে, এই ব্যপারে আমাদের কথা হলঃ

প্রথমতঃ যারা এই প্রতারণামূলক যুক্তিটি দেখান, সর্ব প্রথম তাদেরকে যাচাই ও সঠিক দলীল দ্বারা প্রমাণ করতে হবে যে, নাজ্জাসী ইসলাম গ্রহণের পরও আল্লাহর দেয়া বিধান প্রয়োগ করেননি। আমি তাদের যুক্তিটি বিচার বিশ্লেষণ করার পর যা জানলাম তা হল অসত্য বিবৃতি ও ভিত্তিহীন আবিষ্কার যা কিনা সত্যিকারে বা যাচাই যোগ্য কোন দলীল দ্বারা প্রমাণিত নয়।

আল্লাহ বলেনঃ قُلْ هَاتُوا بُرْهَانَكُمْ إِن كُنتُمْ صَادِقِينَ

অর্থঃ "বল: যদি তোমরা সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।" (সূরা বাকারাঃ ১১১)

যদি এর স্বপক্ষে কোন প্রমাণ আনয়ণ করতে না পারে তবে তারা সত্যবাদী নয় এবং মিথ্যাবাদী।

দ্বিতীয়তঃ আমাদের মতে এবং যারা আমাদের বিরোধীতা করেন তাদেরও মতে এবিষয়টি সত্য যে নাজ্জাসী মারা গিয়েছিলেন ইসলামের হুকুম পরিপূর্ণ হওয়ার পূর্বে এবং তিনি এই আয়াত অবতীর্ণ হওয়ার আগেই ইন্তেকাল করেছিলেন।

الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا

অর্থঃ "আজ তোমাদের জন্য তোমাদের দ্বীন পূর্ণাঙ্গ করে দিলাম ও তোমাদের প্রতি আমার অনুগ্রহ সম্পূর্ণ করলাম এবং ইসলামকে তোমাদের দ্বীন হিসাবে মনোনীত করলাম। (সূরা মায়িদাঃ ৩)

এই আয়াতটি নাযিল হয়েছিল বিদায় হজ্জের সময়, কিন্তু নাজ্জাসী মারা গিয়েছিলেন তার বহু পূর্বে যেরূপ হাফিজ ইবনে কাসীর এবং অন্য আলেমগণ বর্ণনা করেছেন। (আল-বিদায়া ওয়ান নিহায়া ৩য় খণ্ড, ২২৭ পৃ ঃ)

সুতরাং সেই সময় তার জন্য কর্তব্য ছিল আল্লাহর বিধান যতটুকু জানা ততটুকু অনুযায়ী বিচার ফায়সালা করা; আনুগত্য করা এবং কার্য সম্পাদন করা। এই ক্ষেত্রে প্রধান বিষয় ছিল আল-কুরআনের বাণী মানুষের কাছে পৌছানো মহান আল্লাহ বলেনঃ

وَأُوحِيَ إِلَيَّ هَٰذَا الْقُرْآنُ لِأُنذِرَكُم بِهِ وَمَن بَلَغَ

অর্থঃ "এই কুরআন আমার নিকট প্রেরিত হয়েছে যেন তোমাদেরকে এবং যাদের নিকট এটা পৌছাবে তাদেরকে এর দ্বারা আমি সতর্ক করি।" (সূরা আনআমঃ ১৯)

সেই সময় যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা এ রকম ছিলনা যা আমরা আজকে দেখতে পাচ্ছি। কিছু হুকুম কারও কাছে পৌছাতে কয়েক বছর লেগে যেত এবং কোন কোন সময় এমন হতো যে, রসূল (সাঃ) এর কাছে না আসা পর্যন্ত কোন কোন হুকুম জানাও যেত না।

সুতরাং সেই সময় দ্বীন ছিল নতুন এবং আল কুরআন তখনও নাযিল হচ্ছিল। সেই কারনেই দ্বীন তখনও পরিপূর্ণ হয়নি। এই ব্যাপারটি পরিষ্কার হয়ে যায় বুখারী শরীফের বর্ণনা মতে; আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বলেনঃ "আমরা রসূল (সাঃ)- কে সলাতের মধ্যে সালাম দিতাম এবং তিনি তার উত্তর দিতেন। কিন্তু নাজ্জাসীর কাছ থেকে ফিরে আসার পর আমরা তাকে সালাম দিলাম কিন্তু সালামের উত্তর দিলেন না। তিনি বলেনঃ "সালাতের একটা উদ্দেশ্য আছে।"

যে সমস্ত সাহাবীরা ইথিওপিয়ায় ছিলেন, যা ছিল নাজ্জাসীর পাশে, রসূলুল্লাহ (সাঃ) এর হুকুমের অনুসরণ করে আসছিলেন কিন্তু এ সংবাদ পৌছেনি যে সালাতের মধ্যে কথা বলা এবং সালাম দেয়া নিষেধ হয়ে গিয়েছিল; যদিও সালাত একটি ফরজ হুকুম এবং রসূল (সাঃ) প্রতিদিন দিনে পাঁচবার করে সালাতের ইমামতি করেছিলেন। অতএব সকল ইবাদত আইন-

কানুন এবং হুদূদ (শাস্তি)-এর অবস্থা কিরূপ হবে যেগুলো সালাতের মত বার বার করা হয়নি ???

অতএব, আজ যারা শিরকী মতবাদে গণতন্ত্রে বিশ্বাস করেন তারা কী এমন দাবী করতে পারবেন যে তার কাছে কুরআন ও ইসলাম অথবা দ্বীন পৌছেনি? তারা কিভাবে তাদের এই অবস্থানকে নাজ্জাসীর ঐ অবস্থানের সঙ্গে তুলনা করবে যখন ইসলাম পরিপূর্ণ ছিলনা???

তৃতীয়তঃ এটা জানা কথা যে নাজ্জাসী আল্লাহর হুকমের যতটুকু যানতেন ততটুকু প্রয়োগ করতেন; আর যে কেউ এর বিপরীত কথা বলবে, তাকে প্রমাণ ছাড়া কিছুতেই বিশ্বাস করা যাবে না।

قُلْ هَاتُوا بُرْهَانَكُمْ إِن كُنتُمْ صَادِقِينَ

অর্থঃ "বল; যদি তোমরা সত্যবাদি হও তবে তোমাদের প্রমান পেশ কর।" (সূরা বাকারাঃ ১১১)

কারণ ইতিহাসের প্রমাণাদি আমাদেরকে জানিয়ে দেয় যে তিনি সেই সময় আল্লাহর আইন সম্পর্কে যতটুকু জানতেন ততটুকু প্রয়োগ করতেন।

১। সেই সময় তাকে আল্লাহর যে সব হুকুম মানতে হত তার একটি হলঃ "আল্লাহর একত্ববাদকে স্বীকার করা এবং মুহাম্মাদ (সাঃ)- কে আল্লাহর রসূল হিসাবে মান্য করা এবং ঈসা (আঃ) কে আল্লাহর দাস ও রসূল বলে বিশ্বাস করা। তিনি তা করেছিলেন কিন্তু আপনি কি তা দেখতে পান তাদের প্রমাণে? নাজ্জাসীর যে চিঠিটি তিনি রসূল (সাঃ) কে দিয়েছিলেন তা তারা প্রমাণ হিসাবে ব্যবহার করে থাকে।

ওমর সুলাইমান আল আসকার তার পুস্তিকা "হুরুমুল মুশারাকাহ্ ফিল ওয়াযারাহ ওয়াল মাজালিসিন নিয়ারিয়াহ" ৭১ পৃষ্টায় তা উল্লেখ করেছেন। (এটি) যাদুল মায়াদ গ্রন্থে ৩য় খণ্ডে ৬০পৃষ্টাঃ বর্ণিত আছে।

২। তাঁর রসূল (সাঃ) এর প্রতি আনুগত্য প্রকাশ এবং হিজরাত করার জন্য অঙ্গিকার: পূর্বের চিঠিতে সেই বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে, নাজ্জাসী বলেছিলেনঃ "আমি রসূলের প্রতি আনুগত্যের অঙ্গিকার করছি" এবং তার ছেলে জাফর (রাঃ) এবং তার সঙ্গিদের কাছে আনুগত্যের অঙ্গীকার করেছিলেন এবং তিনি জাফর (রাঃ) এর সাহায্যে ইসলাম গ্রহণ করেছিলেন।

এই চিঠিতে উল্লেখ ছিল যে নাজ্জাসী তার ছেলে আরিহা ইবনে আসহাম ইবনে আবজারকে রাসূল (সাঃ) এর নিকট প্রেরণ করেছিলেন। এতে আরো উল্লেখ ছিল যে, "ও আল্লাহর রসূল (সাঃ) যদি আপনি চান আমি আপনার কাছে চলে আসি, আমি অবশ্যই তা করব, কারণ আমি সাক্ষ্য দিচ্ছি যে আপনার কথা সত্য।" তারপরই তিনি মারা যান, অথবা রসূল (সাঃ) সেই সময় চাচ্ছিলেন না যে তিনি তা করুক। এই সমস্ত ব্যপারগুলো পরিষ্কার নয় এবং এই ঘটনার কোন সঠিক প্রমান নেই। সুতরাং এই ধরনের কোন রায় এবং একে একটি দলীল হিসাবে ব্যবহার করা গ্রহণযোগ্য নয়। অধিকন্তু, তা তাওহীদ ও ইসলামের মূলনীতির বিরোধী হয়ে যাবে।

৩। রসূল (সাঃ) ও তার দ্বীনকে সাহায্য করা এবং তাঁর আনুগত্য করাঃ নাজ্জাসীর কাছে যারা হিজরত করে গিয়েছিলেন, তিনি তাদের সাহায্য করেছিলেন। এবং তাদেরকে মেহমান হিসেবে গ্রহণ করেছিলেন। তিনি তাদের নিরাপত্তা দিয়েছিলেন। তিনি তাদেরকে পরিত্যাগ করেননি। তিনি তাদেরকে কুরাইশদের হাতেও তুলে দেননি। তিনি ইথোপিয়ান খ্রীষ্টানদের তাদের ক্ষতি করতে দেননি, যদিও ঈসা (আঃ) সম্পর্কে তাদের আকীদাহ সঠিক ছিল।

আরও একটি চিঠি ছিল যা নাজ্জাসী রাসূল (সাঃ) কে প্রেরণ করেছিলেন (ওমর আল-আসকার এই চিঠিটির কথাও উক্ত পুস্তিকাতে উল্লেখ করেছেন) যাতে উল্লেখ ছিল যে, তিনি তার ছেলেকে ৬০ জন ইথোপিয়ান লোক সহ রাসূল (সাঃ) এর কাছে প্রেরণ করেছিলেন-তাঁকে সাহায্য, তাঁর আনুগত্য এবং তাঁর সঙ্গে কাজ করার জন্যে।

তথাপিও ওমর আল-আসকার সহসা তার উক্ত পুস্তিকাতে বলে যে, নাজ্জাসী আল্লাহর দেয়া বিধান প্রয়োগ করেননি, যা কিনা একটি মিথ্যা এবং একজন মুওয়াহীদের উপর মিথ্যা অপবাদ দেয়া। কিন্তু সত্য হচ্ছে যে, সেই সময় তিনি যতটুকু আল্লাহর হুকুম জেনেছিলেন ততটুকু প্রয়োগ করেছিলেন। এবং যে এটা ছাড়া অন্য কিছু বলবেন, আমরা তা কখনও বিশ্বাস করব না যতক্ষণ পর্যন্ত তিনি সুনিশ্চিত দলীল দিতে পারেন। অন্যথায় সে মিথ্যাবাদী হয়ে যাবেঃ "বল, যদি তোমরা সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।"

তিনি (উমর আল-আসকার) তার দাবীর পক্ষে কোন সুনিশ্চিত দলীল দেননি। কিন্তু তিনি তার প্রমাণের জন্যে কিছু ইতিহাস গ্রন্থের অনুসরণ

করেছেন এবং আমরা সকলেই জানি এইসব ইতিহাস গ্রন্থের অবস্থা; আর তা নিঃসন্দেহে ঘোলাটে বা অনিশ্চিত তথ্য সম্বলিত।

চতুর্থতঃ নাজ্জাসীর অবস্থা এরূপ ছিল যে, তিনি যখন দেশের শাসক, তিনি কাফির ছিলেন এবং তারপর ইসলাম গ্রহণ করেন তার রাজত্ব চলাকালে। তিনি তার স্বাক্ষর রেখেছিলেন পরিপূর্ণভাবে রসূলুল্লাহ (সাঃ) এর হুকুমের আনুগত্যের মাধ্যমে, যার মধ্যে অন্তর্ভুক্ত ছিল তার পুত্রকে প্রেরণ করা, রসূলুল্লাহ (সাঃ) এর কাছে কিছু লোকবল প্রেরণ, এবং হিজরত করার জন্যে রসূল (সাঃ) এর কাছে অনুমতি চাওয়া। রসূলুল্লাহ (সাঃ) কে এবং তার দ্বীনকে সাহায্যে করার মধ্যে অন্তর্ভুক্ত হল তার অনুসারীদের সাহায্য করা। আপাত দৃষ্টিতে তিনি সব ত্যাগ করেছিলেন যা ছিল ইসলাম বিরোধী। তিনি সত্যকে জানার এবং দ্বীনকে শেখার চেষ্টা করেছিলেন মৃত্যু পর্যন্ত। যা ঘটেছিল দ্বীনের বিধান পরিপূর্ণ হওয়ার পূর্বে এবং তার কাছে পরিপূর্ণরূপে পৌঁছানোর পূর্বে। এই ব্যপারটি রসূল (সাঃ) এর বাণী থেকে এবং এ সম্পর্কিত সঠিক বর্ণনা থেকে প্রমাণিত। যারা এ ব্যাপারে একমত নন তাদের প্রত্যেককে আমরা চ্যালেঞ্জ জানাচ্ছি, তাঁরা যা বলে তা প্রমাণ করার জন্যে সঠিক দলিল দিন। কারণ শুধুমাত্র ইতিহাস গ্রন্থ কোন দলিল হতে পারে না।

যে পরিস্থিতির সঙ্গে তারা বর্তমান পরিস্থিতিকে তুলনা করেছেন তা সম্পূর্ণ ভুল এবং ভিন্ন। এটা হচ্ছে এমন একদল লোকের ব্যাখ্যা, যারা নিজেদেরকে মুসলিম বলে দাবি করে, আর তারা ত্যাগ করছে না যা ইসলামের বিপরীত বা ইসলামের সাথে সাংঘর্ষিক। তারা ইসলামের উপর আছে বলে দাবী করছে, অথচ একই সময়ে তারা ধরে রেখেছে যা ইসলামের বিপরীত এবং এটা নিয়ে তারা গর্ববোধ করছে।

